
দাম : ৫ টাকা

# কর্মসংস্থান

https://www.facebook.com/karmasangsthaan

Vol. 39 ■ Issue No. 7 ■ 14th February, 2026 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88




## পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক ৫,১৩৮ অ্যাপ্রেন্টিস নিচ্ছে

**গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য**

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক অ্যাপ্রেন্টিস হিসাবে ৫,১৩৮ জন ছেলেমেয়ে নিচ্ছে। যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-১-২০২৬'এর হিসাবে ২০ থেকে ২৮ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৯৮ থেকে ১-১-২০০৬'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রাক্তন সমরকর্মী ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। ১ বছরের ট্রেনিং। তখন স্টাইপেন্ড মাসে রুরাল / সেমি আরবান / আরবান এলাকার বেলায় ১২,৩০০ টাকা আর মেট্রো এলাকার বেলায় ১৫,০০০ টাকা।

যে রাজ্যের শূন্যপদের জন্য দরখাস্ত করবেন সেই রাজ্যের স্থানীয় ভাষায় পড়তে, লিখতে ও বলতে পারা দরকার। কোন রাজ্যে ক'টি সীট আছে : শূন্যপদ : পশ্চিমবঙ্গের বর্ধমান সার্কেলে ৩০টি (জেনাঃ ১২, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৭, ই.ডব্লু.এস. ২)। এর মধ্যে প্রতিবন্ধী ২টি। দুর্গাপুর সার্কেলে ২৮টি (জেনাঃ ১২, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৬, ই.ডব্লু.এস. ৩)।

☞ এরপর ১০ পাতায়

## রাজ্য বিদ্যুৎ সংস্থায় ১৩৮ অ্যাপ্রেন্টিস

**আই.টি.আই, ডিপ্লোমা ও গ্র্যাজুয়েট**

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেক্ট্রিসিটি ট্রান্সমিশন কোম্পানি লিমিটেড 'গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল)', 'টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল)' ও 'টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (আই.টি.আই. ইন ওয়্যারম্যান / ইলেক্ট্রিশিয়ান)' ট্রেডে অ্যাপ্রেন্টিস হিসাবে ১৩৮ জন লোক নিচ্ছে। কারা কোন ট্রেডে আবেদনের যোগ্য :

ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল)' শাখার জন্য যোগ্য। বয়স হতে হবে ন্যূনতম ২২ বছর। স্টাইপেন্ড মাসে ১০,৫০০ টাকা। শূন্যপদ : ১১টি (জেনাঃ ৬, ও.বি.সি. - এ ক্যাটেগরি ১, ও.বি.সি. - বি ক্যাটেগরি ১,

☞ এরপর ৩ পাতায়

### UPSC'র সিভিল সার্ভিসেস পরীক্ষার মাধ্যমে

## কেন্দ্রের সেরা সেরা পদে ৯৩৩ অফিসার

**নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি :** কেন্দ্রীয় ও রাজ্য সরকারের সেরা সেরা পদে চাকরির জন্য ইউনিয়ন পাব্লিক সার্ভিস কমিশনের '২০২৬ সালের সিভিল সার্ভিসেস পরীক্ষা'র মাধ্যমে ৯৩৩ জন ছেলেমেয়ে নেওয়া হচেছ। যে কোনো শাখার পাস বা, অনার্স গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। যাঁরা ডিগ্রি কোর্সের ফাইনাল পরীক্ষা দেবেন, তাঁরাও আবেদনের যোগ্য। কিন্তু 'মেন' পরীক্ষার দরখাস্ত করার সময় পাশের মার্কশীট বা, সার্টিফিকেটের প্রত্যয়িত নকল পাঠাতে হবে। বয়স হতে হবে ১-৮-২০২৬'এর হিসাবে ২১ থেকে ৩২ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-৮-১৯৯৪ থেকে ১-৮-২০০৫'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। সাধারণ প্রার্থীরা ৬ বার, ও.বি.সি.'রা ৯ বার ও তপশিলীরা যতবার খুশি এই পরীক্ষা দিতে পারেন। শূন্যপদ : ৯৩৩টি। এর মধ্যে প্রতিবন্ধীদের জন্য ৩৩টি পদ সংরক্ষিত।

☞ এরপর ১২ পাতায়

## সিল্ক বোর্ডে ২৮ সায়েন্টিস্ট

**নিজস্ব সংবাদদাতা, বেঙ্গালউরু :** কেন্দ্রীয় সরকারের বস্ত্র মন্ত্রকের অধীন সেন্ট্রাল সিল্ক বোর্ড 'সায়েন্টিস্ট - B' পদে ২৮ জন লোক নিচেছ। টেক্সটাইল টেকনোলজির ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮-২-২০২৬'র হিসাবে ৩৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড়

☞ এরপর ১২ পাতায়

### কলকাতার ৩৭টি কোম্পানিতে

## ৭,৫১২ হিউম্যান রিসোর্স এক্সিকিউটিভ

**শুরুতেই মাইনে মাসে ১২ থেকে ১৫ হাজার টাকা**

**সৈকত হালদার, সল্টলেক :** কলকাতার প্রথম সারির ৩৭টির বেশি কোম্পানি সামনের ৬ থেকে ৯ মাসের মধ্যে 'হিউম্যান রিসোর্স (HR) এক্সিকিউটিভ' পদে ৭,৫১২ জন ছেলেমেয়ে নেবে। বিখ্যাত বহুজাতিক সংস্থা টাটা কনসালটেন্সি

☞ এরপর ৪ পাতায়

### UPSC'র ফরেস্ট সার্ভিস পরীক্ষার মাধ্যমে

## কেন্দ্রে ৮০ ফরেস্ট অফিসার

**নিজস্ব প্রতিনিধি, নয়া দিল্লি :** কেন্দ্রীয় ও রাজ্য সরকারে ফরেস্ট বিভাগে সেরা চাকরির জন্য 'ফরেস্ট অফিসার' পদে ৮০ জন ছেলেমেয়ে নেওয়া হচেছ। নেওয়া হবে ইউনিয়ন পাব্লিক সার্ভিস কমিশনের ২০২৬ সালের ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিস পরীক্ষার মাধ্যমে।

বটানি, কেমিস্ট্রি, জিওলজি, অঙ্ক, ফিজিক্স, অ্যানিম্যাল হাজবেন্ড্রি অ্যান্ড ভেটেরিনারি সায়েন্স, স্ট্যাটিস্টিক্স ও জুলজি বিষয়ের মধ্যে যে কোনো একটি বিষয় নিয়ে ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। ফরেস্ট্রি, অ্যাগ্রিকালচারাল বা, ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েট ছেলেমেয়েরাও আবেদন করতে পারেন। ওইসব বিষয় নিয়ে এবছরের ডিগ্রি কোর্সের ফাইনাল

☞ এরপর ৩ পাতায়

## ব্যাঙ্ক অফ বরোদায় ১৭৭ ম্যানেজার

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** ব্যাঙ্ক অফ বরোদা 'অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার-এম.এস.এম.ই. সেলস' পদে ১৭৭ জনে লোক নিচ্ছে। যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। মার্কেটিং বা, ফিনান্সে এম.বি.এ. /পি.জি.ডি.এম. কোর্স পাশ হলে অগ্রাধিকার পাবেন। কোনো ব্যাঙ্ক, এন.বি.এফ.সি. বা, আর্থিক প্রতিষ্ঠানে অন্তত ২ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। এম.এস.এম.ই. লোন সংক্রান্ত কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাবেন। বয়স হতে হবে ১-২-২০২৬'এর হিসাবে ২২ থেকে ৩২ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে ব্যাঙ্কিং নিয়মানুযায়ী পাবেন। শূন্যপদ : ১৭৭টি (জেনাঃ ৬১, তঃজাঃ ২০, তঃউঃজাঃ ২০, ও.বি.সি. ৪৭, ই.ডব্লু.এস. ২৯)। এর মধ্যে অস্থি প্রতিবন্ধী ৩, দৃষ্টিহীন প্রতিবন্ধী ৩,

☞ এরপর ৫ পাতায়

## প্রাইমারির স্পেশাল এডুকেশন টিচার পদের 'টেট' ২২ ফেব্রুয়ারি

**রঞ্জিৎ ঘোষ, কলকাতা :** পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ রাজ্যের সরকার পোষিত প্রাথমিক স্কুলে বিশেষ চাহিদাসম্পন্ন ছেলেমেয়েদের পড়ানোর জন্য 'স্পেশাল এডুকেশন টিচার' হিসাবে ২,৩০৮ জন ছেলেমেয়ে নেওয়ার জন্য গত বছর সেপ্টেম্বরে যে দরখাস্ত জমা নিয়েছিল, তার 'টেট' হবে ২২ ফেব্রুয়ারি।

☞ এরপর ৫পাতায়

## সংস্কৃত বিশ্ববিদ্যালয়ে ২১ ক্লার্ক

**নিজস্ব সংবাদদাতা, নয়াদিল্লি :** দিল্লির সেন্ট্রাল সংস্কৃত ইউনিভার্সিটি 'লোয়ার ডিভিশন ক্লার্ক' পদে ২১ জন লোক নিচ্ছে। যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩৫টি শব্দ তোলার গতি থাকলে আবেদন করতে পারেন। কম্পিউটারে দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ২৮-১-২০২৬'এর হিসাবে ৩২ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ১৯,৯০০-৬৩,২০০ টাকা। শূন্যপদ : ২১টি। কোন জোনে ক'টি শূন্যপদ তা ওয়েবসাইটে পাবেন। এই পদের

☞ এরপর ৫ পাতায়

## সামনের ৬ মাসে ডিজিটাল মার্কেটিংয়ে ৬২,৩২২ চাকরি

**মাইনে শুরু মাসে ৩০,০০০ টাকা থেকে**

**উচ্চমাধ্যমিক ও গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য**

**প্রমা দাস, কলকাতা :** সম্প্রতি দেশের স্কিলড সেক্টরে আইটি প্রফেশনালস-এর কর্মসংস্থান নিয়ে, বিখ্যাত অডিট সংস্থা 'PWC'এর একটি অ্যানালিটিক্যাল রিপোর্টে দেখা গেছে, সামনের ৬ মাসে (জানুয়ারি - জুন, ২০২৬) দেশের প্রায় ৪,৩১৮টি সফটওয়্যার কোম্পানিতে প্রায় ৬২,৩২২ জন 'ডিজিটালি স্কিলড কর্মী'র নিয়োগ হবে — যাদের বেসিক যোগ্যতা উচ্চমাধ্যমিক বা

☞ এরপর ৫ পাতায়

গতবারের মতো এবারেও কমন পেতে হলে কিনুন

রেলের গ্রুপ 'ডি'

ও

স্কুল সার্ভিসের Gr.-C & Gr.-D

পদের পরীক্ষায় কৃতীদের তৈরি মডেল প্রশ্নোত্তর হোয়াটসঅ্যাপে পেতে ফোন করুন :

6291684943

সাফল্য সাফল্য
সাধারণ জ্ঞান

প্রতিটি মাত্র ৩০০/- টাকা

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্পলাইন
✆ : ৬২৯১৬৮৪৯৪৩
কাগজ না পেলে এই নম্বরে জানান
✆ : ৯৮৩০৬২৪১৭০
ই-মেল
karmsang@gmall.com

**স্কুল-কলেজ-শিক্ষা**

**NIOS রবীন্দ্র BOSSE**
মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, B.Sc, MA, D.Pharm-সহ যেকোনো ডিগ্রি করুন। শেওড়াফুলি - 7003156422.
R

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

**স্কুল-কলেজ-শিক্ষা**

কলেজ স্ট্রীটে নতুন এক চাকরির পরীক্ষার কোচিং-এ Math, Eng, G.I পড়ানোর জন্য ফোন করুন : 033-35548480, 3 ঘণ্টার ক্লাস-600/-
SH.

NSDC & BSS অনুমোদিত ফিজিওথেরাপি, Optometry, প্যাথোলজি (DMLT), X-RAY কোর্সে ভর্তি চলছে। CBMC 32, সূর্য সেন স্ট্রীট, কলি-9, (M)-7980637213
CM

**কর্মখালি**

**2026-এ New Vacancy**
Airport-এ কন্ট্রাক্টরের অধীনে প্রচুর M/F স্থায়ী নিয়োগ চলছে। যোগ্যতা : H.S.–স্নাতক ও উর্ধ্বে। বেতন : 22,900/-–67,900/-, বয়স : 18–40, থাকা ও খাওয়া সহ অন্যান্য সুবিধা। M : 8016337811
SA(A)

**দরখাস্ত পাঠানোর আগে ফর্ম-সহ যাবতীয় প্রমাণপত্রের এককপি জেরক্স নিজের কাছে রেখে দেবেন।**

**কর্মখালি**

**WBSEDCL (বিদ্যুৎ)**
কন্ট্রাক্টরের অধীনে প্রতি শহরে ও গ্রামে পঃবঙ্গের সব ক'টি জেলায় লোক নিয়োগ। ST/SC-দের বিশেষ অগ্রাধিকার। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন : (23000–48000) OT-সহ অন্যান্য সুবিধা। 9163375496
SP

শিক্ষাপ্রতিষ্ঠানে কাজের জন্য মহিলা রিসেপশনিস্ট ও Back Office স্টাফ চাই। কর্মস্থল : চিনার পার্ক, নিউটাউন। 8282833645 / 6290026631
R

**সরাসরি ৭ দিনে জয়েনিং**
গভঃ রেজি নং 254/01, বেতন : 17,900–39,500. উত্তরবঙ্গ-সহ 23 জেলায় ক্লার্ক, SV ইনচার্জ, ASV ম্যানেজার, পিওন, ব্যাঙ্ক (DSA) ATM, টাওয়ার গার্ড, EX-আর্মি গানম্যান, মেট্রো, এয়ারপোর্ট, বন্দরে, জাহাজে কন্ট্রাক্টরের অধীনে M/F 131 চাই, (আদিবাসীদের ছাড়) সমস্ত সুবিধা এবং নিজ জেলায় পোস্টিং। G.C.A বারাসাত, এজেন্ট স্বাগত। 9933527495 / 8013607954
SP

**কর্মখালি**

**আবাসিক শিক্ষক প্রয়োজন**
Sub : Math, PSc, LSc, Hist, Eng. Sal (8000-14000) AFM MISSION, Plassey, Nadia. Sent CV afmbhuruliya@gmail.com 9641304606 / 9382120015 / 8918425622 গেটম্যান- ২ জন প্রয়োজন।
SH

WBSEDCL – কন্ট্রাক্টরের অধীনে নিজের জেলায় আর্জেন্ট জব। স্যালারি : 28K–86K, মোট আসন : 3586, PF, ESI, বোনাস। M/F নিয়োগ। যোগ্যতা : 8th–স্নাতক। এক্স আর্মিদের বিশেষ সুবিধা। M : 9475744819
SA

**মেট্রোরেলে কন্ট্রাক্টরের অধীনে সরাসরি**
বিভিন্ন পদে M/F কর্মী নিয়োগ চলছে। যোগ্যতা : ৮ম-স্নাতক, বেতন : 18,200–63,500 + PF, ESI, OT, বোনাস থাকা ও যাতায়াত ফ্রী। Ex-আর্মিদের বিশেষ সুবিধা। M : 7550825532
SA

**কর্মসংস্থান**
শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ
✆:7890135514

**কর্মখালি**

**AXIS BANK (DSA)-তে**
প্রচুর M/F নিয়োগ। যোগ্যতা (SF-উর্ধ্বে), বেতন (22K–52K) + ইনসেনটিভ + TA, ST, SC-দের বিশেষ সুবিধা। বিশদ জানতে যোগাযোগ করুন : 9775765684
SP

**এয়ারপোর্ট জব**
শিক্ষাগত যোগ্যতানুযায়ী গ্রাউন্ডস্টাফ, চেকিং ডিপার্টমেন্ট, কার্গো ডিপার্টমেন্ট, টিকিট কাউন্টার-সহ বিভিন্ন স্থায়ী পদে M/F সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা : MP–স্নাতক ও উর্ধ্বে। বেতন : (21,700/-–69,900/-). যোগাযোগ M : 7450930964
SA(A)

**কর্মখালি**

**জরুরী-বিজ্ঞপ্তি**
কোলকাতা মেট্রোরেলে কন্ট্রাক্টরের অধীনে বিভিন্ন অফিসিয়াল পদে M/F সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা: HS –স্নাতক ও উর্ধ্বে। বেতন : (21,500/-–68,900/-)। যোগাযোগ M : 7890531327
SA(A)

**Post Office-এ কন্ট্রাক্টরের অধীনে আর্জেন্ট জব**
নিজের যোগ্যতা অনুযায়ী নিজের জেলায় নিয়োগ। M/F SL : 18–42K. PF, ESI, AC. সত্বর যোগাযোগ M : 8116901519
SA

## চাকরির জন্য টাকা দেবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকী কোনোরকমের রেজিস্ট্রেশন ফি-ও দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। সেজন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, **কর্মসংস্থান**

## বিশেষ বিজ্ঞপ্তি

'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেইদায়ী নয়। — সম্পাদক, **কর্মসংস্থান**

### ঠিকঠাক জায়গা থেকে প্রস্তুতি নিলে

# ৩ সপ্তাহের মধ্যে SSC Gr-C / D পরীক্ষা ক্র্যাক করা অবশ্যই সম্ভব


*টি. কে. মিত্র*

**শ্যামল দত্ত, কলকাতা :** আর ঠিক ৩ সপ্তাহ বাকি। তারপর সেই বহুকাঙ্খিত পরীক্ষা। শূন্যপদ ৮,৪৭৭। দরখাস্তকারীর সংখ্যা প্রায় ১৬ লাখ। পরীক্ষা নেওয়া হবে স্কুলের ক্লার্ক (গ্রুপ-সি) ও গ্রুপ-ডি পদের জন্য। প্রায় ১ দশক পর এই ২ পদে নিয়োগ হবে। তাই স্বভাবতই 'ডু অর ডাই' সিচুয়েশন। ফলে এই সুযোগ কিছুতেই ছাড়া যাবে না। চাকরি এবার পেতেই হবে। কিন্তু কীভাবে? এই বিপুল সংখ্যক চাকরি প্রার্থীর মধ্যে ঠিক কীভাবে প্রস্তুতি নিলে ওই ২ পদে সুনিশ্চিতভাবে চাকরি পাওয়া যাবে, তা জানতে আমরা যোগাযোগ করেছিলাম এখন রাজ্যের অন্যতম সেরা শিক্ষা প্রতিষ্ঠান CACES SUCCESS'এর সঙ্গে। প্রতিষ্ঠানের অ্যাকাডেমিক হেড শ্রী টি. কে. মিত্র জানালেন (১) দেখুন একটা কথা প্রথমেই স্পষ্টভাবে বলা দরকার। ৮,৪৭৭ শূন্যপদের জন্য ১৬ লাখ পরীক্ষার্থী। শূন্যপদ বাড়বে না — কিন্তু পরীক্ষার্থীর সংখ্যা দিনে দিনে বাড়বে। তাই ঠিকঠাক প্রস্তুতি নিতেই হবে। আমি এ'কথা গ্যারান্টি দিয়ে বলতে পারি, যদি ঠিকঠাক মত বৈজ্ঞানিক পদ্ধতিতে, একটু বুদ্ধি খরচ করে প্রস্তুতি নেওয়া যায় — তাহলে জয় সুনিশ্চিত। অর্থাৎ, বেকার জীবনের সমাপ্তি। (২) এখনকার বেশিরভাগ ছেলেমেয়েই ১ বছরের মধ্যে চাকরি পেতে চায়। কিন্তু প্রস্তুতি নিতে চায় না। এখানে একটি ব্যাপার পরিষ্কার করে বলা দরকার যে, চাকরি পেতে হলে সুনির্দিষ্ট ভাবে ঠিকঠাক প্রস্তুতির দরকার। নচেৎ কোনোভাবেই চাকরি পাওয়া যাবে না। (৩) পশ্চিমবঙ্গ কেন্দ্রীয় স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে রাজ্য সরকার পোষিত স্কুলে, সামনের কয়েক মাসে যে বিপুল সংখ্যক নিয়োগ হবে তা সত্যি। এই নিয়োগের ক্ষেত্রে প্রস্তুতি ঠিকঠাক নিতে হলে দরকার প্রিমিয়ার ফ্যাকাল্টির সঠিক গাইডেন্স। অর্থাৎ ওই ২ বিভাগে চাকরি পেয়েছে এমন আধিকারিক। এই ব্যাপারে আমাদের প্রতিষ্ঠান রাজ্যের মধ্যে অন্যতম সেরা। এখানে ফ্যাকাল্টি হিসাবে রয়েছে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের সেরা সেরা বিভাগের সম্প্রতি চাকরি পাওয়া অফিসারেরা। (৪) হাতে সময় মাত্র ১ মাস। তাই দরকার এক্সপার্ট গাইডেন্স। যাঁরা শুধুমাত্র এই পরীক্ষার ক্ষেত্রেই বিশেষজ্ঞ। (৫) সিলেবাস অনুযায়ী, বিগত বছরের পরীক্ষার প্রশ্নোত্তরের অ্যানালিসিস করে কাস্টমাইজড পদ্ধতিতে পরীক্ষা ভিত্তিক স্টাডি মেটেরিয়াল। (৬) এমন জায়গায় ভরতি হতে হবে যেখানে সেরা সেরা ছেলেমেয়েরা পড়ছে। অর্থাৎ এই ধরনের পরীক্ষায় ক্র্যাক করতে হলে দরকার সবচেয়ে কম সময়ে সবচেয়ে বেশি সঠিক প্রশ্নের উত্তর দেওয়া। তারজন্য চাই সেরা ছেলেমেয়েদের সাথে কম্পিটিশিন — যা আমাদের প্রতিষ্ঠানের অন্যতম ইউএসপি। (৭) সোশ্যাল মিডিয়ার মাধ্যমে কিভাবে চাকরি ওরিয়েন্টেড প্রস্তুতি নেওয়া যায় তারজন্য স্পেশালাইজড ক্লাস। সব শেষে একথা জোর দিয়ে বলছি, যদি এই ১ মাস আমার কথা মত একটু মন দিয়ে (অবশ্যই সব কিছু ভুলে) সবাই পড়াশুনা করেন — তাহলে আপনাকে ঠেকাবে কে। সব পরীক্ষার্থীকে শুভেচ্ছা জানাই। পরিকল্পনা মাফিক পরিশ্রম করে যাঁরা ১ মাসের মধ্যে মোটা মাইনের সুনিশ্চিত সরকারি চাকরি পেতে চাইছেন শুধুমাত্র তাঁরাই যোগাযোগ করুন : 9123325910 / 9062756906 অথবা চলে আসুন এই ঠিকানায় : ক্যাসেস্ এডুকেশন, 35, APC Road, শিয়ালদহ (জগৎ সিনেমার পাশে), কলি - 700 009.

**যাঁরা এখনও ভাবছেন, আপনার দ্বারা এই পরীক্ষা ক্র্যাক করা সম্ভব হবে কিনা — তাঁদের আমি দায়িত্ব নিয়ে বলছি — ঠিকঠাক প্রস্তুতি নিলে এবার আপনি চাকরি পাবেনই।**

## কেন্দ্রীয় বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা

পি.এম. শ্রী কেন্দ্রীয় বিদ্যালয় কাঁচরাপাড়া পোস্ট গ্র্যাজুয়েট টিচার, ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার, প্রাইমারি টিচার ও অন্যান্য বিষয়ের টিচার পদে সরাসরি ইন্টারভিউয়ের মাধ্যমে কিছু ছেলেমেয়ে নিচ্ছে। ইন্টারভিউ হবে ১৯ ও ২৪ ফেব্রুয়ারি। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : https://no1kanchrapara.kvs.ac.in

পি.এম. শ্রী কেন্দ্রীয় বিদ্যালয় নং ২ ইছাপুর পোস্ট গ্র্যাজুয়েট টিচার (ইংরিজি, হিন্দি, কেমিস্ট্রি, ফিজিক্স, অঙ্ক, বায়োলজি, ইতিহাস, ভূগোল, অর্থনীতি, কমার্স, কম্পিউটার সায়েন্স), ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (সায়েন্স, ইংরিজি, সংস্কৃত, সোশ্যাল সায়েন্স, অঙ্ক), প্রাইমারি টিচার ও অন্যান্য বিষয়ের টিচার পদে সরাসরি ইন্টারভিউয়ের মাধ্যমে কিছু ছেলেমেয়ে নিচ্ছে। ইন্টারভিউ হবে ১৬ ফেব্রুয়ারি। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : https://no2ishapore.kvs.ac.in

কেন্দ্রীয় বিদ্যালয় তারকেশ্বর পোস্ট গ্র্যাজুয়েট টিচার (ইংরিজি, হিন্দি, কেমিস্ট্রি, ফিজিক্স, অঙ্ক, বায়োলজি, কম্পিউটার সায়েন্স), ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (ইংরিজি, সংস্কৃত, সোশ্যাল সায়েন্স, অঙ্ক, কম্পিউটার ইন্সট্রাক্টর), প্রাইমারি টিচার ও অন্যান্য বিষয়ের টিচার পদে সরাসরি ইন্টারভিউয়ের মাধ্যমে কিছু ছেলেমেয়ে নিচ্ছে। ইন্টারভিউ হবে ১৬ ফেব্রুয়ারি। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : https://tarkeswar.kvs.ac.in/employment-notice

## ডাক্তারি পেশা ছেড়ে ডব্লু.বি.সি.এস. অফিসার হলেন বনগাঁর দেবজ্যোতি

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের ২০২৩ সালের ডব্লু.বি.সি.এস. 'গ্রপ-এ' পদে তৃতীয় হলেন বনগাঁর গোপালনগরের বাসিন্দা দেবজ্যোতি হালদার। ২০২১ সালে আর.জি.কর মেডিক্যাল কলেজ থেকে এম.বি.বি.এস. পাশ করে চিকিৎসক হিসাবে কাজ করতেন। প্রশাসনিক আধিকারিকদের কাজ দেখে উদ্বুদ্ধ হয়ে ডব্লু.বি.সি.এস. পরীক্ষার প্রস্তুতি শুরু করেন। ২০২৩ সালের ডব্লু.বি.সি.এস. পরীক্ষায় গ্রুপ-এ'তে চূড়ান্ত সফল হলেন। প্রসঙ্গত উল্লেখ্য, ২০২৩ সালের ডব্লু.বি.সি.এস. গ্রুপ-এ পদে সফল হয়েছেন ১১৫ জন প্রার্থী ও গ্রুপ-বি পদে সফল হয়েছেন ১৬ জন প্রার্থী। গ্রুপ-এ পদে শূন্যপদ আছে ১১৫টি ও গ্রুপ-বি পদে শূন্যপদ আছে ১৮টি।

## চাকরির পরীক্ষার খবরাখবর

### পশ্চিমবঙ্গ পুলিশের সাব-ইন্সপেক্টর পদের মেন পরীক্ষা

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** পশ্চিমবঙ্গ পুলিশের ২০২৪ সালের সাব-ইন্সপেক্টর পদের ফাইনাল কম্বাইন্ড পরীক্ষা হবে ২২ ফেব্রুয়ারি, রবিবার। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ১১ ফেব্রুয়ারি থেকে। এই ওয়েবসাইটে : https://prb.wb.gov.in মেন পরীক্ষায় থাকবে ডেসক্রিপ্টিভ টাইপের প্রশ্ন। ২০০ নম্বরের এই ৩টি পেপার থাকবে : (১) জেনারেল স্টাডিজ ও অ্যারিথমেটিক - ১০০ নম্বর (জেনারেল স্টাডিজ ৫০ নম্বর, লজিক্যাল অ্যান্ড অ্যানালিটিক্যাল রিজনিং -২৫ নম্বর, অ্যারিথমেটিক -২৫ নম্বর)। সময় ২ ঘন্টা। (২) ইংরিজি -৫০ নম্বর। সময় ১ ঘন্টা। (৩) বাংলা - ৫০ নম্বর। সময় ১ ঘন্টা। জেনারেল স্টাডিজ ও অ্যারিথমেটিক পেপারের প্রশ্ন হবে বাংলা, ইংরিজি ও নেপালী ভাষায়। সফল হলে ৩০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট।

### জীবনবিমা নিগমের অফিসার পদের মেনস পরীক্ষার ফল বেরোল

ভারতীয় জীবনবিমা নিগমের ২০২৫ সালের অ্যাসিস্ট্যান্ট অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার (জেনারেলিস্ট) পদের ৩২তম ব্যাচের মেনস (ফেজ-।।) পদের ফল বেরিয়েছে। সফলদের এরপর ইন্টারভিউ হবে। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.licindia.in

### রেলের এন.টি.পি.সি.'র টাইপিং টেস্ট ১৩ ফেব্রুয়ারি

রেলের বিজ্ঞপ্তি নং 6/2024'এর এন.টি.পি.সি. (আন্ডার গ্র্যাজুয়েট) পদের সি.বি.টি-২'এ সফলদের কম্পিউটার বেসড টাইপিং স্কিল টেস্ট হবে ১৩ ফেব্রুয়ারি। বিস্তারিত তথ্য পাবেন সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট থেকে।

### ওরিয়েন্টাল ইনসিওরেন্স-এর অফিসার পদের মেনস পরীক্ষা

দ্য ওরিয়েন্টাল ইনসিওরেন্স কোম্পানি লিমিটেডের ২০২৫ সালের অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার (জেনারেলিস্ট) স্কেল-। পদের ফেজ-।। (মেনস) পরীক্ষা হবে ২৮ ফেব্রুয়ারি। কল লেটার ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : https://orientalinsurance.org.in

## আবাসিক শিক্ষক, গেটম্যান নিয়োগ

নিজস্ব সংবাদদাতা, কালিগঞ্জ : নদীয়ার ভুরুলিয়ায় আল আমিন ফাউন্ডেশন মিশন উচ্চ বিদ্যালয়ে 'আবাসিক শিক্ষক' ও 'গেটম্যান' পদে বেশ কিছু প্রার্থী নেওয়া হচ্ছে। আবাসিক শিক্ষক পদের বেলায়, মূলত ইংরেজি, জীবনবিজ্ঞান, ভৌতবিজ্ঞান, গণিত ও ইতিহাস বিষয়ে নিয়োগ হবে। সংশ্লিষ্ট বিষয়ে বি.এ./ বি.এসসি পাশ করলে আবেদন করতে পারবেন। এরসঙ্গে বি.এড / ডি.এল.এড যোগ্যতা থাকলে ভালো হয়। মাইনে মাসে ৮,০০০/- থেকে ১৪,০০০/-টাকা (যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে)। এছাড়াও ২ জন গেট ম্যান নেওয়া হবে। সব পদের বেলায় বয়স ও স্যালারি হবে প্রতিষ্ঠানের নিয়ম অনুযায়ী। ইচ্ছুক প্রার্থীরা CV পাঠান এই ই-মেল আইডিতে : afmbhuruliya@gmail.com. বিশদে জানতে ফোন করুন এই নম্বরে : 9641304606 / 9382120015 / 8918425622.

## ৮০ ফরেস্ট অফিসার

১ পাতার পর

পরীক্ষার্থীরাও আবেদন করার যোগ্য। বয়স হতে হবে ১-৮-২০২৬'এর হিসাবে ২১ থেকে ৩২ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-৮-১৯৯৪ থেকে ১-৮-২০০৫'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। সাধারণ প্রার্থীরা ৬ বার, ও.বি.সি.'রা ৯ বার ও তপশিলীরা যতবার খুশি এই পরীক্ষা দিতে পারেন। শূন্যপদ : ৮০টি (জেনাঃ ৩৩, ইডব্লু.এস. ৮, ও.বি.সি. ২১, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ৬)। বিজ্ঞপ্তি নং : 06/2026-IFoSE, dated : 04.02.2026.

প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাব্লিক সার্ভিস কমিশন। ২০২৬ সালের ফরেস্ট সার্ভিসেস পরীক্ষার মাধ্যমে। প্রথমে হবে প্রিলিমিনারি পরীক্ষা, ২৪ মে। এইসব কেন্দ্রে : **কলকাতা, শিলিগুড়ি, কটক,** গ্যাংটক, রাঁচী, পটনা, দিসপুর (গুয়াহাটি), ত্রিপুরা, আগরতলা, আইজল, শিলঙ ও পোর্ট ব্লেয়ারে। প্রিলিমিনারি পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের মোট ৪০০ নম্বরের ২টি পেপারের পরীক্ষা হবে। প্রথম পেপারে থাকবে এইসব বিষয় : (১) জাতীয় ও আন্তর্জাতিক বিষয়ের ওপর সাম্প্রতিক ঘটনা, (২) ভারতীয় ইতিহাস ও ভারতের স্বাধীনতা সংগ্রাম, (৩) ভারতীয় ও বিশ্বের ভূগোল — শারীরিক, সামাজিক, অর্থনৈতিক ভূগোল, (৪) ভারতীয় রাষ্ট্রনীতি ও তাৎপর্য — সংবিধান, পলিটিক্যাল সিস্টেম, পঞ্চায়েতী রাজ, পাবলিক পলিসি, অধিকার ইত্যাদি, (৫) অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন — দীর্ঘস্থায়ী উন্নয়ন, দারিদ্র, অন্তর্ভুক্তিকরণ, প্রাকৃতিক বৈচিত্র্য, সামাজিক ক্ষেত্রে উদ্যোগ (৬) পরিবেশগত ভারসাম্য, আবহাওয়ার পরিবর্তন ও জীব বৈচিত্র্য বিষয়ক (৭) সাধারণ বিজ্ঞান।

দ্বিতীয় পেপারে থাকবে এইসব বিষয় : (১) কমপ্রিহেনশন, (২) জনসংযোগ দক্ষতা-সহ ব্যক্তিত্ব দক্ষতা, (৩) লজিক্যাল রিজনিং ও অ্যানালিটিক্যাল এবিলিটি, (৪) সিদ্ধান্ত নেওয়া ও সমস্যার সমাধান, (৫) জেনারেল মেন্টাল এবিলিটি, (৬) বেসিক নিউমারেসি (সংখ্যা ও তার সম্পর্ক, দ্রাঘিমাংশ) (মাধ্যমিক লেভেল), ডাটা ইন্টারপ্রিটেশন (চার্ট, গ্রাফ, টেবিল, ডাটা সাফিসিয়েন্সি - মাধ্যমিক লেভেল), (৭) ইংলিশ ল্যাঙ্গোয়েজ কম্প্রিহেনশন স্কিল (মাধ্যমিক লেভেল)। প্রতিটি পেপারে ২০০ নম্বরের পরীক্ষা হবে। সময় থাকবে ২ ঘন্টা। প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। এই পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। প্রিলিমিনারি পরীক্ষায় সফল হলে মোট শূন্যপদের ১২-১৩ গুণ প্রার্থীকে মেন পরীক্ষার জন্য ডাকা হবে। মেন পরীক্ষায় থাকবে এই দু'টি আবশ্যিক বিষয় : (১) জেনারেল ইংলিশ, (২) জেনারেল নলেজ। প্রতিটি পেপারে থাকবে ৩০০ নম্বর। এছাড়া ২টি ঐচ্ছিক বিষয় বেছে নিতে হবে, এইসব বিষয় থেকে : বটানি, জুলজি, কেমিস্ট্রি, জিওলজি, অ্যাগ্রিকালচার, অঙ্ক, ফিজিক্স, স্ট্যাটিস্টিক্স, ফরেস্ট্রি, সিভিল, অ্যাগ্রিকালচার ইঞ্জিনিয়ারিং, কেমিক্যাল, মেকানিক্যাল, অ্যানিম্যাল হাজবেন্ড্রি অ্যান্ড ভেটেরিনারি সায়েন্স। প্রতিটি ঐচ্ছিক বিষয়ে থাকবে দু'টি পেপার। প্রতি পেপারে থাকবে ২০০ নম্বর। মোট এই ১,৪০০ নম্বরের লিখিত পরীক্ষায় সফল হলে ৩০০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট। ঐচ্ছিক বিষয় হিসাবে একসঙ্গে অঙ্ক ও স্ট্যাটিস্টিক্স, অ্যাগ্রিকালচার ও অ্যাগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, কেমিস্ট্রি ও কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, অ্যাগ্রিকালচার ও অ্যানিম্যাল হাজবেন্ড্রি অ্যান্ড ভেটেরিনারি সায়েন্স আর অ্যাগ্রিকালচার ও ফরেস্ট্রি একসঙ্গে নিতে পারবেন না। প্রশ্ন হবে ডেসক্রিপ্টিভ টাইপের ও প্রতিটি পেপারে ৩ ঘন্টা করে সময় থাকবে। প্রশ্ন হবে ইংরিজি বা, হিন্দিতে।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৪ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : https://www.upsconline.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাসপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান (৪০ কে.বি.'র বেশি হবে না, এর মধ্যে ফটো ৩০ কে.বি. ও সিগনেচার ১০ কে.বি. হতে হবে) করে নিয়ে যাবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে পরীক্ষা ফী বাবদ ১০০ (তপশিলী, প্রতিবন্ধী ও মহিলাদের ফী লাগবে না) টাকা স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার কোনো শাখায় নগদে জমা দিতে পারবেন ২৪ ফেব্রুয়ারির মধ্যে। এছাড়াও নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে কিংবা ভিসা বা, মাস্টার ক্রেডিট / ডেবিট কার্ডে জমা দিতে পারবেন, ২৪ ফেব্রুয়ারির মধ্যে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## রাজ্য বিদ্যুৎ সংস্থায়

১ পাতার পর

তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)।

ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা 'টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল)' শাখার জন্য যোগ্য। বয়স হতে হবে ন্যূনতম ১৮ বছর। স্টাইপেন্ড মাসে ৯,৫০০ টাকা। শূন্যপদ : ৫৮টি (জেনাঃ ৩৩, ও.বি.সি. -এ ক্যাটেগরি ৬, ও.বি.সি.- বি ক্যাটেগরি ৪, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ৩)।

মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ওয়্যারম্যান বা, ইলেক্ট্রিশিয়ান ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে 'টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস' শাখার জন্য যোগ্য। বয়স হতে হবে ন্যূনতম ১৮ বছর। স্টাইপেন্ড মাসে ৯,৩০০ টাকা। শূন্যপদ : ৬৯টি (জেনাঃ ৪০, ও.বি.সি. -এ ক্যাটেগরি ৭, ও.বি.সি.- বি ক্যাটেগরি ৫, তঃজাঃ ১৪, তঃউঃজাঃ ৩)।

ওপরের সব ক্ষেত্রেই বয়স হতে হবে ১-১-২০২৬'র হিসাবে। ১২ মাসের ট্রেনিং। ২০২৩, ২০২৪ ও ২০২৫ সালের ডিগ্রি, ডিপ্লোমা বা, আই.টি.আই. কোর্স পাশ হতে হবে। এই পদের বিজ্ঞপ্তি নং : WBSETCL/Apprentice / 2026 / 01.

প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে। এরপর মেধা তালিকা তৈরি হবে।

প্রার্থীদের প্রথমে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং স্কিমে নাম রেজিস্ট্রেশন করতে হবে, ২৭ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : https://nats.education.gov.in, https://www.apprenticesshipindia.gov.in নাম রেজিস্ট্রেশন করার পর NATS Registration no. প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## সিভিক ভলান্টিয়ারদের ভাতা বাড়ল

রাজ্য বাজেটে সিভিক ভলান্টিয়ারদের ভাতা ১,০০০ টাকা বাড়ল। আগে সিভিক ভলান্টিয়াররা মাইনে পেতেন মাসে ১০,০০০ টাকা। এখন মাইনে বেড়ে হল ১১,০০০ টাকা। এছাড়াও অবসরকালীন ভাতা বেড়ে ৫ লাখ টাকা হয়েছে।

## পি.এস.সি.'র নতুন চেয়ারম্যান

পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের নতুন চেয়ারম্যান হলেন দেবল রায়। এছাড়াও সদস্য হিসাবে নিযুক্ত হলেন দেবাশিস বন্দ্যোপাধ্যায়, দিগন্ত বাগচি ও বর্ণালী মুখার্জী।


All India Institute of Local Self Government, Mumbai অনুমোদিত ও সরকার স্বীকৃত

**Sanitary Inspector**

ডিপ্লোমা কোর্সে ভর্তি চলছে

যোগ্যতা : SI (H.S & Computer Basic)

শিক্ষান্তে সরকারী ও বেসরকারী ক্ষেত্রে কাজের সুযোগ যেমন — স্বাস্থ্যমন্ত্রক, রেল, Cantonment Board, পৌরসভা, পৌরনিগম, Port (Air & Sea), DVC, ও অন্যান্য ক্ষেত্রে।

এখানে CMS & ED কোর্স করানো হয়

সদ্য বেরনো মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের পরীক্ষায় ১৯টি পদে অধিকাংশই প্রায় সফল IIHT এর প্রার্থীরা

IIHT www.iiht.in (11 AM to 4 PM) 226 B. B. Ganguly Street Bowbazar, Kol-12 9836396734, 7003224427, 9831774517, 7439387365



**কর্মসংস্থান**

বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ

✆: 9830795430



**Jadavpur University**

**Clinical Research Centre (CRC)**

In Collaboration with **Manipal Hospital, Kolkata** announces Certificate Course in **"Pharmacovisilence in Clinical Research".**

**Duration :** 9 months,

**Eligibility :** Graduate (Science) and Above.

**Last Date of Application** 16 February 2026.

**100% Job Assistance.**

Cont. : **9088401354**



**FAN SALES INDIA PVT. LTD.**

OFFICE ADDRESS: BE-55, SECTOR-1, SALT LAKE CITY, KOLKATA - 700064, NEAR CE LOCAL JHUPRI MARKET.

**WANTED URGENTLY for the Below mentioned VACANT POSTS.**

- SALES & MARKETING PERSON (With Experience & Contacts in the Electrical Goods Market.)
- CEILING, TABLE & other FAN TECHNICIAN & FITTER
- APPLIANCES TECHNICIAN & REPAIR MAN
- SERVICE TECHNICIAN OF FAN & APPLIANCES.

**Apply to the Undersigned through POST or EMAIL within 15 days with all Credentials, Aadhaar Card, PAN Card & Photo.**

**MANAGING DIRECTOR**

Contact: 9088666413 / 9038089007

Email Your CV: fansalesindiapvtltd@gmail.com


## প্রতি ৩ মাসে কয়েকশো চাকরি দিয়ে অনন্য নজির গড়ল ডিসান অ্যাকাডেমি

**পল্লবী দেওয়ান, সল্টলেক:** রাজ্য জুড়ে যেখানে চাকরির উপযোগী ঠিকঠাক শিক্ষার ঘাটতি প্রকট, সেখানে যে সংস্থা গত কয়েক বছর ধরে আইটি বা সফটওয়্যার ক্ষেত্রে কয়েকশো চাকরি দিয়ে এক অনন্য নজির তৈরি করেছে— সেটি হল ডিসান অ্যাকাডেমি (Desun Academy)। সমাজের পিছিয়ে পড়া কিন্তু যোগ্য ছেলেমেয়েদের জন্য আশার আলো জ্বালিয়েছে এই সংস্থা। সাধারণভাবে উচ্চ মাধ্যমিক বা গ্র্যাজুয়েশন পাশ করা ছেলেমেয়েরা এখান থেকে ট্রেনিং নিয়ে আজকে দেশের নামি দামি আইটি ও সফটওয়্যার সংস্থায় মোটা পে প্যাকেজে কর্মরত। কিভাবে এই অসম্ভবকে, সম্ভবে পরিণত করা গেল? উত্তরে সংস্থার সিইও অর্ঘ্য দত্ত জানালেন, 'দেখুন আমাদের প্রতিষ্ঠানের একটাই লক্ষ্য। যোগ্য কিন্তু ঠিকঠাক মতো সুযোগ পাচ্ছে না, এমন ছেলেমেয়েদের খুঁজে, তাদের চাকরির উপযোগী ট্রেনিং দিয়ে ভালো মাইনের প্লেসমেন্ট দেওয়া। এই উদ্দেশ্যেই ডিসান টেক ফাউন্ডেশন (Desun Tech Foundation)-এর পথ চলা শুরু। চাকরি মানুষ পায় দক্ষতা, আত্মবিশ্বাস ও ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড ট্রেনিং-এর মাধ্যমে। আজ এককথা নির্দ্বিধায় বলা যায় যে, এই সবকটি বিভাগেই, আমরা দেশের মধ্যে অন্যতম সেরা। তাই এখান থেকে পাশ করলে কেউ বসে থাকে না। একসঙ্গে ২ থেকে ৩টি অফার লেটার পায়। এটাই এখানকার ট্রেন্ড।' ডিজিটাল মার্কেটিং বিভাগে এখানকার ছেলেমেয়েদের সাফল্য প্রশ্নাতীত। কয়েকটি উদাহরণ দিলেই সহজেই তা বোঝা যাবে। এখানকার ছাত্র **প্রণব ঘোষের** কথাই ধরা যাক। সাধারণ কমার্স গ্র্যাজুয়েট। ৪ বছর ধরে বিভিন্ন ধরনের কোর্স করে যখন চাকরি পাওয়ার আশা একদম ছেড়েই দিয়েছে তখন ডিসানে আসে। ভর্তি হয় **Web Design**-এ। কোর্স ছিল ৯ মাসের। বললে বিশ্বাস করবেন না, আজকে ছেলেটি একটি বহুজাতিক সংস্থায় বছরে ৩,০০,০০০ টাকা মাইনের চাকরি করছে। অর্থাৎ একটা জিনিস পরিষ্কার **আইটিতে চাকরি পেতে গেলে টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ডের কোনো বাধ্যবাধকতা নেই।** আবার এখানকার আরেকটি ছেলে **অরুনাভ পাত্র।** আর্টস ব্যাকগ্রাউন্ড। এখানে যখন প্রথম কাউন্সেলিং করাতে এসেছিল, তখন কাউন্সিলারদের এটা বোঝাতে হিমসিম খেতে হয়েছিল যে 'পাতি আর্টস ব্যাকগ্রাউন্ড' হলেও অরুনাভ আইটি কোম্পানির জন্য একদম ঠিকঠাক 'মেটেরিয়াল'। ডিসানের আশা সত্যি করে আজকে অরুনাভ ওয়েব ডেভেলপার হিসাবে মাসে ৩২,০০০ টাকা মাইনের চাকরি করছে। আবার এখানকার ছাত্রী **অমর্ত্যা সেন,** কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে গ্র্যাজুয়েট হওয়ার পর সবকটি চাকরির ইন্টারভিউতেই ব্যর্থ হয়। তারপর ভর্তি হয় ডিসানে। এখান থেকে ট্রেনিং ও ইন্টার্নশিপের পর আজকে মাসে **১৮,৫০০** টাকার স্যালারি প্যাকেজ পাচ্ছে সে। এখানকার ছাত্র **অভিষেক কুমারের** কথাই ধরা যাক। আর্টস ব্যাকগ্রাউন্ড। পারিবারিক আর্থিক সমস্যা থাকায়, উচ্চ শিক্ষা অসম্পূর্ণ ছিল। ডিসানে ভর্তি হওয়ার পর এখান থেকে ট্রেনিং নিয়ে আজকে সে **SEO Executive** পদে কর্মরত। এখানকারই আরেকজন ছাত্রী **প্রিয়া বাগ।** SMO ট্রেনিং নিয়ে **Content Stretegist** পদে মাসে ১২,৮০০ টাকা মাইনের চাকরি করছে। এখানকারই ছাত্র **সুদীপ্ত পাল** এক অনন্য নজির তৈরি করেছে। এখান থেকে ট্রেনিং নিয়ে, আজকে বেঙ্গালুরুতে **Trainee Developer** হিসাবে বছরে **৬,০০,০০০ টাকার পে প্যাকেজ পাচ্ছে সে।** এরকমই আরেকজন ছাত্র— **রতন হালদার** - যার পারিবারিক আয় এতই কম, যে এখানকার ট্রেনিংয়ের ফীজ দেওয়ার ক্ষমতাও ছিল না তার। ৭০% স্কলারশিপ পেয়ে এখন সে **মাসে ১৪,০০০ টাকা মাইনের চাকরিতে কর্মরত।** উচ্চ মাধ্যমিক পরীক্ষা দেওয়ার সময় **রামমোহন হালদার** এর বাবা মারা যান। ডিসানে ৮০% স্কলারশিপ পেয়ে ট্রেনিং নিয়ে **মাসে ১৭,০০০ টাকা আয় করছে সে।** আবার বি.টেক করার পর কোনো চাকরি না পেয়ে আত্মবিশ্বাস হারিয়ে ডিসানে কাউন্সেলিং করাতে এসেছিলেন **অমিত ব্যানার্জী।** এখান থেকে ট্রেনিং নিয়ে আজ বছরে **৩,৬০,০০০ টাকার প্যাকেজে** কলকাতায় সফটওয়্যার কোম্পানিতে উচ্চ পদে কর্মরত।

> **সমাজে পিছিয়ে পড়া, কিন্তু যোগ্য ছেলেমেয়েদের নিয়ে অনন্য নজির তৈরি করা এই সংস্থায় ট্রেনিং নিলে চাকরি পাবেনই।**

আবার গত মাসে **দীপক মজুমদার** (জুনিয়ার UI/UX হিসাবে টেকসফট প্রা. লি. স্যালারি প্যাকেজ : ৩,০০,০০০/-টাকা); **গোপাল বিশ্বাস** (জুনিয়ার ওয়েব ডিজাইনার হিসাবে ওয়ার্ল্ড ওয়াইড ইনফোটেক স্যালারি প্যাকেজ : ৩,৪০,০০০/-টাকা); **অর্ণব রায়** (জুনিয়ার গ্রাফিক্স ডিজাইনার হিসাবে টেকট্রি সিস্টেম প্রা. লি. স্যালারি প্যাকেজ : ৩,০০,০০০/-টাকা); **শ্রেয়া রায়** (জুনিয়ার UI/UX হিসাবে সুইফ্‌ট প্রা. লি. স্যালারি প্যাকেজ : ৩,০০,০০০/-টাকা)-এর মতো অনেকেই আছে, যাঁরা খুব সাধারণ যোগ্যতায় শুধুমাত্র ডিসানের ঠিকঠাক মত গাইডেন্স ও ট্রেনিংয়ের জোরে এখানে ভরতি হওয়ার ৬ থেকে ৯ মাসের মধ্যে চাকরি পাওয়ার স্বপ্ন সার্থক করে নামী সংস্থায় কর্মরত। ডিসান অ্যাকাডেমির এইরকম অজস্র সাফল্যের রহস্য কী? উত্তরে অর্ঘ্য জানালেন, '(১) এখানে ছেলেমেয়েরা ইন্ডাস্ট্রির সেরা সেরা প্রফেশনালসদের কাছ থেকে সরাসরি ট্রেনিং পায়, (২) প্রতিটি কোর্সের শেষে থাকে পেইড ইন্টার্নশিপ, (৩) এই প্রতিষ্ঠান চাকরির আশ্বাস নয় — গ্যারান্টি দেয়। তাই এখানে ভর্তির সময় সরাসরি বলে দেওয়া হয় আপনার কমিটমেন্ট থাকলে, চাকরি না পেলে মানিব্যাক গ্যারান্টি দেওয়া হবে, (৪) এখানে সমাজের পিছিয়ে পড়া কিন্তু যোগ্য ছেলেমেয়েদের জন্য স্কলারশিপের ব্যবস্থা আছে। এই স্কলারশিপ দেওয়া হয় ডিসান টেক ফাউন্ডেশন (Desun Tech Foundation) এর তরফ থেকে, (৫) AI বেসড আপডেটেড ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড কোর্স কারিকুলাম, (৬) এখানে সফটস্কিলের ওপর আলাদাভাবে গুরুত্ব দেওয়া হয়। তাই মক ইন্টারভিউ সেশন, প্রফেশনাল CV লেখা ও রিভিউ, LinkedIn ও অন্যান্য জব পোর্টাল প্রোফাইল বিল্ডআপ, কমিউনিকেশন স্কিল ও পার্সোনালিটি ডেভেলপমেন্টের ওপর আলাদা আলাদা ক্লাস নেওয়া হয়।' জি২৪ ঘন্টার, 'এক্সিলেন্স ইন হাই পে ইন জব ইন আইটি অ্যাকাডেমি - ২০২৫' পুরস্কার বা টিভি৯ বাংলা থেকে 'ব্যান্ডস অফ বেঙ্গল এক্সিলেন্স ইন জব ওরিয়েন্টেড স্কিল বেসড এডুকেশন' বা 'বেঙ্গল বিজনেস এক্সিলেন্স অ্যাওয়ার্ড - এক্সিলেন্স ইন ট্রেনিং অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট' এর মতো প্রথম সারির পুরস্কার পাওয়া এই প্রতিষ্ঠান আজ দেশের মধ্যে আইটি ও সফটওয়্যার ক্ষেত্রে ট্রেনিং প্রোভাইডার হিসাবে অন্যতম সেরা। উচ্চ মাধ্যমিক বা গ্র্যাজুয়েট পাশ করে যাঁরা বসে আছেন, বা যাঁরা ভাবছেন তাঁদের দ্বারা কিছু হবে না বা পয়সার অভাবে যাঁরা কি করবেন ভেবে পাচ্ছেন না, তাঁরা সময় নষ্ট না করে সুনিশ্চিত চাকরি পেয়ে নিজের পায়ে দাঁড়াতে আজই ডিসান অ্যাকাডেমির সঙ্গে যোগাযোগ করুন এই নম্বরে ফোন করুন : 9429691888.

# কেন্দ্রীয় বাজেট ২০২৬ - আগামী ১ বছর চাকরির পরীক্ষার জন্য খুবই গুরুত্বপূর্ণ

*প্রথা অনুযায়ী প্রত্যেক বছরের মতো এ বছরও ১ ফেব্রুয়ারি পূর্ণাঙ্গ বাজেট পেশ করলেন কেন্দ্রীয় অর্থ ও কর্পোরেট বিষয়ক মন্ত্রী নির্মলা সীতারামন। ২০২৬-২৭ আর্থিক বছরের এই বাজেট — প্রতিটি চাকরির পরীক্ষার ক্ষেত্রে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ টপিক হতে চলেছে। বাজেট-এর প্রতিটি গুরুত্বপূর্ণ শিডিউল-সহ রাজ্যের (পশ্চিমবঙ্গের) জন্য অ্যালোকেশন, তার আর্থ-সামাজিক বিশ্লেষণ ও সেই অনুযায়ী ঠিক কীভাবে প্রস্তুতি নিলে ইন্টারভিউ বোর্ডে চাকরিপ্রার্থীরা মাইলেজ পাবেন তা নিয়ে সবিস্তারে আলোচনাকরলেন রাজ্য তথা দেশের সরকারি চাকরির প্রস্তুতির সেরা সংস্থা, রাইস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়।*



রাইস-অ্যাডামাস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়

২০২৬-২০২৭ কেন্দ্রীয় বাজেটের অন্যতম ভিত্তি হল উৎপাদনশীলতা বৃদ্ধি, সাধারণ মানুষের সক্ষমতা বাড়ানো আর 'সবকা সাথ, সবকা বিকাশ' এই তিনটি মূল কর্তব্যের ওপর জোর দেওয়া। বিশ্ব অর্থনীতির অনিশ্চয়তার মধ্যেও ভারতের বিকাশের গতি বজায় রাখাই সরকারের প্রধান লক্ষ্য বলে জানিয়েছেন অর্থমন্ত্রী।

২০২৬-২৭ আর্থিক বছরে রাজকোষ ঘাটতি জিডিপির ৪.৩ শতাংশের মধ্যে রাখার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। দেশের শিল্প পরিকাঠামো মজবুত করতে সেমিকন্ডাক্টর মিশন ২.০ চালু করার প্রস্তাব দেওয়া হয়েছে। এছাড়া ওষুধ শিল্পে ভারতকে বিশ্বজনীন হাব হিসাবে গড়ে তুলতে 'বায়োফার্মা শক্তি' প্রকল্পের ঘোষণা করা হয়েছে, যার জন্য আগামী ৫ বছরে ১০ হাজার কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। বস্ত্র শিল্পের আধুনিকীকরণের লক্ষ্যে মেগা টেক্সটাইল পার্ক আর খাদি ও হস্তশিল্পের জন্য 'মহাত্মা গান্ধী গ্রাম স্বরাজ উদ্যোগ'এর কথা বলা হয়েছে। পণ্য পরিবহণ ব্যবস্থার উন্নতির জন্য পূর্বের ডানকুনি থেকে পশ্চিমের সুরাত পর্যন্ত নতুন পণ্য পরিবহণ করিডর আর ২০টি নতুন জাতীয় জলপথ চালুর পরিকল্পনা নেওয়া হয়েছে। সাধারণ মানুষের সুবিধার জন্য আর কর্মসংস্থান সৃষ্টিতে একগুচ্ছ নতুন দিশা দেখিয়েছে এই বাজেট। আগামী ৫ বছরে ১ লাখ সহযোগী স্বাস্থ্য পেশাদার তৈরি আর ৫টি আঞ্চলিক মেডিক্যাল হাব স্থাপনের প্রস্তাব দেওয়া হয়েছে। শিক্ষাক্ষেত্রেও বড় পদক্ষেপ হিসাবে ৫টি বিশ্ববিদ্যালয় টাউনশিপ আর প্রতি জেলায় মেয়েদের হস্টেল গড়ার কথা বলা হয়েছে। পর্যটনের প্রসারে বারাণসী থেকে শিলিগুড়ি পর্যন্ত হাইস্পিড রেল করিডর আর ১৫টি পুরাতাত্ত্বিক স্থানকে নতুন করে সাজিয়ে তোলার পরিকল্পনা রয়েছে এই বাজেটে। কৃষকদের আয় বাড়াতে 'ভারত-বিস্তার' নামক কৃত্রিম বুদ্ধিমত্তা বা এআই ভিত্তিক সরঞ্জামের কথা ঘোষণা করা হয়েছে। কর পরিকাঠামোতেও আমূল পরিবর্তনের ইঙ্গিত দিয়েছেন অর্থমন্ত্রী। ২০২৬ সালের এপ্রিল থেকে নতুন আয়কর আইন কার্যকর হবে। ব্যক্তিগত কাজে ব্যবহৃত করযোগ্য সামগ্রীর শুল্ক ২০ শতাংশ থেকে কমিয়ে ১০ শতাংশ করা হয়েছে। এছাড়া ১৭টি ওষুধের ওপর আমদানি শুল্ক কমানো আর ৭টি বিরল রোগের ওষুধে পুরোপুরি শুল্ক ছাড়ের ঘোষণা করা হয়েছে। বিদেশি বিনিয়োগ টানতে আর তথ্যপ্রযুক্তি ক্ষেত্রকে শক্তিশালী করতে একগুচ্ছ কর ছাড়ের প্রস্তাব দেওয়া হয়েছে। মধ্যবিত্তদের জন্য বিদেশে পর্যটন ও চিকিৎসা ক্ষেত্রে কর সংগ্রহের হার বা টিসিএস কমানো হয়েছে। সব মিলিয়ে এক উন্নত ও বিকশিত ভারত গড়ার লক্ষ্যেই এই বাজেট তৈরি হয়েছে বলে দাবি সরকারের।

● **আয়কর ও সাধারণ মানুষের সুবিধার্থে পরিবর্তন :** মধ্যবিত্ত ও বিনিয়োগকারীদের জন্য বাজেটে বেশ কিছু গুরুত্বপূর্ণ ঘোষণা করা হয়েছে। এবছরের এপ্রিল থেকে নতুন আয়কর আইন কার্যকর হতে চলেছে, যা এখনকার থেকে অনেক বেশি সহজবোধ্য হবে।

● **বিদেশে ভ্রমণ ও চিকিৎসা:** এখন থেকে বিদেশে ঘুরতে যাওয়ার প্যাকেজ কিনলে কর সংগ্রহের হার (TCS) ২০ শতাংশ থেকে কমিয়ে মাত্র ২ শতাংশ করা হয়েছে। এছাড়া বিদেশে পড়াশোনা বা চিকিৎসার জন্য টাকা পাঠালেও করের হার কমে ২ শতাংশ হচ্ছে।

● **ওষুধের দাম কমবে:** ক্যানসার বা অন্যান্য বিরল রোগের জীবনদায়ী ওষুধের ওপর থেকে আমদানি শুল্ক প্রত্যাহার করা হয়েছে। মোট ১৭টি ওষুধের ওপর শুল্ক কমানোর ফলে সাধারণ মানুষের চিকিৎসার খরচ কমবে বলে আশা করা হচ্ছে।

● **শেয়ার বাজার :** ছোট বিনিয়োগকারীদের সুবিধার জন্য শেয়ারের 'বাইব্যাক'এর ওপর কর এখন মূলধনী লাভের ভিত্তিতে দিতে হবে। তবে ফিউচার ও অপশনস (F&O) লেনদেনের ক্ষেত্রে সিকিউরিটিজ ট্রানজ্যাকশন ট্যাক্স কিছুটা বাড়ানো হয়েছে।

● **কর্মসংস্থান ও দক্ষতা বৃদ্ধির দিশা :** তরুণ প্রজন্মের জন্য বাজেটে কর্মসংস্থানের ওপর বিশেষ জোর দেওয়া হয়েছে। সরকার সরাসরি শিল্পমহলের সঙ্গে যুক্ত হয়ে দক্ষ কর্মী তৈরির পরিকল্পনা করেছে।

● **স্বাস্থ্য পরিষেবা :** আগামী ৫ বছরে ১ লাখ স্বাস্থ্যকর্মী বা সহযোগী স্বাস্থ্য পেশাদার তৈরি করা হবে। এছাড়া দেশের পাঁচটি অঞ্চলে নতুন মেডিক্যাল হাব তৈরি হবে, যা ভারতকে চিকিৎসা পর্যটনের কেন্দ্র হিসাবে গড়ে তুলবে।

● **ছাত্রীদের জন্য হস্টেল:** উচ্চশিক্ষায় মেয়েদের অংশগ্রহণ বাড়াতে দেশের প্রতিটি জেলায় একটি করে গার্লস হস্টেল তৈরির জন্য আর্থিক সহায়তার কথা বলা হয়েছে।

● **নতুন প্রযুক্তিতে প্রশিক্ষণ :** ভিএফএক্স, গেমিং আর কমিক্সের মতো আধুনিক ক্ষেত্রে কাজের সুযোগ বাড়াতে ১৫ হাজার স্কুল ও ৫০০টি কলেজে বিশেষ ল্যাব তৈরি করা হবে।

● **পরিবহণ ও পরিকাঠামোয় নতুন গতি :** যোগাযোগ ব্যবস্থাকে আরও আধুনিক করতে সরকার রেল ও জলপথে বড় বিনিয়োগের প্রস্তাব দিয়েছে।

● **বারাণসী-শিলিগুড়ি হাইস্পিড রেল :** পর্যটন আর ব্যবসার সুবিধার জন্য বারাণসী থেকে শিলিগুড়ি পর্যন্ত হাইস্পিড রেল করিডর তৈরি করা হবে। পশ্চিমবঙ্গের জন্য এটি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ঘোষণা। জলপথের বিস্তার - আগামী ৫ বছরে ২০টি নতুন জাতীয় জলপথ চালু করা হবে। এছাড়া পণ্য পরিবহণের খরচ কমাতে ডানকুনি থেকে সুরাত পর্যন্ত তৈরি হবে বিশেষ পণ্যবাহী করিডর।

● **কৃষকদের জন্য 'ভারত-বিস্তার':** কৃষকদের সরাসরি আধুনিক প্রযুক্তির সঙ্গে যুক্ত করতে 'ভারত-বিস্তার' নামক একটি কৃত্রিম বুদ্ধিমত্তা বা এআই অ্যাপ চালু করা হবে। এর মাধ্যমে কৃষকরা চাষবাসের উন্নত পদ্ধতি আর আবহাওয়ার আগাম তথ্য নিজেদের ভাষায় জানতে পারবেন। এছাড়া উচ্চমূল্যের ফসল যেমন : কাজু, চন্দন ও কোকো চাষে উৎসাহ দিতে বিশেষ প্রকল্প নেওয়া হয়েছে।

## কেন্দ্রীয় বাজেট ২০২৬-২৭: পশ্চিমবঙ্গ কী পেল?

● **ডানকুনি-সুরাত ডেডিকেটেড ফ্রেট করিডর :** পশ্চিমবঙ্গ সরাসরি যুক্ত হল জাতীয় ফ্রেট ব্যাকবোনে। শিল্পের লজিস্টিক খরচ কমবে, লাভ পাবে কলকাতা-হাওড়া-দুর্গাপুর শিল্পাঞ্চল ও হলদিয়া বন্দর।

● **'পূর্বোদয় যোজনা' ও দুর্গাপুর ইন্ডাস্ট্রিয়াল নোড :** দুর্গাপুর হবে পূর্ব ভারতের ইস্পাত, ইঞ্জিনিয়ারিং ও ডাউনস্ট্রিম ম্যানুফ্যাকচারিংয়ের বড় হাব।

● **বারাণসী-শিলিগুড়ি হাই-স্পিড রেল করিডর :** উত্তরবঙ্গের যোগাযোগে বৈপ্লবিক পরিবর্তন। পর্যটন, বাণিজ্য ও জাতীয় অর্থনীতির সঙ্গে আরও মজবুত সংযোগ।

● **রেল পরিকাঠামো:** উত্তর ২৪ পরগনা ও নদিয়া জেলায় নতুন লাইন। বনগাঁও-পোড়ামহেশতলা, বনগাঁও-চাঁদাবাজার, চাঁদাবাজার-বাগদা, রানাঘাট-দত্তপুকুর-মোট ৫৩ কিলোমিটারের বেশি নতুন রেল সংযোগ। কৃষিপণ্য দ্রুত কলকাতার বাজারে পৌঁছবে।

● **২০০ ঐতিহ্যবাহী শিল্প ক্লাস্টার পুনরুজ্জীবন :** পাট, ফাউন্ড্রি ও ইঞ্জিনিয়ারিংয়ে সবথেকে বেশি লাভবান হবে পশ্চিমবঙ্গ। পাট শিল্পের জন্য আলাদা 'ন্যাশনাল ফাইবার স্কিম'।

● **MSME Growth Fund : ১০,০০০ কোটি :** এমএসএমই-নির্ভর বাংলার অর্থনীতির জন্য এটি একটি বড় বরাদ্দ।

● **অভ্যন্তরীণ জলপথ ও মাল্টিমোডাল লজিস্টিক :** হুগলি নদীপথ ও বন্দরের সুবিধা কাজে লাগিয়ে পরিবহণ খরচ আরও কমবে।

● **পর্যটন ও নগর পরিবহণ :** 'পূর্বোদয়' প্রকল্পে পর্যটন কেন্দ্র উন্নয়ন + ৪,০০০ ই-বাস। ফলে শহরের পরিবহণ হবে পরিবেশবান্ধব।

● **কৃষি, মৎস্য ও গ্রামীণ অর্থনীতি :** দক্ষিণ ২৪ পরগনা ও পূর্ব মেদিনীপুর জেলায় মৎস্য ভ্যালু-চেইন, নারকেল উন্নয়ন প্রকল্প, FPO-র মাধ্যমে গ্রামীণ কর্মসংস্থান।

● **রাজ্যের অর্থপ্রাপ্তি সুরক্ষিত :** রাজ্যগুলির কর-ভাগ ৪১% অপরিবর্তিত-পশ্চিমবঙ্গের রাজস্ব প্রবাহে স্থিতি। এই বাজেট পশ্চিমবঙ্গকে পূর্ব ভারতের ইন্ডাস্ট্রিয়াল, লজিস্টিক ও কানেক্টিভিটি হাব হিসাবে গড়ে তোলার স্পষ্ট রোডম্যাপ।

ব্যাঙ্ক, ইউ.পি.এস.সি, ডব্লু.বি.সি.এস-সহ রাজ্য ও কেন্দ্রের অন্যান্য চাকরির পরীক্ষাতেও কীভাবে প্রস্তুতি নেবেন তা জানতে নির্দ্বিধায় ফোন করুন এই হেল্প লাইনে : 6292190230.

# ৭,৫১২ হিউম্যান রিসোর্স এক্সিকিউটিভ

১ পাতার পর

সার্ভিস (TCS)-এর চিফ হিউম্যান রিসোর্স অফিসার (CHRO) সুদীপ কুন্নুমাল-এর মতে, "যেকোনো কোম্পানি যদি ব্যবসা বাড়াতে চায়, তাহলে সবচেয়ে বেশি গুরুত্ব দেয় **কম্পিটিটিভ স্ট্রং ওয়ার্কফোর্স** তৈরি করার ওপর। বেসরকারি প্রতিষ্ঠানের মধ্যে কর্মসংস্থান-এর দিক থেকে দেশের সবচেয়ে বড় সংস্থা হল টাটা গ্রুপ। আর এই বহুজাতিক কনগ্লোমারেট-এর সবচেয়ে লাভজনক শাখা সংস্থা হল টাটা কনসালটেন্সি সার্ভিস (TCS). কারণ, শুধুমাত্র এখানেই কাজ করেন ৫,৯৩,৩১৪ (মার্চ, ২০২৫ পর্যন্ত নেওয়া তথ্য অনুযায়ী) জন কর্মী। এই বিশাল সংখ্যক কর্মীর ঠিকঠাক দেখভাল ও পরিচালনা করার মধ্যেই লুকিয়ে আছে TCS-এর সুখ্যাতি ও সফলতা। আধুনিক যুগে যে কোম্পানি, যত ভালোভাবে কর্মী পরিচালনা বৈজ্ঞানিক পদ্ধতিতে করে থাকে, সেই কোম্পানির হোলিস্টিক ও স্ট্র্যাটেজিক গ্রোথ সবচেয়ে বেশি হয়। তাই আজ সারা পৃথিবীর মধ্যে TCS-এর ওয়ার্কফোর্সের কোনো তুলনা নেই। আর এই পুরো ওয়ার্কফোর্স ঠিকঠাক মতো পরিচালনা করার দায়িত্বে রয়েছেন ৫,০২২ জন হিউম্যান রিসোর্স ডিপার্টমেন্টের ডেডিকেটেড কর্মী। তাই প্রত্যেক বছর এই বিভাগে সবচেয়ে বেশি সংখ্যক ছেলেমেয়ে নিযুক্ত হয়।" এই উদাহরণ থেকে এটা সহজেই অনুমেয়, সারা বছর ধরে প্রতিটি সংস্থায় HR বিভাগেই সবচেয়ে বেশি স্কিলড ছেলেমেয়ের প্রয়োজন হয়। অর্থাৎ, একজন সাধারণ মানের গ্র্যাজুয়েট (বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে) ঠিকঠাক মতো জায়গা থেকে হিউম্যান রিসোর্স ট্রেনিং নিলে প্রথম সারির যেকোনো কোম্পানিতে তার 'স্বপ্নের কেরিয়ার' খুব সহজেই তৈরি করতে পারবে। ভালো জায়গা থেকে HR ট্রেনিং নেওয়া থাকলে, শুরুতেই প্যাকেজ হয় বছরে ১,৮০,০০০/- থেকে ২,১৬,০০০/- টাকা — যা অন্য কোনো ডিপার্টমেন্টে যোগ দিলে পাওয়া যায় না। সারা দেশের কয়েক হাজার কোম্পানিতে সবথেকে বেশি স্কিলড লোক নিয়োগ হয় 'Talent Acquisition (HR)' পদে। উল্লেখ্য, আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে ১০,০০০ থেকে ১৫,০০০ 'Talent Acquisition (HR)' নিয়োগ হয়। এদের মূল কাজ হয় ইন্টারভিউয়ের মাধ্যমে কোম্পানির জন্য সেরা ছেলেমেয়েদের রিক্রুট করা, কোম্পানির কর্মীদের পারফরম্যান্স রিভিউ করা, অ্যাটেনডেন্স ঠিকঠাক মতো হচ্ছে কিনা সেই বিষয়ে নজর রাখা, কর্মীদের পারস্পরিক বোঝাপড়া সুদৃঢ় করা, যোগ্যতা অনুযায়ী ঠিকঠাক সময় কর্মীদের পদোন্নতি, স্যালারি ও কমপেনসেশন ম্যানেজমেন্ট (ESI, PF, Gratuity ইত্যাদি) অত্যন্ত গুরুত্বপূর্ণ প্যারামিটারের ব্যাপারে সম্পূর্ণরূপে খেয়াল রাখা। অর্থাৎ এককথায় বলতে গেলে কর্মীদের সঙ্গে সংশ্লিষ্ট কোম্পানির ম্যানেজমেন্টের যোগসূত্র স্থাপন করাই একজন হিউম্যান রিসোর্স এক্সিকিউটিভের কাজ। তাই প্রতিটি কোম্পানিতে এই পদের গুরুত্ব অপরিসীম। তাই সারা বছর ধরে সবচেয়ে বেশি সংখ্যক কর্মসংস্থান হয় এই পদে। আর এই বিপুল সংখ্যক পদে আবেদনের জন্য ঠিক কী ধরনের যোগ্যতা লাগে ও ঠিক কীভাবে নিজেকে তৈরি করলে ৩ থেকে ৬ মাসের মধ্যেই অতি দ্রুত এই ধরনের চাকরি পাবেন, তা জানতে আমরা কথা বলেছিলাম রাজ্যের প্রথম সারির হিউম্যান রিসোর্স আউটসোর্সিং সংস্থা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এর সঙ্গে। সংস্থার CEO ও প্রতিষ্ঠাতা অর্ঘ্য দত্ত জানালেন, 'দেখুন, আজকের যুগে দাঁড়িয়ে এমন কোনো কোম্পানি নেই যেখানে HR Executive লাগে না। উদাহরণ হিসাবে বলা যায়, আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে কয়েকশো কোম্পানিতে HR ডিপার্টমেন্টে কয়েক হাজার ছেলেমেয়ের চাকরি হচ্ছে। অথচ আশ্চর্য এই যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। কারণ ঠিক কী ধরনের ট্রেনিং নিলে এই সেক্টরে চাকরি পাওয়া যাবে, বেশিরভাগ ছেলেমেয়েরাই তা জানে না। foundit.com এর গত ১ বছরের ডেটা অ্যানালিসিস করে দেখা গেছে, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক জায়গা থেকে HR ট্রেনিং খুব মন দিয়ে শেখে, তাহলে রাজ্যের তথা দেশের নামিদামি কোম্পানিতে ৩ মাসের মধ্যেই ভালো মাইনের চাকরি পাবেই।' এই বিভাগে সবচেয়ে বেশি লোক নেওয়া হয় **Talent Acquisition (HR) পদে।** যেকোনো শাখায় গ্র্যাজুয়েশন (বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে) পাশ করা ছেলেমেয়েরা খুব সহজে এই ধরনের ট্রেনিং নিতে পারবেন। এই বিভাগে প্রত্যেক সপ্তাহে কলকাতার ৮০ থেকে ১০০টি কোম্পানিতে কয়েকশো ছেলেমেয়ের চাকরি হচ্ছে। তাহলে কোথা থেকে কী ধরনের কোর্স করলে HR Executive হিসাবে খুব সহজেই কেরিয়ার করা যাবে? উত্তরে অর্ঘ্য বললেন যে, 'প্রতিটি কোম্পানিতেই HR বিভাগে স্কিলড লোকজন দরকার। তাই এখানে সারা বছর ধরে এত সংখ্যক নিয়োগ হয়।' এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে? উত্তরে CEO জানালেন, 'রাজ্যের মধ্যে এখন HR ট্রেনিংয়ের জন্য **ডিসান অ্যাকাডেমির** নাম সবথেকে ওপরে। কারণ : (১) একমাত্র এখানেই HR বিভাগের এন্ট্রি লেভেল নিয়োগ তথা, **Talent Acquisition (HR)** পদের জন্য আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। (২) এই ট্রেনিং দেওয়া হয় ২টি পর্যায়-এ — প্রথমে ৩ মাসের বেসিক ট্রেনিং, তারপর যাঁরা আরো ভালো পে-প্যাকেজ চায়, তাঁদের জন্য আছে ৬ মাসের স্পেশাল প্রফেশনাল ট্রেনিং — এই ধরনের ২ পর্যায়ের ট্রেনিং আর কোথাও ভাবাই যায় না। (৩) একমাত্র এখানেই ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির কোম্পানিতে ইন্টার্নশিপ করানো হয়। এইসময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ১০,০০০ থেকে ১২,০০০ টাকা দেওয়া হয়। (৪) এই সংস্থার সঙ্গে দেশের ও রাজ্যের প্রথম সারির কোম্পানিগুলির এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে ইন্টার্নশিপ শেষ হলে চাকরির জন্য কেউ বসে থাকেনা। ৩ মাসের বেসিক ট্রেনিং করার পর নিয়োগ হয় **'Talent Acquisition (HR)'** পদে। তখন শুরুতেই মাইনে হয় মাসে ১২,০০০ থেকে ১৫,০০০ টাকা। আর ৬ মাসের প্রফেশনাল ট্রেনিং নিলে **'HR Executive'** (স্যালারি মাসে ১৫,০০০ থেকে ১৮,০০০ টাকা) এমনকি সরাসরি **'HR Manager'** (স্যালারি মাসে ২০,০০০ থেকে ২৫,০০০ টাকা) পদেও নিয়োগ হতে পারে। (৫) এখানকার এই ট্রেনিংয়ের ইন্ডাস্ট্রিতে কতটা কদর, তা একটা উদাহরণ দিলেই খুব সহজেই বোঝা যাবে। এখানকার ট্রেনি অর্পিতা নস্করের কথাই ধরা যাক। সাধারণ গ্র্যাজুয়েট। হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (HR) ট্রেনিং নেওয়ার জন্য এই প্রতিষ্ঠানে ঠিক ৭ মাস আগে ভর্তি হয়। কোনো ইন্টার্নশিপ না করেই, আজকে মাসে ১৮,০০০টাকা মাইনের চাকরি করছে সে। ৬ মাস পরে তার পে-প্যাকেজ হবে মাসে ২৫,০০০ টাকা - ৩০,০০০ টাকা। অর্থাৎ, এখানকার ট্রেনিং নিলে, তার কেরিয়ার যে খুব ভালোভাবে শুরু হবে — তা একপ্রকার সুনিশ্চিত। (৬) এই ট্রেনিংয়ের অত্যন্ত গুরুত্বপূর্ণ ফিচার যেমন **Interview Conduction Process, Workforce Management Technique, Employee Performance Management, Attendance Management, Employee Relations, Selection & Recruitment Management, Performance & Compensation Management**-এর ওপর আলাদাভাবে ক্লাস নেওয়া হয়। ফলে এখানকার ছেলেমেয়েরা কেরিয়ারের শুরুতেই ইন্ডাস্ট্রির সেরা সেরা কোম্পানি থেকে আলাদাভাবে অফার পায় — যা অন্য কোথাও ভাবাই যায় না। (৭) এছাড়াও, আমাদের ট্রেনিংয়ে **ESI, PF, Gratuity ও Updated Labour Laws**-এর ওপর আলাদাভাবে সেশন নেওয়া হয় — যাতে এখানকার ছেলেমেয়েরা এইসব স্ট্যাচুটরি ব্যাপারে খুবই দক্ষ থাকে — যা তাঁদেরকে প্রথম সারির যেকোনো বহুজাতিক সংস্থার ইন্টারভিউ ক্র্যাক করতে সাহায্য করবে। ফলে প্রথম থেকেই তাঁদের কাছে ভালো পে-প্যাকেজ পাওয়ার সুযোগ থাকবে। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায়, তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি অফার লেটার হাতে পায়। (৮) এখানে সেরা সেরা HR Manager-রাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন, যাতে এখানকার ছেলেমেয়েরা সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (৯) হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্টে ইন্ডাস্ট্রির সেরা সেরা 'এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। এই আপডেটেড মডিউলে নিজেদেরকে ট্রেন্ড করে এখানকার ছেলেমেয়েরা **HR Executive** হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে খুব সহজেই প্রতিষ্ঠিত করতে পারে। (১০) একমাত্র এখানেই 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের অ্যাকসেপটেন্স অনেকটাই বাড়িয়ে দেয়। (১১) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা বহুজাতিক কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (১২) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবথেকে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে। আর কোর্স ফি-র ওপর স্কলারশিপের (শর্তানুযায়ী) ব্যবস্থা আছে।' তাই গ্র্যাজুয়েশন পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই শুরুতে মাসে ১৫,০০০ থেকে ২০,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৩ থেকে ৬ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 বা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, Ambuja Neotia Eco Station, BP Block (11th Floor), Salt Lake, Kolkata, West Bengal 700091.


**শুধুমাত্র গ্র্যাজুয়েশন যোগ্যতায় ৩ থেকে ৬ মাসের মধ্যে বছরে ১,৪৪,০০০ টাকা থেকে ১,৮০,০০০ টাকা মইনের চাকরি। প্রতি সপ্তাহে ১০০টি থেকে ১৩০টি কোম্পানিতে ২,০০০ থেকে ৪,০০০ চাকরি হয়।**



*রাজ্যের অন্যতম অগ্রণী শিক্ষা প্রতিষ্ঠান জে.আই.এস গ্রুপের ফ্ল্যাগশিপ হোটেল ম্যানেজমেন্ট ব্র্যান্ড, ‘গুরুনানক ইনস্টিটিউট অফ হোটেল ম্যানেজমেন্ট (GNIHM)’এ সম্প্রতি হয়ে গেল বার্ষিক গালা ফুড ফেস্টিভ্যাল ‘অ্যামালগাম-২০২৬’। ভারতবর্ষের সমৃদ্ধ রন্ধনশৈলী, সাংস্কৃতিক প্রকারভেদ ও আতিথেয়তার অনবদ্য মিশেল ছিল প্রতিটি ফুড স্টলে। উপস্থিত ছিলেন স্বনামধন্য শিল্পী অনির্বাণ ভট্টাচার্য, জে.আই.এস গ্রুপের ডিরেক্টর সর্দার সিমরপ্রীত সিং, জে.আই.এস গ্রুপের ট্রাস্টি সর্দার হরিন্দর পাল সিং-সহ দেশ-বিদেশের নামীদামী কুলিনারি এক্সপার্ট, শেফ, ফুড ব্লগার-সহ বিশিষ্টজনেরা।*

*ফটো : মনীশ সাহা*

# নিজের রোজগারে ট্রেনিং নিয়ে দেশ-বিদেশের পাঁচতারা হোটেলে সরাসরি চাকরি



**পারমিতা মিত্র, ব্যারাকপুর :** মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও স্নাতকোত্তর পর কেন্দ্রীয় সরকার ও ISO স্বীকৃত অন্যতম শিক্ষা প্রতিষ্ঠান CIHM-Central Institute of Hotel and Hospitality Management College. মধ্যবিত্ত ও নিম্নবিত্ত পরিবারের ছেলেমেয়েদের জন্য প্রফেশনাল ট্রেনিং দিয়ে সরাসরি চাকরির সুযোগ করে দিচ্ছে। বিগত ১০ বছর ধরে CIHM হসপিটালিটি সেক্টরে Hotel Management, Hospital Management, Cruise Ships Management কোর্সে ভর্তির সময় লিখিত Job Bond দিয়ে দেশ ও বিদেশের বিভিন্ন সংস্থা, TAJ, ITC, JW MARRIOTT-এর মত নামিদামি পাঁচতারা হোটেল, হসপিটাল, জাহাজ ও বিভিন্ন হসপিটালিটি সেক্টরে ব্যবস্থা করে দিচ্ছে। বয়সসীমা ১৮ থেকে ২৬ বছর। ফ্রী রেজিস্ট্রেশন। আসন সংখ্যা সীমিত। ভর্তির জন্য আজই যোগাযোগ করুন : 9330364982, 6290510340. কলকাতা, ব্যারাকপুর ক্যাম্পাস। এছাড়াও রাজ্যের সব জেলা ও শহর থেকে শিক্ষার সঙ্গে যুক্ত ব্যক্তিরা CIHM সাথে যুক্ত হয়ে সর্বোচ্চ ১ লাখ টাকা পর্যন্ত আয় করে নিজেদের ও ছেলেমেয়েদের ভবিষ্যৎ উজ্জ্বল করুন। এই ব্যাপারে বিশদে জানতে আজই যোগাযোগ করুন এই নম্বরে : 8013990366.

## সংস্কৃত বিশ্ববিদ্যালয়ে

১ পাতার পর

বিজ্ঞপ্তি নং : 01/2026, Dated: 28.01.2026.

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে কলকাতায়। দরখাস্ত করবেন অনলাইনে, ২৭ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.sanskrit.nic.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও যাবতীয় প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ১,০০০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫০০) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। এবার ওই দরখাস্ত রেজিস্ট্রি ডাকে পাঠাতে হবে ১০ মার্চের মধ্যে। তখন সঙ্গে দেবেন যাবতীয় প্রমাণপত্রের স্ব-প্রত্যয়িত নকল। দরখাস্ত পাঠাবেন এই ঠিকানায় : The Registrar, Central Sanskrit University, 56-57, Institutional Area, Janakpuri, New Delhi-110 058.আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## প্রাইমারির স্পেশাল এডুকেশন

১ পাতার পর

১৫০ নম্বরের ১৫০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) শিশু মনস্তত্ত্ব ও উন্নয়ন-৩০ নম্বর, (২) প্রথম ভাষা (যে মাধ্যমের স্কুলে দরখাস্ত করবেন সেই ভাষা) -৩০ নম্বর, (৩) দ্বিতীয় ভাষা (ইংরিজি) - ৩০ নম্বর, (৪) অঙ্ক - ৩০ নম্বর, (৫) পরিবেশ বিজ্ঞান -৩০ নম্বর। প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর।

নেগেটিভ মার্কিং নেই। এই ‘টেট’ পরীক্ষায় ৬০% (তপশিলী, ও.বি.সি., প্রাঃসঃকঃ, প্রতিবন্ধী ও এক্সেমটেড ক্যাটেগরি হলে ৫৫%) নম্বর পেলে সফল হবেন ও ‘টেট’ সার্টিফিকেট পাবেন। এই ‘টেট’ সার্টিফিকেটের বৈধতা সারাজীবন থাকবে। এই ‘টেট’ যতবার খুশি দেওয়া যায়। মোট পরীক্ষার্থীর সংখ্যা ৩,১৩১ জন। ৮০ নম্বরের এই ‘টেট’ হবে দুপুর ১২টা থেকে আড়াইটা পর্যন্ত। ই-অ্যাডমিট কার্ড পরীক্ষার ১০ দিন আগে থেকে ডাউনলোড করতে পারবেন, এই ওয়েবসাইট থেকে : www.wbbpe.wb.gov.in

স্পেশাল এডুকেটর TET
(প্রাইমারি & আপার প্রাইমারি)
&
আপার প্রাইমারি TET
(অনলাইন এবং অফলাইন ক্লাস)
22nd Feb স্পেশাল TET 14 days Class এবং Special note স্পেশাল আপার প্রাইমারি TET one month এর Full class এবং Note
নর্মাল প্রাইমারি এবং আপার প্রাইমারি 100 জন করে প্রতি Batch-এ ভর্তি চলছে (আর্টস এবং সায়েন্স)
TET এর 10,000 প্রশ্নের NOTE
সফল
2017 TET - 57 জন
2022 TET - 160 জন
2024 UPPER TET - 110 জন
নরেন্দ্রপুর, মেছেদা, বর্ধমান
Contact : 8653501110

## ব্যাঙ্ক অফ বরোদায় ১৭৭

১ পাতার পর

বধির প্রতিবন্ধী ৩, আই.ডি. ৩টি।

প্রার্থী বাছাই হবে অনলাইন টেস্ট, সাইকোমেট্রিক টেস্ট ও ইন্টারভিউয়ের মাধ্যমে।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৬ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.bankofbaroda.bank.in/careers.htm এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৮৫০ (তপশিলী, প্রতিবন্ধী ও মহিলা হলে ১৭৫) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা দেবেন ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## সামনের ৬ মাসে ডিজিটাল মার্কেটিংয়ে

১ পাতার পর

গ্র্যাজুয়েশন পাশ। এই ব্যাপারে আমরা মতামত জানতে চেয়েছিলাম, রাজ্যের অন্যতম সেরা এডুকেশন ইনস্টিটিউশন ও স্কিলড প্রফেশনালস তৈরির কারিগর NIHT-র ডিজিটাল প্রোগ্রামের হেড অফ দ্যা ডিপার্টমেন্ট অংশুমান শেঠ-এর কাছে। অংশুমানের মতে, “দেখুন আজকের দিনে দাঁড়িয়ে যেকোনো ইন্টারভিউ বোর্ডে ‘আমি জানি’ বললে কেউ বিশ্বাস করে না — ‘আমি করে দেখাতে পারি’ বললে তবে আপনি সুযোগ পাবেন নিজেকে প্রমাণ করার। এতটাই কম্পিটিটিভনেস থাকলে তবে আপনার কেরিয়ার শুরুতেই ভালো কোম্পানিতে হতে পারে। আর ঠিক এখানেই দরকার স্কিলড প্রফেশনালস-এর। কারণ কোনো কোম্পানি এখন আর ট্রেনিং দেওয়ার জন্য আলাদাভাবে খরচ করতে চায় না। তারা চায় তাদের চাহিদা মতোই স্কিলড প্রফেশনালস — যে একসাথে একাধিক ডিপার্টমেন্ট সামলাতে পারবে। কোম্পানি যে ক্যান্ডিডেট-এর মধ্যে এই গুন দেখতে পাবে, তাকেই সিলেক্ট করবে। অর্থাৎ, বেসিক কোয়ালিফিকেশন নয়, চাকরি পেতে গেলে এখন লাগবে কাস্টমাইজড স্কিলড কোয়ালিফিকেশন।” ঠিক কোথা থেকে এই ধরনের ট্রেনিং পাব? উত্তরে এইচওডি জানালেন, ‘আমাদের রাজ্যে ডিজিটাল স্কিলস ডেভেলপমেন্ট ট্রেনিং প্রোভাইডর অনেকেই আছে। কিন্তু খুব কম সংখ্যক ইনস্টিটিউশন, এমপ্লয়ারের চাহিদা অনুযায়ী কাস্টমাইজড ট্রেনিং দেয়। আর ঠিক এইখানেই NIHT-র গুরুত্ব। এখানে শুধুমাত্র কোর্স করানো হয় না — কেরিয়ার তৈরি করা হয়।’ এখানে ট্রেনিং নিতে হলে বেসিক কোয়ালিফিকেশন কী থাকা দরকার? যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েশন পাশ ছেলেমেয়েরা এখানকার ডিজিটাল জব ওরিয়েন্টেড ট্রেনিং নিতে পারবে। ২০০'র বেশি কোম্পানি ডিজিটাল গ্রোথ বাড়াতে এই কোম্পানিকে নিয়োগ করে। ফলে স্বভাবতই এখানকার ছেলেমেয়েরা ওইসব কোম্পানিতে ভালো পে-প্যাকেজে প্লেসড হয়।

### এখানকার ট্রেনিং অন্যদের থেকে আলাদা কোথায়?

উত্তরে কোম্প্যানির চিফ অপারেটিং অফিসার প্রসিত পাল জানালেন, “(১) এখানে শুধুমাত্র ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড ট্রেনিং দেওয়া-ই হয় না, এমপ্লয়ারের চাহিদা মতো প্রার্থীকে ‘ট্রেনড প্রফেশনালস’ হিসাবে তৈরি করে দেওয়া হয়। যাতে যেকোনো বড় কোম্পানিতে ভালো পে-প্যাকেজে সে তার কেরিয়ার শুরু করতে পারে। (২) এখানে রয়েছে ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড স্পেশাল ট্রেনিং মডিউল তথা Master Program In Digital Marketing — যা এখন দেশের মধ্যে অন্যতম ইউনিক ও ফিউচার-রেডি প্রোগ্রাম। এখানে Website Ranking, Organic Growth Strategy'র পাশাপাশি শেখানো হয় Google Ads, Meta Ads আর YouTube Ads — যাতে এখানকার ট্রেনিরা খুব সহজেই বিভিন্ন প্ল্যাটফর্মের উপযোগী কন্টেন্ট বানাতে পারেন। (৩) এই স্পেশাল ট্রেনিং মডিউল (Master Program in Digital Marketing) অন্যদের থেকে অনেকটাই আলাদা। এখানে ‘মাল্টিপারপাস স্কিলড প্রফেশনালস’ হিসাবে ট্রেনিদের তৈরি করা হয়। অর্থাৎ, একমাত্র আমাদের এখানেই ট্রেনিরা একসাথে ৩টি বিষয় ট্রেনিং নিতে পারে — (A) Digital Marketing; (B) Content Creation (Graphics+Video Editing) ও (C) GenAI / Automation Expert. আর কোথাও এই সুবিধা নেই। ফলে স্বভাবতই এখান থেকে যাঁরা ট্রেনিং নেন, তাঁরা ন্যূনতম ৩ গুণ বেশি ভালো প্রোডাক্টিভিটি দেয় — যা যেকোনো ভালো MNC কোম্পানিতে, শুরুতেই ভালো পে-প্যাকেজ নিয়ে, তাঁদের কেরিয়ার শুরু করতে সাহায্য করে। (৪) এই প্রতিষ্ঠানের অন্যতম একটি গুরুত্বপূর্ণ দিক হল — এটি শুধুমাত্র Google ও Meta'র পার্টনার প্রতিষ্ঠানই নয় — এখানে ছেলেমেয়েদের শেখানো হয় সম্পূর্ণ প্র্যাকটিক্যাল-বেসড ডিজিটাল মার্কেটিং — ঠিক যেভাবে একটি লাইভ ডিজিটাল মার্কেটিং এজেন্সি বাস্তবে কাজ করে। (৫) এখানকার ডিজিটাল প্রোগ্রামের সবচেয়ে বড় শক্তি হল Generative AI ও Agentic AI। এখানে ট্রেনিরা বিভিন্ন AI Tools ব্যবহার করে কনটেন্ট আইডিয়া জেনারেশন, কপি রাইটিং, অটোমেশন ও ডাটা অ্যানালাইসিস শেখে — যা বড় বড় MNC কোম্পানিতে ইন্টারভিউ ক্র্যাক করার সময় বিশেষভাবে কাজে লাগে। (৬) এটি একমাত্র প্রতিষ্ঠান যেখানে AI Integrated Digital Marketing শেখানো হয়। এছাড়াও, এখানকার ট্রেনিদের হাই-কোয়ালিটি ভিডিও কনটেন্ট মেকিং ও প্রফেশনাল মানের Instagram Reels ও YouTube Shorts বানানোর টেকনিক এমনভাবে শেখানো হয় — যা চাকরির বাজারে তাদের গুরুত্ব অনেকটাই বাড়িয়ে দেয়। (৭) রাজ্যের মধ্যে একমাত্র এখানেই ট্রেনিদের দেওয়া হয় Live Website Hosting Environment, যেখানে তারা নিজেরাই ওয়েবসাইট তৈরি করে, হাতে-কলমে কাজ করে আর বাস্তবভাবে Website Ranking Strategy, Google Tag Manager সেট-আপ, Facebook Pixel ও Conversion Tracking-এর মতো লাইভ ইন্ডাস্ট্রিয়াল টুল ব্যবহার করা শেখে — যা চাকরির বাজারে এখানকার ট্রেনিদের খুব ভালো মাইলেজ দেয়। (৮) এছাড়াও এখানে রয়েছে একটি State-of-the-Art Studio, যেখানে ট্রেনিরা প্র্যাকটিক্যালভাবে কনটেন্ট তৈরি করতে পারে, ‘লাইভ পডকাস্ট শুট’ করতে পারে ও ‘রিয়েল ইন্ডাস্ট্রি শুটে’ অংশ নিয়ে বাস্তব অভিজ্ঞতা অর্জন করে। ফলে এখানকার ছেলেমেয়েরা ডিজিটাল মার্কেটিংয়ের পাশাপাশি কনটেন্ট প্রোডাকশন ও ব্র্যান্ড কমিউনিকেশনের বাস্তব ধারণা পায় - যা অন্য কোথাও হয় না। (৯) এখানে ট্রেনিং-এর সময় এখানকার ছেলেমেয়েরা নিজের Digital Properties-যেমন ওয়েবসাইট, ক্যাম্পেইন, কনটেন্ট ও অটোমেশন সিস্টেম তৈরি করতে পারে — যা সে ইন্টারভিউয়ের সময় ‘লাইভ প্রজেক্ট’ হিসেবে দেখাতে পারে — যা রাজ্যের অন্য কোনো প্রতিষ্ঠানে নেই।

**পূর্ব ভারতের অন্যতম সেরা প্রতিষ্ঠান যেখানে ৬ মাসের ট্রেনিংয়ে বছরে ৩,৬০,০০০ টাকা মাইনের গ্যারান্টিড চাকরি হচ্ছে। এখনো পর্যন্ত এখান থেকে চাকরি পেয়েছে ৬০,০০০ জনেরও বেশি**

### এখানকার ট্রেনিং নিলে ঠিক কী ধরনের মাইনে শুরুতেই পাওয়া যাবে?

মার্কেটিং, অ্যাডভার্টাইজিং, ফ্র্যাঞ্চাইজিং ও ডিজিটাল মার্কেটিং ডোমেন-এর ২৫ বছরের অভিজ্ঞতা সম্পন্ন এই প্রতিষ্ঠানের এইচওডি অংশুমান শেঠ বললেন, “দেখুন আমাদের এখানে ইন্ডাস্ট্রি সেরা সেরা অভিজ্ঞ ট্রেনারদের দিয়ে বাস্তবসম্মতভাবে ছেলেমেয়েদের এমনভাবে তৈরি করে দেওয়া হয় — যাতে তারা দেশের যেকোনো বড় প্রতিষ্ঠানে যেকোনো সময় ইন্টারভিউ ক্র্যাক করতে পারবেই। এখানকার ছেলেমেয়েদের একটি বিশেষ গুণ ডেভেলপ করানো হয়। তাই খুব সহজেই মধ্যমানের মেধা নিয়ে একজন উচ্চমাধ্যমিক পাশ ছেলে-মেয়ে শুধুমাত্র এখানে ট্রেনিং নিয়ে, বছরে ৩,৬০,০০০ টাকা আকর্ষনীয় পে-প্যাকেজ পায়।” সাধারণ মানের উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা শুধুমাত্র এখানকার ট্রেনিং নিয়ে কিভাবে মাসে ৩০,০০০ টাকা স্যালারি পেতে পারে তা জানতে আজই যোগাযোগ করুন এই নম্বরে : 9830501515 / 9903622993 অথবা সরাসরি চলে আসুন এই ঠিকানায় : NIHT, Bhowanipore Campus, 1st Floor, 16C, Ashutosh Mukherjee Road, Near Home Land Mall, Kolkata - 700 020 বা NIHT, Ultadanga Campus, 3rd Floor, 161/1, CIT Road, CIT Scheme VII M, Scheme 7, Kolkata - 700 054.

## সাপ্তাহিক ঘটনাপ্রবাহ

গত সপ্তাহের পর

**১ নভেম্বর :** ভারতীয় নৌবাহিনীর চিফ অফ পার্সোনেল হিসাবে দায়িত্ব নিলেন ভাইস অ্যাডমিরাল গুরচরণ সিং।

❑ 'ব্যুরো অফ ইন্ডিয়ান স্ট্যান্ডার্ডস'এর ডিরেক্টর জেনারেল হিসাবে দায়িত্ব নিলেন সঞ্জয় গর্গ।

❑ ভারতীয় নৌবাহিনীর ৪০ তম চিফ অফ মেটেরিয়াল হিসাবে দায়িত্ব নিলেন বি.শিবকুমার।

❑ বিশ্বের প্রথম যাচাইযোগ্য কোয়ান্টাম সুবিধা অর্জন করল 'গুগল'এর উইলো কোয়ান্টাম প্রসেসর, যা কম্পিউটিং প্রযুক্তির ক্ষেত্রে এক ঐতিহাসিক অগ্রগতি। 'কোয়ান্টাম ইকোস' নামক একটি অ্যালগরিদম ব্যবহার করে, 'উইলো' চিপটি বিশ্বের দ্রুততম সুপার কম্পিউটারগুলির মধ্যে একটিতে চলমান সবথেকে উন্নত ক্লাসিক্যাল অ্যালগরিদমের থেকে ১৩,০০০ গুণ দ্রুত গণনা সম্পাদন করেছে। কোয়ান্টাম সিস্টেমে তথ্য কীভাবে আদানপ্রদান করে, তা ট্র্যাক করার জন্য পরীক্ষায় 'ওটিওসি' (আউট-অফ-টাইম-অর্ডার কোরিলেটর) নামক একটি কৌশল ব্যবহার করা হয়েছিল।

❑ 'সুস্থ নারী, সশক্ত পরিবার অভিযান' প্রচারাভিযানের অধীনে, ৩টি 'গিনেস ওয়ার্ল্ড রেকর্ড' গড়ল কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক। পোষণ মাস চলার সময় ১৭ সেপ্টেম্বর থেকে ২ অক্টোবর পর্যন্ত দেশব্যাপী এই প্রচারাভিযান পরিচালিত হয়েছিল। এই উদ্যোগের আওতায় প্রথম রেকর্ডটি হল - এক মাসে স্বাস্থ্যসেবা প্ল্যাটফর্মে সর্বাধিক (৩.২১ কোটি) নিবন্ধনকারীর রেকর্ড, দ্বিতীয় রেকর্ডটি হল - এক সপ্তাহে অনলাইনে স্তন ক্যান্সার স্ক্রিনিংয়ের জন্য সর্বাধিক (৯.৯৪ লাখ) লোকের সাইন আপ করার রেকর্ড, তৃতীয় রেকর্ডটি হল - রাজ্য পর্যায়ে এক সপ্তাহে রেকর্ড পরিমাণ (১.২৫ লাখ) মানুষ অনলাইনে ভাইটাল সাইন স্ক্রিনিংয়ের জন্য সাইন আপ করেছেন। ভারত জুড়ে মহিলা, কিশোরী ও শিশুদের স্বাস্থ্যসেবা আর পুষ্টি পরিষেবা জোরদার করার ক্ষেত্রে এটি একটি ঐতিহাসিক পদক্ষেপ।

❑ '৬৭' শব্দটিকে '২০২৫ সালের সেরা শব্দ' হিসাবে বেছে নিল জনপ্রিয় অভিধান ওয়েবসাইট Dictionary.com. আপাতদৃষ্টিতে অর্থহীন এই শব্দটি একটি ব্যাপক সাংস্কৃতিক ঘটনা হয়ে উঠেছে, যা সোশ্যাল মিডিয়ার যুগে ভাষার পরিবর্তনের প্রতিফলন। সামাজিক মাধ্যম ও স্কুলে জেন-আলফা (মূলত ২০১০ সাল থেকে ২০২৪ সালের মধ্যে জন্মগ্রহণ করা প্রজন্ম) এই শব্দটিকে অবিশ্বাস্য দ্রুততার সঙ্গে ছড়িয়ে দিয়েছে। '৬৭' শব্দটি আগের বর্ষসেরা শব্দগুলির থেকে আলাদা। কারণ এটি কোনো জটিল ধারণা বা বড় ঘটনার প্রতিনিধিত্ব করে না। ডিকশনারি মিডিয়া গ্রুপের শব্দকোষ পরিচালক স্টিভ জনসন এটিকে একটি 'ইন্টারজেকশন' বা 'বিস্ময়সূচক শব্দ' হিসাবে বর্ণনা করেছেন।



২০২৫ সালে দুবাইয়ের আল আইনে, 'প্যারা শুটিং বিশ্বকাপ'এ মহিলাদের ১০ মিটার এয়ার রাইফেল স্ট্যান্ডিং এসএইচ১'এ সোনার পদক পেলেন ভারতের অবনী লেখারা। সুইডেনের আন্না বেশনন'কে হারিয়ে এই শিরোপা জেতেন তিনি।

❑ ভারতের ৯০ তম দাবা গ্র্যান্ডমাস্টার হলেন তামিলনাড়ুর চেন্নাইয়ের ১৬ বছর বয়সি দাবাড়ু ইলামপার্থি এ.আর.। ২০২৫ সালে বসনিয়া অ্যান্ড হার্জেগোভিনায়, 'বিজেলজিনা ওপন'এ ইলামপার্থি তাঁর শেষ গ্র্যান্ডমাস্টার নর্ম অর্জন করেন। তামিলনাড়ুর ৩৫ তম গ্র্যান্ডমাস্টার তিনি।

**২ নভেম্বর :** 'ইউনেস্কো'র 'ক্রিয়েটিভ সিটি অফ গ্যাস্ট্রোনমি'র তকমা পেল উত্তর প্রদেশের লখনউ। ইউনেস্কো'র 'ক্রিয়েটিভ সিটিস নেটওয়ার্ক'এর অধীনে এই স্বীকৃতি পেল শহরটি। হায়দরাবাদের পর, ভারতের দ্বিতীয় শহর হিসাবে এই তকমা পেল লখনউ। উজবেক-ই-স্তানের সমরকন্দে, ইউনেস্কো'র ৪৩ তম সাধারণ সম্মেলনে 'বিশ্ব শহর দিবস'এ এই ঘোষণা করা হয়। এবছর বিশ্বের মোট ৭০টি মনোনীত শহরের মধ্যে 'ইউনেস্কো'র নজর কেড়েছে 'ক্রিয়েটিভ সিটি অফ গ্যাস্ট্রোনমি'র তালিকাভুক্ত লখনউয়ের অওধি ক্যুইজিন।

❑ শ্রীহরিকোটার সতীশ ধাওয়ান স্পেস সেন্টার থেকে, সফলভাবে উৎক্ষেপণ হল ভারতের সবথেকে ভারী যোগাযোগ উপগ্রহ 'সিএমএস-০৩'। এই উপগ্রহ কার্যকর হলে দেশের সমুদ্র নিরাপত্তা ও নজরদারিতে এক নতুন শক্তি যুক্ত হবে। সমুদ্রে টহল দেওয়া যুদ্ধজাহাজ, ডুবোযান, নৌ-বিমান, উপকূল সুরক্ষা ব্যবস্থা - সব ক্ষেত্রেই এই উপগ্রহ দ্রুত, নিরাপদ ও গোপন সংকেত আদানপ্রদান নিশ্চিত করবে। এছাড়াও, সমুদ্র সীমান্তে নজরদারি, বিপদ সংকেত গ্রহণ, উদ্ধারকাজ ও জলদস্যু দমনেও বড় ভূমিকা নেবে এই উপগ্রহ।

❑ আইআইটি কানপুর'এর তরফ থেকে, 'ডিস্টিঙ্গুইশড অ্যালুমনি পুরস্কার' পেলেন প্রধান নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার। ১৯৮৯ সালে শুরু হওয়া 'ডিস্টিঙ্গুইশড অ্যালুমনি পুরস্কার' হল আইআইটি কানপুর'এর তরফ থেকে দেওয়া সর্বোচ্চ পুরস্কার, যা তাদের প্রাক্তন ছাত্রদের অসামান্য কৃতিত্বের স্বীকৃতিস্বরূপ দেওয়া হয়। প্রসঙ্গত উল্লেখ্য, ১৯৮৫ সালে আইআইটি কানপুর থেকে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে বি.টেক ডিগ্রি অর্জন করেন তিনি।

❑ দু'দশকের পেশাদার টেনিস থেকে অবসরের সিদ্ধান্ত নিলেন ভারতীয় তারকা রোহন বোপান্না। পেশাদার সার্কিটে বোপান্নার শেষ ম্যাচ ছিল 'প্যারিস মাস্টার্স ১০০০' প্রতিযোগিতায়, যেখানে ডাবলসে তাঁর সঙ্গী ছিলেন আলেকজান্ডার বুবলিক। ২৬টি এটিপি ডাবলস শিরোপা জিতেছেন ৪৫ বছর বয়সি এই তারকা, যার মধ্যে ম্যাথু এবডেন'এর সঙ্গে ২০২৪ সালের 'অস্ট্রেলিয়ান ওপন'ও রয়েছে।

❑ ২০২৫ সালে ফিডে দাবা বিশ্বকাপ ট্রফি'র নামকরণ করা হল ভারতের কিংবদন্তি দাবাড়ু বিশ্বনাথন আনন্দ'র নামে, যা ভারতীয় ক্রীড়া ক্ষেত্রে এক ঐতিহাসিক মুহূর্ত। এখন থেকে এই মর্যাদাপূর্ণ ট্রফিটি আনুষ্ঠানিকভাবে 'বিশ্বনাথন আনন্দ কাপ' নামে পরিচিত হবে। গোয়ার পানজিমে আয়োজিত এক অনুষ্ঠানে এই ঘোষণা করা হয়।

❑ টোয়েন্টি-২০ আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর নিলেন নিউজিল্যান্ডের তারকা ব্যাটসম্যান কেন উইলিয়ামসন। ২০১১ সালে নিউজিল্যান্ডের হয়ে টোয়েন্টি-২০ ক্রিকেটে অভিষেক হয়েছিল তাঁর। টোয়েন্টি-২০ ক্রিকেটে নিউজিল্যান্ডের জার্সিতে ২,৫৭৫ রান করেছেন তিনি। অধিনায়কত্ব করেছেন ৯৩টি ম্যাচে। তাঁর নেতৃত্বে ২০১৬ সাল ও ২০২২ সালের টোয়েন্টি-২০ বিশ্বকাপের সেমিফাইনালে আর ২০২১ সালের টোয়েন্টি-২০ বিশ্বকাপের ফাইনালে খেলেছে নিউজিল্যান্ড।

**৩ নভেম্বর :** আনুষ্ঠানিকভাবে বিশ্বের বৃহত্তম জনস্বাস্থ্যসেবা কর্মসূচিতে পরিণত হল 'আয়ুষ্মান ভারত- প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা', যা ভারত জুড়ে ১২ কোটিরও বেশি পরিবারকে বার্ষিক ৫ লাখ টাকা স্বাস্থ্য পরিষেবা দেয়। ২০১৮ সালের ২৩ সেপ্টেম্বর চালু হওয়ার পর থেকে এই প্রকল্পটি ৪২ কোটি আয়ুষ্মান কার্ড ইস্যু করেছে, যার মধ্যে ৮৬ লাখ প্রবীণ নাগরিক নথিভুক্ত হয়েছেন আর দেশব্যাপী ৩৩ হাজারেরও বেশি হাসপাতালের সঙ্গে এই প্রকল্পটির অংশীদারিত্ব রয়েছে। এই প্রকল্পটির ফলে দেশের স্বাস্থ্যসেবা সংক্রান্ত দারিদ্র্যতা উল্লেখযোগ্যভাবে কমেছে।

**৪ নভেম্বর :** বিশ্বের প্রথম দেশ হিসাবে, ২০০৭ সালের ১ জানুয়ারি বা তারপর জন্ম নেওয়া সব তরুণদের জন্য ধূমপান নিষিদ্ধ করল মলদ্বীপ। মলদ্বীপই হল প্রথম দেশ, যারা প্রজন্মগতভাবে তামাকের ওপর নিষেধাজ্ঞা আরোপ করল। ১ নভেম্বর থেকে এই নিষেধাজ্ঞা কার্যকর হয়েছে। নতুন আইন অনুযায়ী, ওই বয়সসীমার আওতায় যাঁরা পড়বে, তাঁদের জন্য এখন থেকে তামাক কেনা ও বেচা অবৈধ বলে গণ্য হবে। জনস্বাস্থ্য সুরক্ষা ও তামাকমুক্ত প্রজন্ম গড়ে তোলার লক্ষ্যে এই উদ্যোগ নিয়েছে দেশটির স্বাস্থ্যমন্ত্রক।

❑ আনুষ্ঠানিকভাবে 'রামসর সাইট' হিসাবে মনোনীত হল বিহারের কাটিহার জেলায় অবস্থিত 'গোগাবিল হ্রদ', যা আন্তর্জাতিক গুরুত্বের জলাভূমি হিসাবে বিশ্বব্যাপী স্বীকৃতি অর্জন করেছে। এটি বিহারের ষষ্ঠ ও ভারতের ৯৪ তম রামসর সাইট। ৯৪টি রামসর সাইট নিয়ে, এশিয়ায় তৃতীয় অবস্থানে রয়েছে ভারত। প্রথম ও দ্বিতীয় স্থানে রয়েছে যথাক্রমে যুক্তরাজ্য (১৭৬) ও মেক্সিকো (১৪৪)।

**৫ নভেম্বর :** বিশ্ব মঞ্চে একটি ঐতিহাসিক স্থান অর্জন করল ভারতের সমবায় খাত। ২০২৫ সালে কাতারের দোহায়, আইসিএ 'ওয়ার্ল্ড কোঅপারেটিভ মনিটর'এ প্রথম ও দ্বিতীয় স্থান অর্জন করল 'আমূল' (গুজরাত কোঅপারেটিভ মিল্ক মার্কেটিং ফেডারেশন লিমিটেড) ও 'ইন্ডিয়ান ফার্মার্স ফার্টিলাইজার কোঅপারেটিভ লিমিটেড'। এই স্বীকৃতি সমবায় শাসন, অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধি ও গ্রামীণ ক্ষমতায়নে ভারতের নেতৃত্বকে তুলে ধরে।



'নাইটহুড' উপাধিতে ভূষিত হলেন ইংল্যান্ডের কিংবদন্তি ফুটবলার ডেভিড বেকহ্যাম। এদিন, উইন্ডসর ক্যাসলে তাঁকে এই বিশেষ সম্মানে সম্মানিত করেন ইংল্যান্ডের রাজা তৃতীয় চার্লস। খেলাধুলা ও সমাজে অসাধারণ অবদানের জন্য এই সম্মান পেলেন তিনি। এর ফলে, এখন থেকে তাঁকে ডাকা হবে স্যার ডেভিড বেকহ্যাম নামে।

❑ ২০২৫ সালে 'হারুন ইন্ডিয়া ফিলানথ্রোপি তালিকা'য় দেশের সবথেকে দানশীল ব্যক্তিত্বের তকমা পেলেন 'এইচসিএল টেকনোলজিস'এর প্রতিষ্ঠাতা শিব নাদার। গত ৫ বছরের মধ্যে এই নিয়ে চতুর্থবার ভারতের সবথেকে দানশীল ব্যক্তিত্ব হিসাবে নিজের অবস্থান ধরে রেখেছেন তিনি। তাঁর বার্ষিক অনুদানের পরিমাণ ছিল ২,৭০৮ কোটি টাকা। অর্থাৎ, প্রতিদিন তিনি ৭.৪ কোটি টাকা দান করেছেন। শিব নাদার ফাউন্ডেশন'এর মাধ্যমে সারা দেশে শিক্ষা, শিল্প, সংস্কৃতি উদ্যোগগুলিকে সাহায্য করেন তিনি। এরপর ৬২৬ কোটি টাকা অনুদানের সঙ্গে দ্বিতীয় স্থানে রয়েছেন মুকেশ আম্বানি ও তাঁর পরিবার। অন্যদিকে, ৪৪৬ কোটি টাকা অনুদানের সঙ্গে এই তালিকায় তৃতীয় স্থান ধরে রেখেছেন বাজাজ পরিবার।

**৬ নভেম্বর :** স্মৃতি মন্ধানা'কে টপকে, মহিলাদের ক্রিকেট ওয়ান ডে ফরম্যাটে ব্যাটারদের ক্রমতালিকায় শীর্ষ স্থান দখল করলেন দক্ষিণ আফ্রিকা মহিলা ক্রিকেট দলের অধিনায়ক লরা উলভার্ট। তাঁর রেটিং পয়েন্ট ৮১৪। মহিলাদের ওয়ান ডে ক্রিকেটের ওয়ান ডে বিশ্বকাপে সবথেকে বেশি রান (৫৭১) করেছিলেন তিনিই। তবে পুরো টুর্নামেন্ট জুড়ে ব্যাটারদের তালিকায় শীর্ষে ছিলেন স্মৃতি মন্ধানা। যদিও, এখন ৮১১ রেটিং পয়েন্ট নিয়ে তালিকায় দ্বিতীয় স্থানে রয়েছেন ভারতীয় মহিলা ক্রিকেট দলের এই তারকা ওপনার।



২০২৫ সালে 'শান্তি ও নিরাপত্তার জন্য বিশ্ব নেতা পুরস্কার' পেলেন ভারতীয় গুরু ও আধ্যাত্মিক নেতা তথা 'আর্ট অফ লিভিং ফাউন্ডেশন'এর প্রতিষ্ঠাতা গুরুদেব শ্রী শ্রী রবি শঙ্কর। মার্কিন যুক্তরাষ্ট্রের 'হার্ভার্ড বিশ্ববিদ্যালয়'এ, 'বোস্টন গ্লোবাল ফোরাম' ও 'এআই ওয়ার্ল্ড সোসাইটি'র তরফ থেকে এই পুরস্কার দেওয়া হয়েছে। শান্তি প্রতিষ্ঠা, পুনর্মিলন ও মানবিক সেবায় তাঁর অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি। প্রসঙ্গত উল্লেখ্য, এর আগে ফরাসি প্রেসিডেন্ট এমানুয়েল ম্যাক্রোঁ, ইউক্রেনের প্রেসিডেন্ট ভ্লাদিমির জেলেনস্কি ও রাষ্ট্রসঙ্ঘের প্রাক্তন সেক্রেটারি-জেনারেল বান কি-মুন-সহ অন্যান্য আন্তর্জাতিক নেতারা এই পুরস্কার পেয়েছেন।

**৭ নভেম্বর :** প্রথম ভারতীয় প্যারা-অ্যাথলিট হিসাবে, সাধারণদের সঙ্গে জাতীয় তিরন্দাজ দলে নির্বাচিত হয়ে ইতিহাস গড়লেন জম্মু ও কাশ্মীরের ১৮ বছর বয়সি-প্যারা-তিরন্দাজ শীতল দেবী। এর আগে দেশের কোনো প্যারা-তিরন্দাজ সাধারণদের দলে সুযোগ পেয়ে আন্তর্জাতিক স্তরে অংশগ্রহণের নজির গড়তে পারেননি। ২০২৫ সালের ৯ থেকে ১৬ ডিসেম্বর, সৌদি আরবের জেদ্দায় হওয়া 'এশিয়া কাপ'এ স্টেজ-৩'তে মহিলাদের কম্পাউন্ড বিভাগে ভারতের প্রতিনিধিত্ব করেন তিনি। সোনেপতের 'স্পোর্টস অথরিটি অফ ইন্ডিয়া সেন্টার'এ অনুষ্ঠিত জাতীয় ট্রায়ালে অসামান্য পারফরম্যান্সের পর, ১৬ সদস্যের জাতীয় রিকার্ভ ও কম্পাউন্ড তিরন্দাজ দলে স্থান পেয়েছেন তিনি। জাতীয় ট্রায়ালে ৭০৩ স্কোর করে তৃতীয় স্থান অর্জন করে তাঁর স্থান নিশ্চিত করেন তিনি।

**৮ নভেম্বর :** ২০২৫ সালের অক্টোবরে, মূল্যের দিক থেকে ভারতের সর্বাধিক বিক্রিত ওষুধের তকমা পেল মার্কিন যুক্তরাষ্ট্রের ফার্মা জায়ান্ট এলি লিলি'র তৈরি ওজন কমানোর ওষুধ 'মুঞ্জারো'। এটি বহুল ব্যবহৃত অ্যান্টিবায়োটিক গ্ল্যাক্সোস্মিথক্লাইন অগমেন্টিনকে ছাড়িয়ে গেছে। অক্টোবরে 'মুঞ্জারো' ১ বিলিয়ন (১১.৩৮ মিলিয়ন ডলার) আয় করেছে, যেখানে অগমেন্টিন আয় করেছে ৮০০ মিলিয়ন ডলার। মুঞ্জারো ওষুধটি টাইপ ২ ডায়াবেটিস ও ওজন নিয়ন্ত্রণে কাজ করে। সেইসঙ্গে ক্ষুধাও নিয়ন্ত্রণ করে এই ওষুধটি। এর ফলে উল্লেখযোগ্য ওজন কমাতে সাহায্য করে 'মুঞ্জারো'।

❑ কৃত্রিম বুদ্ধিমত্তা বা এআইয়ের চাহিদা মেটাতে, এবার মহাকাশে ডেটা সেন্টার বসানোর পরিকল্পনা নিল মার্কিনি সার্চ জায়ান্ট 'গুগল'। এই লক্ষ্যে ২০২৭ সালের শুরুর দিকে প্রথম পরীক্ষামূলক সরঞ্জাম বা স্যাটেলাইট গুচ্ছ পৃথিবীর কক্ষপথে পাঠাবে কোম্পানিটি। গুগলের 'প্রোজেক্ট সানক্যাচার'এর অধীনে পরিকল্পিত কক্ষপথে থাকা এসব ডেটা সেন্টার অপটিক্যাল লিংকের মাধ্যমে ফলাফল বা তথ্য পৃথিবীতে পাঠাবে, যা তথ্য পাঠাতে আলো বা লেজার রশ্মি ব্যবহার করে। 'প্রোজেক্ট সানক্যাচার' পরিকল্পনা করছে, সৌরচালিত ছোট ছোট স্যাটেলাইটের গুচ্ছ তৈরির, যা গুগলের টিপিইউ প্রসেসর বহন করবে আর ফ্রি-স্পেস অপটিক্যাল লিংকের মাধ্যমে সংযোগ থাকবে। গুগলের মতে, এই প্রকল্পের মূল উদ্দেশ্য হল পরিবেশবান্ধব ও অবিরাম শক্তির উৎস তৈরি করা।

**৯ নভেম্বর :** 'সুপ্রিম কোর্ট'এর নির্দেশ অনুসরণ করে, স্কুল ও হাসপাতালের মতো সংবেদনশীল এলাকা থেকে পথ কুকুরদের স্থানান্তরের জন্য 'সহজীবন' প্রকল্প শুরু করল 'গুয়াহাটি মিউনিসিপ্যাল কর্পোরেশন'। এই প্রকল্পের অধীনে কুকুরদের টিকা দেওয়া হবে, জীবাণুমুক্তকরণ করা হবে ও আশ্রয়কেন্দ্রে স্থানান্তর করা হবে, যা মানুষ-প্রাণী সহাবস্থানকে উৎসাহিত করছে। এই উদ্যোগের লক্ষ্য হল, কুকুরের কামড়ের ঘটনা বৃদ্ধি রোধ করা ও পশুদের কল্যাণ নিশ্চিত করা।

❑ ভারতের প্রথম রাজ্য হিসাবে, সরকারি ও বেসরকারি ক্ষেত্রের সব মহিলা কর্মচারীদের জন্য মাসে একদিন পেইড মেনস্ট্রুয়াল লিভ অনুমোদন করল কর্ণাটক সরকার। এই ছুটি বছরে ১২ দিন রাজ্যের সব সরকারি অফিস, শিক্ষা প্রতিষ্ঠান, কারখানা ও বেসরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য হবে। প্রসঙ্গত উল্লেখ্য, ওড়িশা ও বিহারে শুধুমাত্র সরকারি কর্মচারীদের জন্য একই নীতি চালু রয়েছে।

❑ ২০২৫ সালে 'টাইম আউট'এর সমীক্ষা অনুযায়ী, এশিয়ার সবথেকে সুখী শহরের তকমা পেল মুম্বই। সমীক্ষাটিতে দেখা গেছে, মুম্বইয়ের ৯৪% বাসিন্দা জানিয়েছিলেন তাঁরা তাঁদের শহরে দারুণ আনন্দে থাকেন। ৮৯% মানুষ অন্য যেকোনো স্থানের তুলনায় মুম্বইয়ে বেশি সুখী বোধ করেন। ৮৮% মানুষ বলেন যে এই শহরের মানুষ ইতিবাচক ও ৮৭% মানুষ বিশ্বাস করেন যে মুম্বইয়ে সম্প্রতি সুখ বেড়েছে। এই পরিসংখ্যানই শহরটিকে প্রথম স্থান পেতে সাহায্য করেছে। এই তালিকায় দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে চিনের বেজিং শহর ও চিনেরই সাংহাই শহর।

❑ ভারতের ৯১ তম দাবা গ্র্যান্ডমাস্টার হলেন তামিলনাড়ুর চেন্নাইয়ের ২১ বছর বয়সি রাহুল ভি.এস.। ১ রাউন্ডবাকি থাকতেই, ফিলিপিন্সে ষষ্ঠ 'আসিয়ান ব্যক্তিগত দাবা চ্যাম্পিয়নশিপ' জিতে এই খেতাব অর্জন করেন তিনি। এর আগে, ২০২১ সালের আন্তর্জাতিক মাস্টার খেতাব অর্জন করেন তিনি।

## বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।


## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

**১০ নভেম্বর :** 'ইন্টারপোল মেডেল অফ দ্য হায়েস্ট অর্ডার' পেলেন বাহরাইনের স্বরাষ্ট্রমন্ত্রী জেনারেল শেখ রশিদ বিন আবদুল্লাহ আল খলিফা। ইন্টারপোলের প্রেসিডেন্ট ও সংযুক্ত আরব আমিরশাহীর ইন্সপেক্টর জেনারেল মেজর জেনারেল ড.আহমেদ নাসের আল রাইসি এই পদকটি প্রদান করেন। বিশ্বব্যাপী নিরাপত্তা ও আন্তর্জাতিক আইন প্রয়োগকারী সহযোগিতায় ব্যতিক্রমী অবদানের স্বীকৃতি হিসাবে এই পদকটি দেওয়া হয়।

□ ২০২৫ সালে 'গোল্ডেন পিকক অ্যাওয়ার্ড ফর এক্সেলেন্স ইন কর্পোরেট গভর্নেন্স' পেল ভারতের বেসরকারি দুগ্ধ সংস্থা 'হেরিটেজ ফুডস লিমিটেড'। যুক্তরাজ্যের লন্ডনে, এই পুরস্কার দিয়েছে ভারতের 'ইনস্টিটিউট অফ ডিরেক্টরস'। ১১ জন জাতীয় বিজয়ীদের মধ্যে এই পুরস্কার পেল ওই সংস্থা আর ২০২৫ সালে এই সম্মান অর্জনকারী একমাত্র 'ফাস্ট-মুভিং কনজিউমার গুডস' সংস্থা এটি। প্রসঙ্গত উল্লেখ্য, নীতিগত নেতৃত্ব, সুশাসন ও টেকসই ব্যবসায়িক অনুশীলন প্রচারের জন্য ১৯৯১ সালে 'গোল্ডেন পিকক পুরস্কার' চালু করে 'ইনস্টিটিউট অফ ডিরেক্টরস'।

**১১ নভেম্বর :** 'হারুন রিসার্চ ইনস্টিটিউট'এর সর্বশেষ প্রতিবেদন অনুসারে, বিশ্বের শীর্ষ ১০ বিলিয়নেয়ার হাবের তালিকায় যোগ দিল ভারতের দুই শহর মুম্বই ও নয়াদিল্লি। ৯২ জন বিলিয়নেয়ার নিয়ে বিশ্বব্যাপী তৃতীয় স্থানে রয়েছে মুম্বই। অন্যদিকে, ৫৭ জন বিলিয়নেয়ার নিয়ে তালিকায় নবম স্থানে রয়েছে নয়াদিল্লি। এই প্রথমবারের মতো শীর্ষ ১০টি বিলিয়নেয়ার শহরের তালিকায় প্রবেশ করল নয়াদিল্লি। ১১৯ জন বিলিয়নেয়ার নিয়ে বিশ্বের বিলিয়নেয়ার রাজধানী হিসাবে নিজের জায়গা ধরে রেখেছে নিউ ইয়র্ক সিটি। ৯৭ জন বিলিয়নেয়ার নিয়ে দ্বিতীয় স্থানে রয়েছে লন্ডন।

□ ২০২৫-'২৬ সালে টানা পঞ্চম বছরের জন্য মর্যাদাপূর্ণ আন্তর্জাতিক ব্লু ফ্ল্যাগ সার্টিফিকেশনে ভূষিত হল তামিলনাড়ুর চেঙ্গালপাট্টু জেলার কোভালাম সমুদ্র সৈকত। ডেনমার্কের 'ফাউন্ডেশন ফর এনভায়রনমেন্টাল এডুকেশন'এর মাধ্যমে নির্ধারিত বিশ্বব্যাপী মান পূরণ করে এই সার্টিফিকেশন পেল এই সৈকত। ২০২১ সালের ২১ সেপ্টেম্বর প্রথম ব্লু ফ্ল্যাগ সার্টিফিকেশন অর্জন করে এই সমুদ্র সৈকত, যা তামিলনাড়ুর প্রথম ব্লু ফ্ল্যাগ সার্টিফায়েড সৈকতের তকমা পায়। ২০২৪-'২৫ সালে এখানে রেকর্ড ৫.৫ লাখেরও বেশি পর্যটকের আগমন ঘটেছে।



২০২৫ সালে 'Flesh' বইয়ের জন্য, কথাসাহিত্যে 'আন্তর্জাতিক বুকার পুরস্কার' জিতলেন ৫১ বছর বয়সি কানাডিয়ান-হাঙ্গেরিয়ান-ব্রিটিশ লেখক ডেভিড সাজালে। কয়েক দশক ধরে একজন সাধারণ মানুষের জীবনের গল্প এই বইতে তুলে ধরেছেন তিনি।

☞ এরপর ১০ পাতায়



# পদ্ম পুরস্কার — ২০২৬

২৫ জানুয়ারি, প্রজাতন্ত্র দিবসের আগের দিন এবছরের 'পদ্মবিভূষণ', 'পদ্মভূষণ' ও 'পদ্মশ্রী' প্রাপকদের তালিকা বের করল কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রক। এবছর মোট ১৩১ জনকে পদ্ম সম্মানে ভূষিত করা হচ্ছে। এর মধ্যে ৫ জন পাচ্ছেন 'পদ্মবিভূষণ', ১৩ জন পাচ্ছেন 'পদ্মভূষণ' আর ১১৩ জন পাচ্ছেন 'পদ্মশ্রী' পুরস্কার। চলতি বছরের মার্চ বা এপ্রিলে দিল্লিতে আয়োজিত 'রাষ্ট্রপতি ভবন'এ সবার হাতে এই পুরস্কার তুলে দেওয়া হবে।

### পদ্মবিভূষণ

(১) ধর্মেন্দ্র সিং দেওল (মরণোত্তর, মহারাষ্ট্র) — আর্ট, (২) কে. টি. থমাস (কেরল) — পাব্লিক অ্যাফেয়ার্স, (৩) এন. রজম (উত্তর প্রদেশ) — আর্ট, (৪) পি. নারায়ণন (কেরল) — লিটারেচার অ্যান্ড এডুকেশন, (৫) ভি.এস. অচ্যুতানন্দন (মরণোত্তর, কেরল) — পাব্লিক অ্যাফেয়ার্স।

### পদ্মভূষণ

(৬) অলকা ইয়াগনিক (মহারাষ্ট্র) — আর্ট, (৭) ভগত সিং কোশ্যারি (উত্তরাখণ্ড) — পাব্লিক অ্যাফেয়ার্স, (৮) কালিপট্টি রামাস্বামী পালানিস্বামী (তামিলনাড়ু) — মেডিসিন, (৯) মামুট্টি (কেরল) — আর্ট, (১০) ড. নরি দত্তাত্রেয়ুডু (মার্কিন যুক্তরাষ্ট্র) — মেডিসিন, (১১) পীযূষ পাণ্ডে (মরণোত্তর, মহারাষ্ট্র) — আর্ট, (১২) এস.কে.এম মেইলানন্দন (তামিলনাড়ু) — সোশ্যাল ওয়ার্ক, (১৩) শতভধানি আর. গণেশ (কর্ণাটক) — আর্ট, (১৪) শিবু সোরেন (মরণোত্তর, ঝাড়খণ্ড) — পাব্লিক অ্যাফেয়ার্স, (১৫) উদয় কোটাক (মহারাষ্ট্র) — ট্রেড অ্যান্ড ইন্ডাস্ট্রি, (১৬) ভি. কে. মলহোত্রা (মরণোত্তর, দিল্লি) — পাব্লিক অ্যাফেয়ার্স, (১৭) ভেলাপপল্লি নাটেসন (কেরল) — পাব্লিক অ্যাফেয়ার্স, (১৮) বিজয় অমৃতরাজ (মার্কিন যুক্তরাষ্ট্র) — স্পোর্টস।

### পদ্মশ্রী

(১৯) এ.ই. মুথুনায়াগম (কেরল) — সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, (২০) অনিল কুমার রাস্তোগী (উত্তর প্রদেশ) — আর্ট, (২১) অ্যাঙ্কি গৌড়া এম. (কর্ণাটক) — সোশ্যাল ওয়ার্ক, (২২) আর্মিডা ফার্নান্ডেজ (মহারাষ্ট্র) — মেডিসিন, (২৩) অরবিন্দ বৈদ্য (গুজরাত) — আর্ট, (২৪) অশোক খাদে (মহারাষ্ট্র) — ট্রেড অ্যান্ড ইন্ডাস্ট্রি, (২৫) অশোক কুমার সিং (উত্তর প্রদেশ) — সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, (২৬) বলদেব সিং (পঞ্জাব) — স্পোর্টস, (২৭) ভগবানদাস রাইকোয়ার (মধ্য প্রদেশ) — স্পোর্টস, (২৮) ভরত সিং ভারতী (বিহার) — আর্ট, (২৯) ভিকল্যা লাদাক্যা ধিন্দা (মহারাষ্ট্র) — আর্ট, (৩০) বিশ্ব বন্ধু (মরণোত্তর, বিহার) — আর্ট, (৩১) ব্রিজলাল ভাট (জম্মু ও কাশ্মীর) — সোশ্যাল ওয়ার্ক, (৩২) বুদ্ধ রশ্মি মণি (উত্তর প্রদেশ) — আর্কিওলজি, (৩৩) ড. বুধরি তাতি (ছত্তিশগড়) — সোশ্যাল ওয়ার্ক, (৩৪) চন্দ্রমৌলি গাড্ডামানুগু (তেলেঙ্গানা) — সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, (৩৫) চরণ হেমব্রম (ওড়িশা) — লিটারেচার অ্যান্ড এডুকেশন), (৩৬) চিরঞ্জি লাল যাদব (উত্তর প্রদেশ) — আর্ট, (৩৭) দীপিকা রেড্ডি (তেলেঙ্গানা) — আর্ট, (৩৮) ধার্মিকলাল চুনিলাল পাণ্ড্য (গুজরাত) — আর্ট, (৩৯) গাড্ডে বাবু রাজেন্দ্র প্রসাদ (আন্ধ্রা প্রদেশ) — আর্ট, (৪০) গাফরুদ্দিন মেওয়াতি যোগী (রাজস্থান) — আর্ট, (৪১) গরিমেল্লা বালাকৃষ্ণ প্রসাদ (মরণোত্তর, আন্ধ্রা প্রদেশ) — আর্ট, (৪২) গায়ত্রী বালাসুব্রহ্মনিয়ান ও রঞ্জানি বালাসুব্রহ্মনিয়ান (দ্বৈত, তামিলনাড়ু) — আর্ট, (৪৩) গোপাল জী ত্রিবেদি (বিহার) — সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, (৪৪) গুদুরু ভেঙ্কট রাও (তেলেঙ্গানা) — মেডিসিন, (৪৫) এইচ. ভি. হান্ডে (তামিলনাড়ু) — মেডিসিন, (৪৬) হ্যাল্লি ওয়ার (মেঘালয়) — সোশ্যাল ওয়ার্ক, (৪৭) হরিচরণ সাইকিয়া (অসম) — আর্ট, (৪৮) হরমনপ্রীত কৌর ভুল্লার (পঞ্জাব) — স্পোর্টস, (৪৯) ইন্দ্রজিৎ সিং সিধু (চণ্ডীগড়) — সোশ্যাল ওয়ার্ক, (৫০) জনার্দন বাপুরাও বথি (মহারাষ্ট্র) — সোশ্যাল ওয়ার্ক, (৫১) যোগেশ দেউরি (অসম) — অ্যাগ্রিকালচার), (৫২) জুজের ভাসি (মহারাষ্ট্র) — সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, (৫৩) কে. পাজানিভেল (পুদুচেরি) — স্পোর্টস, (৫৪) কে. রামাস্বামী (তামিলনাড়ু) — সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, (৫৫) কে. বিজয় কুমার (তামিলনাড়ু) — সিভিল সার্ভিস, (৫৬) কবীন্দ্র পুরকায়স্থ (মরণোত্তর, অসম) — পাব্লিক অ্যাফেয়ার্স, (৫৭) কৈলাশ চন্দ্র পন্থ (মধ্য প্রদেশ) — লিটারেচার অ্যান্ড এডুকেশন, (৫৮) কলামন্ডলম বিমলা মেনন (কেরল) — আর্ট, (৫৯) কেওয়াল কৃষ্ণাণ থাকরাল (উত্তর প্রদেশ) — মেডিসিন, (৬০) খেম রাজ সুন্দরিয়াল (হরিয়ানা) — আর্ট, (৬১) কোল্লাকাল দেবকী আম্মা জি (কেরল) — সোশ্যাল ওয়ার্ক, (৬২) কৃষ্ণমূর্তি বালাসুব্রমনিয়ান (তেলেঙ্গানা) — সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, (৬৩) কুমারস্বামী থঙ্গরাজ (তেলেঙ্গানা) — সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, (৬৪) ড. লার্স-ক্রিশ্চিয়ান কোচ (জার্মানি) — আর্ট, (৬৫) লিউডমিলা ভিক্টোরভনা খোখলোভা (রাশিয়া) — লিটারেচার অ্যান্ড এডুকেশন, (৬৬) মাধবন রঙ্গনাথন (মহারাষ্ট্র) — আর্ট, (৬৭) মাগান্তি মুরলি মোহন (আন্ধ্রা প্রদেশ) — আর্ট, (৬৮) মহেন্দ্র কুমার মিশ্র (ওড়িশা) — লিটারেচার অ্যান্ড এডুকেশন, (৬৯) মামিডালা জগদীশ কুমার (দিল্লি) — লিটারেচার অ্যান্ড এডুকেশন, (৭০) মঙ্গলা কাপুর (উত্তর প্রদেশ) — লিটারেচার অ্যান্ড এডুকেশন, (৭১) মীর হাজীভাই কাসমভাই (গুজরাত) — আর্ট, (৭২) মোহন নগর (মধ্য প্রদেশ) — সোশ্যাল ওয়ার্ক, (৭৩) নারায়ণ ব্যাস (মধ্য প্রদেশ) — আর্কিওলজি, (৭৪) নরেশ চন্দ্র দেববর্মা (ত্রিপুরা) — লিটারেচার অ্যান্ড এডুকেশন, (৭৫) নীলেশ বিনোদচন্দ্র ম্যান্ডেলওয়ালা (গুজরাত) — সোশ্যাল ওয়ার্ক, (৭৬) নুরুদ্দিন আহমেদ (অসম) — আর্ট, (৭৭) ওথুভার থিরুথানি স্বামীনাথন (তামিলনাড়ু) — আর্ট, (৭৮) ড. পদ্ম গুরমীত (লাদাখ) — মেডিসিন, (৭৯) পালকোন্ডা বিজয় আনন্দ রেড্ডি (তেলেঙ্গানা) — মেডিসিন, (৮০) পোখিলা লেকথেপি (অসম) — আর্ট, (৮১) ড. প্রভাকর বাসভপ্রভু কোর (কর্ণাটক) — লিটারেচার অ্যান্ড এডুকেশন, (৮২) প্রতীক শর্মা (মার্কিন যুক্তরাষ্ট্র) — মেডিসিন, (৮৩) প্রবীণ কুমার (উত্তর প্রদেশ) — স্পোর্টস, (৮৪) প্রেমলাল গৌতম (হিমাচল প্রদেশ) — সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, (৮৫) ড. পুন্নিয়ামূর্তি নাটেসান (তামিলনাড়ু) — মেডিসিন, (৮৬) আর. কৃষ্ণণ (মরণোত্তর, তামিলনাড়ু) — আর্ট, (৮৭) আর.ভি.এস. মণি (দিল্লি) — সিভিল সার্ভিস, (৮৮) রঘুপথ সিং (মরণোত্তর, উত্তর প্রদেশ) — অ্যাগ্রিকালচার, (৮৯) রঘুবীর তুকারাম খেদকর (মহারাষ্ট্র) — আর্ট, (৯০) রাজস্তাপথি কালিয়াপ্পা গুন্ডার (তামিলনাড়ু) — আর্ট, (৯১) রাজেন্দ্র প্রসাদ (উত্তর প্রদেশ) — মেডিসিন, (৯২) রামা রেড্ডি মামিদি (মরণোত্তর, তেলেঙ্গানা) — অ্যানিমাল হাজবেন্ড্রি, (৯৩) রামমূর্তি শ্রীধর (দিল্লি) — রেডিও ব্রডকাস্টিং, (৯৪) রামচন্দ্র গডবোলে ও সুনীতা গডবোলে (দ্বৈত, ছত্তিশগড়) — মেডিসিন, (৯৫) রতিলাল বরিসাগর (গুজরাত) — লিটারেচার অ্যান্ড এডুকেশন, (৯৬) রোহিত শর্মা (মহারাষ্ট্র) — স্পোর্টস, (৯৭) এস. জি. সুশীলাম্মা (কর্ণাটক) — সোশ্যাল ওয়ার্ক, (৯৮) সাংউসাং এস. পঙ্গীনীর (নাগাল্যান্ড) — আর্ট, (৯৯) নিরঞ্জন দাস (পঞ্জাব) — স্পিরিচুয়ালিজম, (১০০) শরৎ কুমার পাত্র (ওড়িশা) — আর্ট, (১০১) সতীশ শাহ (মরণোত্তর, মহারাষ্ট্র) — আর্ট, (১০২) সত্যনারায়ণ নুওয়াল (মহারাষ্ট্র) — ট্রেড অ্যান্ড ইন্ডাস্ট্রি, (১০৩) সবিতা পুনিয়া (হরিয়ানা) — স্পোর্টস, (১০৪) শফি শাউক (জম্মু ও কাশ্মীর) — লিটারেচার অ্যান্ড এডুকেশন, (১০৫) শশী শেখর ভেম্পতি (কর্ণাটক) — লিটারেচার অ্যান্ড এডুকেশন, (১০৬) শ্রীরাং দেভাবা ল্যাড (মহারাষ্ট্র) — অ্যাগ্রিকালচার, (১০৭) শুভ ভেঙ্কটেশ ইয়েঙ্গার (কর্ণাটক) — সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, (১০৮) শ্যামসুন্দর (উত্তর প্রদেশ) — মেডিসিন, (১০৯) সিমাঞ্চল পাত্র (ওড়িশা) — আর্ট, (১১০) শিবাশঙ্করী (তামিলনাড়ু) — লিটারেচার অ্যান্ড এডুকেশন, (১১১) ড. সুরেশ হানাগাবডি (কর্ণাটক) — মেডিসিন, (১১২) স্বামী ব্রহ্মদেব জি মহারাজ (রাজস্থান) — সোশ্যাল ওয়ার্ক, (১১৩) টি. টি. জগন্নাথন (মরণোত্তর, কর্ণাটক) — ট্রেড অ্যান্ড ইন্ডাস্ট্রি, (১১৪) তেগা রাম ভিল (রাজস্থান) — আর্ট, (১১৫) তেচি গুবিন (অরুণাচল প্রদেশ) — সোশ্যাল ওয়ার্ক, (১১৬) থিরুভারুর বক্তাভাথসালাম (তামিলনাড়ু) — আর্ট, (১১৭) ভীজিনাথন কামাকটি (তামিলনাড়ু) — সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, (১১৮) ভেম্পতি কুতুম্ব শাস্ত্রী (আন্ধ্রা প্রদেশ) — লিটারেচার অ্যান্ড এডুকেশন), (১১৯) ভ্লাদামির মেস্টভিরিশিবলি (মরণোত্তর, জর্জিয়া) — স্পোর্টস, (১২০) জুমনাম যত্র সিং (মরণোত্তর, মণিপুর) — আর্ট। (১২১) অশোক কুমার হালদার (পশ্চিমবঙ্গ) — লিটারেচার অ্যান্ড এডুকেশন, (১২২) গম্ভীর সিং ইয়নজন (পশ্চিমবঙ্গ) — লিটারেচার অ্যান্ড এডুকেশন, (১২৩) হরিমাধব মুখোপাধ্যায় (মরণোত্তর, পশ্চিমবঙ্গ) — আর্ট, (১২৪) জ্যোতিষ দেবনাথ (পশ্চিমবঙ্গ) — আর্ট, (১২৫) কুমার বোস (পশ্চিমবঙ্গ) — আর্ট, (১২৬) মহেন্দ্র নাথ রায় (পশ্চিমবঙ্গ) — লিটারেচার অ্যান্ড এডুকেশন, (১২৭) প্রসেনজিৎ চট্টোপাধ্যায় (পশ্চিমবঙ্গ) — আর্ট, (১২৮) রবিলাল টুডু (পশ্চিমবঙ্গ) — লিটারেচার অ্যান্ড এডুকেশন, (১২৯) সরোজ মণ্ডল (পশ্চিমবঙ্গ) — মেডিসিন, (১৩০) তরুণ ভট্টাচার্য (পশ্চিমবঙ্গ) — আর্ট, (১৩১) তৃপ্তি মুখার্জী (পশ্চিমবঙ্গ) — আর্ট।

## বাংলা থেকে 'পদ্মশ্রী' পুরস্কার পেলেন যাঁরা

এবছর পশ্চিমবঙ্গ থেকে মোট ১১ জন ব্যক্তিত্ব 'পদ্ম' পুরস্কারের জন্য নির্বাচিত হলেন। সবাই 'পদ্মশ্রী' পুরস্কার পাচ্ছেন। এবছর 'পদ্মবিভূষণ' বা 'পদ্মভূষণ' বিভাগে বাংলার কোনো প্রতিনিধি নেই।



**প্রসেনজিৎ চট্টোপাধ্যায় :** ৫ দশকেরও বেশি দীর্ঘ কেরিয়ারে ৩৫০টিরও বেশি চলচ্চিত্রে অভিনয় করেছেন বাংলা চলচ্চিত্র জগতের এই অন্যতম জনপ্রিয় অভিনেতা।

**অশোক কুমার হালদার :** কর্মজীবনের শুরুতে রেলে গার্ড হিসাবে কাজ করা মালদহের অশোক কুমার হালদার পরবর্তী জীবনে একজন পরিচিত দলিত লেখক হিসাবে আত্মপ্রকাশ করেন।

**হরিমাধব মুখোপাধ্যায় :** দক্ষিণ দিনাজপুরের বাসিন্দা প্রয়াত হরিমাধব মুখোপাধ্যায় ছয় দশকেরও বেশি সময় ধরে নাট্যচর্চার সঙ্গে যুক্ত ছিলেন। তিনি ৬০টিরও বেশি নাটক পরিচালনা করেছেন, নাটক লিখেছেন ও মঞ্চে অভিনয় করেছেন।

**কুমার বোস :** সঙ্গীত জগতে পাঁচ দশকেরও বেশি সময় ধরে অবদান রয়েছে তবলাবাদক কুমার বোসের।

**সরোজ মণ্ডল :** চিকিৎসা জগতে 'কার্ডিওলজি' বিভাগে গুরুত্বপূর্ণ অবদান রয়েছে তাঁর।

**তরুণ ভট্টাচার্য :** সন্তুর ওস্তাদ তরুণ ভট্টাচার্য'ও এবছর 'পদ্মশ্রী' পুরস্কার পাচ্ছেন।

**তৃপ্তি মুখার্জী :** কাঁথা স্টিচ হ্যান্ডিক্র্যাফট নিয়ে দীর্ঘদিন কাজ করছেন তিনি। ২০ হাজারেরও বেশি মহিলাকে হস্তশিল্পের প্রশিক্ষণ দিয়েছেন তিনি।

**গম্ভীর সিং ইয়নজন :** সারা জীবন পাহাড়ের গাছগাছালি নিয়ে চর্চা করেছেন 'কালিম্পং কলেজ'এর এই প্রাক্তন অধ্যক্ষ।

**জ্যোতিষ দেবনাথ :** মসলিন শিল্পে অবদানের জন্য এবছর 'পদ্মশ্রী' পুরস্কার পাচ্ছেন বর্ধমানের বাসিন্দা জ্যোতিষ দেবনাথ।

**মহেন্দ্রনাথ রায় :** রসায়নের অধ্যাপক মহেন্দ্রনাথ রায়ের উল্লেখযোগ্য অবদান রয়েছে ন্যানোজিম নিয়ে গবেষণায়।

**রবিলাল টুডু :** সাঁওতাড় সাহিত্যে অবদানের জন্য এবছর 'পদ্মশ্রী' পুরস্কার পাচ্ছেন কালনার বাসিন্দা রবিলাল টুডু।

## পুলিশে চাকরির

■ *পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের বিজ্ঞপ্তি এবছর কবে বেরোবে? এই পদের জন্য কি শুধুমাত্র একটিই পরীক্ষা হবে না, প্রিলিমিনারি ও মেনস দু'টি পরীক্ষা হবে? এই পরীক্ষার কাট অফ নম্বর কত থাকে? — সপ্তা মন্ডল, নীলগঞ্জ, বারাসাত, উত্তর ২৪ পরগনা। পার্থ চক্রবর্তী, সন্দেশখালি, দক্ষিণ ২৪ পরগনা। চন্দন অধিকারী, পশ্চিম জিৎপুর, ভোলারডাবরি, আলিপুরদুয়ার। তপন মাহাতো, পূর্ব মেদিনীপুর।*

■■ পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের জন্য এবছর আবার বিজ্ঞপ্তি বেরোবে মার্চ মাস নাগাদ। প্রায় ১০ হাজার শূন্যপদের জন্য দরখাস্ত নেওয়া হতে পারে। প্রার্থী বাছাইয়ের জন্য একটিই লিখিত পরীক্ষা হবে। মেনস পরীক্ষা নেই। লিখিত পরীক্ষায় সফল হলে মাঠ পরীক্ষা। তারপর ইন্টারভিউ। ২০২৪ সালের পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের লিখিত পরীক্ষায় কাট অফ নম্বর ছিল ছেলেদের বেলায় — জেনারেল প্রার্থীদের ক্ষেত্রে ৪৮.৫০, জেনারেল (ই.সি., এন.ভি.এফ., হোম গার্ড, প্রাক্তন সমরকর্মী, সি.ভি/ডি.পি.ভি, মেধাবী খেলোয়াড়) ৪২, ই.ডব্লু.এস. ২৮, ই.ডব্লু.এস. (ই.সি.) ২১.৫০, ই.ডব্লু.এস. (তঃজাঃ) ৩৯.২৫, তপশিলী জাতি (ই.সি., এন.ভি.এফ, হোম গার্ড, প্রাঃসংকঃ, সি.ভি / ডি.পি.ভি) ৩২.৭৫, তপশিলী উপজাতি ৩২.৫০, তপশিলী উপজাতি (ই.সি., এন.ভি.এফ, হোম গার্ড, প্রাঃসংকঃ, সি.ভি / ডি.পি.ভি) ২৬, ও.বি.সি.-এ ক্যাটেগরি ৪১.৫০, ও.বি.সি.-এ ক্যাটেগরি (ই.সি., এন.ভি.এফ, হোম গার্ড, প্রাঃসংকঃ, সি.ভি / ডি.পি.ভি) ৩৫, ও.বি.সি.-বি ৪১.২৫, ও.বি.সি.-বি ক্যাটেগরি (ই.সি., এন.ভি.এফ, হোম গার্ড, সি.ভি / ডি.পি.ভি) ৩৪.৭৫।

মেয়েদের বেলায় — জেনারেল প্রার্থীদের ক্ষেত্রে ৩৬, জেনারেল (ই.সি., এন.ভি.এফ., হোম গার্ড, প্রাক্তন সমরকর্মী, সি.ভি/ ডি.পি.ভি, মেধাবী খেলোয়াড়) ২৯.৫, ই.ডব্লু.এস. ১২, ই.ডব্লু.এস. (ই.সি.) ১০, ই.ডব্লু.এস. (তঃজাঃ) ২৬.২৫, তপশিলী জাতি (ই.সি., এন.ভি.এফ, হোম গার্ড, প্রাঃসংকঃ, সি.ভি / ডি.পি.ভি) ১৯.৭৫, তপশিলী উপজাতি ২৭.২৫, তপশিলী উপজাতি (ই.সি., এন.ভি.এফ, হোম গার্ড, সি.ভি / ডি.পি.ভি) ২০.৭৫, ও.বি.সি.-এ ক্যাটেগরি ২৪.৭৫, ও.বি.সি.-এ ক্যাটেগরি (ই.সি., এন.ভি.এফ, হোম গার্ড, সি.ভি / ডি.পি.ভি) ১৮.২৫, ও.বি.সি.-বি ২৭, ও.বি.সি.-বি ক্যাটেগরি (ই.সি., এন.ভি.এফ, হোম গার্ড, সি.ভি / ডি.পি.ভি) ২১.২৫।

## মাদ্রাসা সার্ভিসের

■ *মাদ্রাসা সার্ভিস কমিশনের মাধ্যমে নবম-দশম ও একাদশ-দ্বাদশ শ্রেণির শিক্ষক-শিক্ষিকা নিয়োগ হবে কি? — চিরঞ্জীৎ সরকার, বড় বড়ুয়া, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর।*

■■ আপাতত কোনো খবর নেই।

## রেলে চাকরির

■ *রেলে গ্রুপ-ডি পদের যে ফর্ম পূরণ শুরু হয়েছে, তার পরীক্ষা কবে হতে পারে? — সুশান্ত রায়, বো-গ্রাম, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর।*

■■ পরীক্ষা জুন-জুলাইয়ের আগে হওয়ার সম্ভাবনা নেই।

■ *রেলের বিজ্ঞপ্তি নং ১/ ২০২৫ এ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদের পরীক্ষা কবে হবে? — শ্যামল অধিকারী, নৈহাটী, উত্তর ২৪ পরগনা।*

■■ পরীক্ষা হবে ১৩, ১৬, ১৭ ও ১৮ ফেব্রুয়ারি।

## ডাক বিভাগের

■ *গ্রামীণ ডাক সেবক পদে এবছর কি লোক নেওয়া হবে? — সুমন গিরি, কাঁথি, পূর্ব মেদিনীপুর।*

■■ হ্যাঁ, এবছর এই পদে প্রায় ৩০ হাজার শূন্যপদে ছেলেমেয়ে নিয়োগের বিজ্ঞপ্তি বেরিয়েছে। বিস্তারিত তথ্য গত সংখ্যায় দেওয়া হয়েছে। দরখাস্ত করবেন অনলাইনে, ১৪ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : https://indiapost.gov.in/gdsonlineengagement

■ *গ্রামীণ ডাক সেবক পদে কীভাবে প্রার্থী বাছাই হয়? যাঁরা আগে মাধ্যমিক পাশ করেছেন, তাঁরা কি প্রেফারেন্স পাবেন? মেরিট লিস্ট কীভাবে তৈরি হয়? এটি কি স্থায়ী চাকরি না, চুক্তিভিত্তিক চাকরি? পেনশন দেওয়া হয় কি? কেন্দ্রীয় সরকারি কর্মীদের মতো সুযোগ-সুবিধা পাওয়া যায় কি? — মনোজ দাস, কোরা, মধ্যমগ্রাম, উত্তর ২৪ পরগনা। তপতী বিশ্বাস, পূর্ব বর্ধমান।*

■■ গ্রামীণ ডাক সেবক পদের জন্য প্রার্থী বাছাই হয় মাধ্যমিকে পাওয়া নম্বরের ওপর ভিত্তি করে। আগে যাঁরা মাধ্যমিক পাশ করেছিলেন, তাঁদের নম্বর হয়তো এখনকার তুলনায় কম, তাও তাঁরা বাড়তি কোনো সুবিধা পাবেন না। সবার জন্য একই পদ্ধতিতেই মেরিট লিস্ট তৈরি হবে। তবে আগের প্রার্থীরা কিছু ক্ষেত্রে সুবিধা পেয়ে থাকেন। যেমন আগে পাশ করা আর এখনকার পাশ প্রার্থীর নম্বর যদি একই হয়, তাহলে আগের প্রার্থী আগে সুযোগ পাবেন বয়স অনুযায়ী, ক্যাটেগরি অনুযায়ী। যে কেন্দ্রে দরখাস্ত করবেন, সেই কেন্দ্রের মেরিট লিস্ট আলাদা হয়। সর্বভারতীয় বা, জেলাভিত্তিক মেরিট এখানে হয় না। সেই জন্য দেখা যায়, কোনো কেন্দ্রে ৯৭ শতাংশ নম্বর পাওয়া প্রার্থী সুযোগ পাননি, কিন্তু অন্য কোনো কেন্দ্রে ৯০ শতাংশ নম্বর পাওয়া প্রার্থী সুযোগ পেয়েছেন। গ্রামীণ ডাক সেবক পদটিকে কেন্দ্রীয় সরকারের 'এক্সট্রা ডিপার্টমেন্টাল কর্মী' বলা হয়। তবে কখনোই কেন্দ্রীয় সরকারি কর্মী বলে দাবি করতে পারবেন না। কেন্দ্রীয় সরকারের মতো কোনো সার্ভিস বুক এখানে থাকে না। তবে এটি চুক্তিভিত্তিক চাকরিও নয়। ৬৫ বছর বয়স পর্যন্ত চাকরি করতে পারবেন। দৈনিক ৫ ঘন্টা করে কাজ করতে হবে, তবে তার সময়সীমা বাড়তেও পারে। স্থায়ী চাকরি হলেও কেন্দ্রীয় সরকারি কর্মীর মতো অন্যান্য সুযোগ সুবিধা পাবেন না। এই পদে ৩ বছর চাকরি করার পর ডিপার্টমেন্টাল পরীক্ষা দিয়ে প্রোমোশন পেয়ে ডায়রেক্ট পোস্ট অফিসের কর্মী হতে পারেন। কেন্দ্রীয় সরকারি কর্মীদের মতোই বেসিক মাইনের সঙ্গে মহার্ঘ ভাতা দেওয়া হয়। জি.ডি.এস. পদে কোনো পেনশন নেই। চাকরির শেষে এককালীন টাকা দেওয়া হয়।

## পি.এস.সি.'র

■ *২০২৩ সালের ডব্লু.বি.সি.এস. গ্রুপ-এ ও গ্রুপ-বি'এর চূড়ান্ত ফল বেরিয়েছে। কাট অফ নম্বর কেমন হয়েছে? — জাভেদ শামিম, পূর্ব মেদিনীপুর।*

■■ ২০২৩ সালের ডব্লু.বি.সি.এস.'র গ্রুপ-এ'তে কাট অফ নম্বর হয়েছে জেনারেলদের বেলায় ১,১১৫.১৭, ই.ডব্লু.এস. ১,০০১.৫, ও.বি.সি.-এ ক্যাটেগরি ১,০৯৫.৫, ও.বি.সি.-বি ক্যাটেগরি ১,০৯০.২৫, তপশিলী জাতি ১,০০৭, তপশিলী উপজাতি ৯৪৫.৫, প্রতিবন্ধী-এ ১,০০৩.২৫, প্রতিবন্ধী-বি-৮৯৯, প্রতিবন্ধী-সি ৮৬১.৫, প্রতিবন্ধী-ডি ৬৫২.৮৩। গ্রুপ-বি'তে কাট অফ নম্বর হয়েছে জেনারেলদের বেলায় ১,১৪২.৭৫, ই.ডব্লু.এস. ১,০৮৩.২৫, ও.বি.সি.-এ ক্যাটেগরি ১,১১৮,৭৫, ও.বি.সি.-বি ক্যাটেগরি ১,১৬১, তপশিলী জাতি ১,০৪২, তপশিলী উপজাতি ১,০০৬.২৫।

# জিজ্ঞাসা

সাম্প্রতিক তথ্যে ভরা

**চা**করির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এই বিভাগে উত্তর পেতে হলে E-mall করুন এই নম্বরে : karmajlggasa@gmall.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

## স্কুল সার্ভিসের

■ *স্কুল সার্ভিস কমিশনের গ্রুপ-সি ও গ্রুপ-ডি পদের জন্য পরীক্ষার সময় কি বাড়ানো হয়েছে? — বিকাশ হালদার, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

■■ হ্যাঁ, গ্রুপ-ডি পদের জন্য সময় থাকবে ১ ঘন্টা ২০ মিনিট আর গ্রুপ-সি পদের জন্য সময় থাকবে ১ ঘন্টা ৫০ মিনিট।

■ *স্কুল সার্ভিসের মাধ্যমে লাইব্রেরিয়ান পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? — মুক্তার আনসারি, পুরুলিয়া।*

■■ আপাতত কোনো খবর নেই। তবে গেজেট বিজ্ঞপ্তি অনেক আগেই প্রকাশ হয়েছে। তাই যে কোনো সময়ই বিজ্ঞপ্তি বেরোতে পারে।

■ *স্কুল সার্ভিসের গ্রুপ-সি'এর ফর্ম পূরণের সময় নামের বানান ভুল হয়েছে, এজন্য অসুবিধা হবে কি? — অরূপ হলদার, জয়নগর, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ এই ধরনের ভুলের জন্য সাধারণত অসুবিধা হয় না।

■ *'ইগনু' থেকে অঙ্কে এম.এসসি. করে স্কুল সার্ভিসের এস.এল.এস.টি. পরীক্ষা দেওয়া যায় কি? — জয়ন্ত ঘোষ।*

■■ হ্যাঁ, যাবে।

## প্রাইমারি চাকরির

■ *এবছর প্রাইমারি ও আপার প্রাইমারির পরীক্ষা হবে কি? — আকবর আলি, করণদীঘি, উত্তর দিনাজপুর। সিদ্ধার্থ দে, গোলপার্ক, কলকাতা।*

■■ প্রাইমারি ও আপার প্রাইমারি দু'টি স্তরের পরীক্ষা হওয়ার কথা এবছর। কিন্তু এখনো কোনো পরীক্ষারই দরখাস্ত নেওয়া শুরু হয়নি।

■ *প্রাইমারি টিচার পদের চতুর্থ ফেজের ইন্টারভিউ কবে থেকে শুরু হবে? — মনিকা ঘোষ, অশোকনগর, হাবড়া, উত্তর ২৪ পরগনা। বিকাশ মাহাতো, পুরুলিয়া।*

■■ চতুর্থ ফেজের ইন্টারভিউ সংক্রান্ত বিজ্ঞপ্তি এ সপ্তাহেই বেরোবে।

## কোর্স ও ট্রেনিং

■ *২০১৫ সালে বি.এসসি., ২০১৭ সালে এম.এসসি., ২০২৮-'২০ সালে বি.এড. পাশ করেছি। এখন ২০২৬-'৩০ সালে বি.এসসি. বা, এম.এসসি. করি, তাহলে আগের করা বি.এড. কি বৈধ থাকবে? — জয়ন্ত ঘোষ।*

■■ একবার বি.এড. করলে তার বৈধতা নষ্ট হয় না। সারাজীবন ওই বি.এড.'এর বৈধতা থাকে। উচ্চ শিক্ষাগত যোগ্যতা অর্জনের জন্য আবার ডিগ্রি ও মাস্টার ডিগ্রি করতেই পারেন। অন্যান্য চাকরির ক্ষেত্রে অসুবিধা না হলেও স্কুল শিক্ষক হওয়ার ক্ষেত্রে একটু অসুবিধা হতে পারে। সাধারণত যে বিষয়ে ডিগ্রি বা, মাস্টার ডিগ্রি করবেন, সেই বিষয়ে বি.এড. করা থাকলে স্কুল শিক্ষক পদের জন্য যোগ্য। এক্ষেত্রে অন্য কোনো বিষয়ে এখন ডিগ্রি বা, মাস্টার ডিগ্রি করলে আগের বি.এড.'এর সঙ্গে বিষয়ের মিসম্যাচ হলে অসুবিধা হতে পারে।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা একনজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| PSC-র মাধ্যমে রাজ্যে ক্লার্ক | মাধ্যমিক পাশ | - | - | https://wbpsc.gov.in |
| PSC-র মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার মাধ্যমে অফিসার | গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| PSC-র মাধ্যমে রাজ্য সরকারে সহ-শিক্ষক | গ্র্যাজুয়েট, পোস্ট-গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| প্রতিরক্ষা কারখানায় অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক | ৩,৯৭৭ | ৩-৩-২৬ | https://recruit-gov.com |
| UPSC-র সিভিল সার্ভিস পরীক্ষার মাধ্যমে অফিসার | গ্র্যাজুয়েট | ৯৩৩ | ২৪-২-২৬ | www.upsconline.gov.in |
| নেভিতে অফিসার | গ্র্যাজুয়েট | ২৬০ | ২৪-২-২৬ | www.joinindiannavy.gov.in |
| রেলে গ্রুপ-ডি | মাধ্যমিক ITI পাশ | ২২,০০০ | ২-৩-২৬ | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইটে পাবেন |
| সি.এস.আই.আর-এ টেকনিশিয়ান | গ্র্যাজুয়েট | ৮০ | ২৩-২-২৬ | www.ccmb.res.in |
| ডাক বিভাগে গ্রামীণ ডাক সেবক | মাধ্যমিক | ৩০,০০০ | ১৪-২-২৬ | https://indiapost.gov.in |
| স্টেট ব্যাঙ্কে অফিসার | গ্র্যাজুয়েট | ২,০৫০ | ১৮-২-২৬ | https://sbi.bank.in |
| হেভি ভেহিক্যালস ফ্যাক্টরিতে জুনিয়র টেকনিশিয়ান | আই.টি.আই. | ১২২ | ১৪-২-২৬ | www.ddpdoo.gov.in |

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে হবে, কোন ওয়েবসাইট থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ইত্যাদি তথ্য এবার এই বিভাগে দেওয়া হবে।

| পদ | পরীক্ষার তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|
| PSC-WBCS-2024 প্রিলি পরীক্ষা | মার্চ - এপ্রিল | www.wbpsc.gov.in |
| স্কুল সার্ভিস গ্রুপ-সি পরীক্ষা | ১ মার্চ, ২০২৬ | www.wbpsc.gov.in |
| স্কুল সার্ভিস গ্রুপ-ডি পরীক্ষা | ৮ মার্চ, ২০২৬ | www.wbpsc.gov.in |
| UPSC-র NDA & NA (I), 2026 পরীক্ষা | ১২ এপ্রিল, ২০২৬ | www.upsconline.nic.in |
| UPSC-র CDS (I), 2026 পরীক্ষা | ১২ এপ্রিল, ২০২৬ | www.upsconline.nic.in |
| CAPFS-র কনস্টেবল (জি.ডি.) 2026 কম্পিউটার বেসড পরীক্ষা | ২৩ ফেব্রুয়ারি থেকে | https://ssc.gov.in |
| SSC-এর মাল্টি টাস্কিং স্টাফ ও হাবলদার 2025 পরীক্ষা | ৪-১৫ ফেব্রুয়ারি | www.ssc.gov.in |
| রিজার্ভ ব্যাঙ্কে অফিস অ্যাটেন্ড্যান্ট | ২৮ ফেব্রুয়ারি, ১ মার্চ | www.rbi.org.in |
| শিলিগুড়ি, হাওড়া, উত্তর দিনাজপুর জেলার প্রাইমারির ইন্টারভিউ | ৯-১৩ ফেব্রুয়ারি | www.wbbpeonline.com |
| রেলের অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদের CBT পরীক্ষা | ১৩-১৮ ফেব্রুয়ারি | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট |
| প্রাইমারি স্পেশাল এডুকেটর পদের পরীক্ষা | ২২ ফেব্রুয়ারি | www.wbbpeonline.com |
| পশ্চিমবঙ্গ পুলিশের সাব-ইন্সপেক্টর পদের মেনস পরীক্ষা | ২২ ফেব্রুয়ারি | https://prb.wb.gov.in |

# স্কুল সার্ভিস গ্রুপ 'ডি'

1. রবীন্দ্রনাথ ঠাকুরের 'সহজ পাঠ' বইটির অলংকরণ করেছিলেন কে?
(A) অবনীন্দ্রনাথ ঠাকুর (B) গগনেন্দ্রনাথ ঠাকুর
(C) রামকিঙ্কর বেইজ (D) নন্দলাল বসু

2. নীচের কোনটিকে 'প্রাকৃতিক বৃক্ক' বলা হয়?
(A) জলাভূমিকে (B) নদীকে (C) সমুদ্রকে (D) ভূগর্ভস্থ জলকে

3. সম্প্রতি ভারতের কোন রাজ্য গুটখা, পান মশলা ও তামাকজাত দ্রব্যের ওপর নিষেধাজ্ঞা জারি করেছে?
(A) তেলেঙ্গানা (B) ওড়িশা (C) পঞ্জাব (D) রাজস্থান

4. কোন দেশের সংবিধানকে 'ওয়েমার সংবিধান' (Weimar Constitution) বলা হয়?
(A) ফ্রান্স (B) জার্মানি (C) রাশিয়া (D) কানাডা

5. 'প্রত্যেক পুষ্টি স্তরে, তার পূর্ববর্তী শক্তি স্তর থেকে কেবলমাত্র 10% শক্তি প্রবাহিত হয়'— এই সূত্রটি হল—
(A) অ্যালেনের সূত্র (B) বার্গম্যানের সূত্র
(C) স্নেলের সূত্র (D) লিন্ডেম্যানের সূত্র

6. প্রাকৃতিক পরিবেশের ভারসাম্য নষ্ট না করে মানুষের দীর্ঘমেয়াদী উন্নয়নকে কী বলা হয়?
(A) অর্থনৈতিক উন্নয়ন (B) সামাজিক উন্নয়ন
(C) সুস্থায়ী বা সাসটেইনেবল উন্নয়ন (D) মানব উন্নয়ন

7. 'জেলিফিশ' কোন পর্বের অন্তর্গত একটি প্রাণী?
(A) পরিফেরা (B) টেনোফোরা (C) অ্যানিলিডা (D) নিডারিয়া

8. হৃদপিণ্ডের ত্রিপত্র কপাটিকা (Tricuspid valve) অবস্থিত—
(A) বাম অলিন্দ ও বাম নিলয় (B) বাম অলিন্দ ও ফুসফুসীয় শিরার মাঝে (C) ডান অলিন্দ ও ফুসফুসীয় ধমনীর মাঝে (D) ডান অলিন্দ ও ডান নিলয়ের মাঝে

9. আমাদের সৌরজগৎ কোন গ্যালাক্সির অন্তর্গত?
(A) অ্যান্ড্রোমেডা (B) ওয়ার্লপুল (C) সোমব্রেরো (D) মিল্কিওয়ে

10. কোথায় হিন্দু, বৌদ্ধ ও জৈন এই তিনটি ধর্মই খোদাই করা আছে?
(A) অজন্তা গুহা (B) এলিফ্যান্টা গুহা (C) বারাবার গুহা (D) ইলোরা গুহা

11. 2025 সালে 'জাতীয় পরিবেশ দিবস'এর থিম কী ছিল?
(A) আওয়ার ল্যান্ড আওয়ার ফিউচার, উই আর জেনারেল রিস্টোরেশান (B) বিট প্লাস্টিক পলিউশন (C) ওনলি ওয়ান আর্থ (D) সলিউশনস টু প্লাস্টিক পলিউশন

12. 'Straight from the Heart' — এই আত্মজীবনীমূলক বইটি কার লেখা?
(A) সুনীল গাভাসকর (B) অনিল কুম্বলে
(C) শচীন তেন্ডুলকর (D) কপিল দেব

13. 'উগাদি' উৎসব পালিত হয় ভারতের কোন রাজ্যে?
(A) তামিলনাড়ু (B) আন্ধ্র প্রদেশ ও কর্ণাটক (C) ওড়িশা (D) পঞ্জাব

14. কার জন্মবার্ষিকী উপলক্ষ্যে 29 জুন তারিখে 'ভারতের পরিসংখ্যান দিবস' পালিত হয়?
(A) প্রশান্ত চন্দ্র মহলানবীশ (B) রঘুরাজ বাহাদুর
(C) কে. সি. শ্রীধরণ পিল্লাই (D) সি. আর. রাও

15. রামধনু কেন গঠিত হয়?
(A) আলোর বিচ্ছুরণ ও প্রতিসরণের জন্য (B) আলোর বিক্ষেপণ ও প্রতিসরণের জন্য (C) আলোর প্রতিসরণ ও প্রতিফলনের জন্য (D) আলোর প্রতিসরণ ও বিকিরণের জন্য

16. 'ইন্ডিয়ান ন্যাশনাল কংগ্রেস' — নামটি কে দিয়েছিলেন?
(A) সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় (B) দাদাভাই নৌরজি
(C) ফিরোজ শাহ মেহতা (D) মহাদেব গোবিন্দ রানাডে

17. 'কলমকারি' চিত্রশৈলী ভারতের কোন রাজ্যে উৎপত্তি হয়েছিল?
(A) রাজস্থান (B) আন্ধ্র প্রদেশ (C) গুজরাত (D) মধ্য প্রদেশ

18. বিটা ($\beta$) ডাইভারসিটি হচ্ছে —
(A) অন্তঃ (within) community বৈচিত্র্য (B) দু'টি community-র মধ্যে বৈচিত্র্য (C) দু'টি ইকোজেনের মধ্যে বৈচিত্র্য (D) অন্তঃজীবগোষ্ঠী (within population) বৈচিত্র্য

19. সম্প্রতি, ভারতের কোন রাজ্য সরকার তার মন্দিরের দুর্লভ নথি সংরক্ষণের জন্য একটি ডিজিটাল লাইব্রেরি তৈরির ঘোষণা করেছে?
(A) উত্তর প্রদেশ (B) বিহার (C) ওড়িশা (D) তামিলনাড়ু

20. বিশ্বের প্রথম কাঠের স্যাটেলাইট 'LignoSat' সফলভাবে উৎক্ষেপণ করেছে কোন দেশ?
(A) চিন (B) জাপান (C) মার্কিন যুক্তরাষ্ট্র (D) জার্মানি

21. বড়ো থেকে ছোটো সাজান : $\frac{31}{50}$, $\sqrt{0.49}$, 0.629, $(0.8)^2$
(A) $\frac{31}{50}$, $\sqrt{0.49}$, 0.629, $(0.8)^2$ (B) $\sqrt{0.49}$, $(0.8)^2$, 0.629, $\frac{31}{50}$
(C) $(0.8)^2$, 0.629, $\frac{31}{50}$, $\sqrt{0.49}$ (D) 0.629, $\frac{31}{50}$, $\sqrt{0.49}$, $(0.8)^2$

## স্কুল সার্ভিস গ্রুপ 'ডি'



স্কুল সার্ভিস কমিশনের গ্রুপ-ডি পদে প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ কেন্দ্রীয় স্কুল সার্ভিস কমিশন। প্রার্থী বাছাইয়ের জন্য ৪৫ নম্বরের পরীক্ষা হবে। এর মধ্যে লিখিত পরীক্ষায় থাকবে ৪০ নম্বর, অভিজ্ঞতা / ওরাল ইন্টারভিউয়ে থাকবে ৫ নম্বর। লিখিত পরীক্ষা হবে ৮ মার্চ। ৪০ নম্বরের লিখিত পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস - ২০ নম্বর, (২) লজিক্যাল রিজনিং - ১০ নম্বর, (৩) অ্যারিথমেটিক - ১০ নম্বর। প্রশ্ন হবে বাংলায়। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১ সেট প্রশ্নোত্তর তৈরি করেছেন প্রতিযোগিতামূলক পরীক্ষার বিশেষজ্ঞ **চঞ্চল ঘোষ**।

22. $(-5) \times (-4) \times (-3) \times (-2) \times (-1) \times 0 + 0 \times (1) \times (2) \times (3) \times (4) \times (5)$-এর মান কত?
(A) 120 (B) – 120 (C) 240 (D) 0

23. কোনো একটি নির্বাচনে দুই প্রার্থীর মধ্যে একজন মোট বৈধ ভোটের 60% পান, ওই নির্বাচনে $\frac{1}{6}$ অংশ ভোট বাতিল হিসাবে গণ্য হয়। যদি মোট ভোটারের সংখ্যা 600 হয়, তবে অন্য প্রার্থী মোট কতগুলি বৈধ ভোট পেয়েছিলেন?
(A) 25 (B) 100 (C) 200 (D) 50

24. x, $(y^3 - 1)$-এর সঙ্গে ব্যস্তানুপাতী ও 6-এর সঙ্গে সমান হবে, যখন y = 3, যখন y = 8, x এর মান কত?
(A) $\frac{152}{512}$ (B) $\frac{157}{512}$ (C) $\frac{156}{511}$ (D) $\frac{158}{511}$

25. দু'টি স্টেশন A ও B-এর মধ্যের দূরত্ব 330 কিলোমিটার। একটি ট্রেন 60 কিলোমিটার/ঘণ্টা বেগে A স্টেশন থেকে B স্টেশনের দিকে সকাল 8-টায় যাত্রা শুরু করে। অন্য একটি ট্রেন 75 কিলোমিটার/ঘণ্টা বেগে B স্টেশন থেকে A স্টেশনের দিকে সকাল 9-টায় যাত্রা শুরু করে। ট্রেন দু'টি কখন মিলিত হবে?
(A) সকাল 10টায় (B) সকাল 10টা 30 মিনিটে
(C) সকাল 11টায় (D) সকাল 11টা 30 মিনিট

26. একটি ভাগ অঙ্কে ভাগফল, ভাগশেষের 5 গুণ ও ভাজক, ভাগশেষের 9 গুণ। ভাজক 135 হলে, ভাজ্য কত?
(A) 10140 (B) 12125 (C) 10125 (D) 12140

27. দুইটি সংখ্যা x ও y এমন যে এরা x এর 5% ও y এর 4% এর যোগফল, x এর 6% ও y এর 8% এর যোগফলের দুই-তৃতীয়াংশ। x : y অনুপাতটি নির্ণয় করুন।
(A) 2 : 3 (B) 1 : 1 (C) 3 : 4 (D) 4 : 3


28. একটি স্কুলের ছাত্রদের 15 জন, 18 জন বা 24 জন করে সমসারিতে দাঁড় করানো যায় ও তাদেরকে দিয়ে পূর্ণ বর্গক্ষেত্রও তৈরি করা যায়। স্কুলে ন্যূনতম কতজন ছাত্র থাকতে পারে?
(A) 900 জন (B) 1600 জন
(C) 2500 জন (D) 3600 জন

29. দু'টি সংখ্যার যোগফল ও বিয়োগফল যথাক্রমে, 30 ও 10 হয়, তবে তাদের বর্গের পার্থক্য হয় —
(A) 150 (B) 200 (C) 300 (D) 400

30. একটি পরীক্ষায় এক ছাত্রকে কোনো একটি সংখ্যার $\frac{5}{16}$ অংশ নির্ণয় করতে বলা হল। ভুলবশত ছাত্রটি সংখ্যাটির $\frac{5}{6}$ অংশ নির্ণয় করে। যদি তার উত্তর প্রকৃত উত্তরের থেকে 150 বেশি হয়, তবে ওই সংখ্যাটি হল—
(A) 288 (B) 188 (C) 280 (D) 278


31. REQUEST-কে S2R52TU লেখা হলে, ACID-কে কী হিসাবে লেখা হবে?
(A) 1394 (B) IC94
(C) BDJE (D) কোনোটিই নয়

32. '?' স্থানে কী বসবে?




(A) 20 (B) 12 (C) 15 (D) 21

33. একটি ছক্কার A, B ও C তিনটি অবস্থান দেখানো হয়েছে। A অবস্থানটিতে নীচে কোন সংখ্যা আছে?




(A) (B) (C)


(A) 1 (B) 4 (C) 5 (D) 7

34. একটি রাস্তায় 5 জন পরপর হাঁটছে, A এর সামনে আছে D, E, B-কে অনুসরণ করছে। C আছে ঠিক A ও B এর মাঝখানে। তবে মাঝখানে কে আছে?
(A) A (B) B (C) C (D) D

35. একজন ভদ্রলোককে দেখিয়ে একজন মহিলা বললেন, 'তাঁর স্ত্রী হয় আমার বাবার একমাত্র কন্যা।' তবে ভদ্রলোকটি, স্ত্রীলোকটির কে হয়?
(A) ভাই (B) শ্বশুর (C) মামা (D) স্বামী

36. ইংরিজি বর্ণমালার K ও S এর মাঝখানের বর্ণের ডানদিকের তৃতীয় বর্ণ কোনটি?
(A) Q (B) P (C) R (D) O

37. নীচের শব্দগুলিকে ছবির সাহায্যে দেখান— শিক্ষক, লেখক, মিউজিশিয়ান।




38. '?' স্থানে কী হবে?
0, 7, 26, 63, 124, ?
(A) 197 (B) 201 (C) 208 (D) 215

39. 8 6 7 7 8 6 7 5 6 7 9 7 6 1 6 7 7 6 8 8 6 6 9 7 6 8 7 এই সংখ্যা সারিতে কতগুলি 7 আছে, যাকে 6 অনুসরণ করছে আর যার আগে 9 নেই।
(A) 2 (B) 3 (C) 1 (D) এর কোনোটিই নয়

40. যদি '+' মানে '÷', '÷' মানে '–', '–' মানে '×', '×' মানে '+' হয়, তবে $8 + 2 \div 3 - 4 \times 6 = ?$
(A) 2 (B) – 2 (C) 3 (D) – 1

### চটপট উত্তরের কৌশল

1(D). 2(A). 3(B). 4(B). 5(D). 6(C). 7(D). 8(D). 9(D). 10(D). 11(B). 12(D). 13(B). 14(A). 15(C). 16(B). 17(B). 18(B). 19(C). 20(B).

21(B). $\frac{31}{50} = \frac{62}{100} = 0.62$, $\sqrt{0.49} = 0.7$, 0.629, $(0.8)^2 = 0.64$

তাহলে $\sqrt{0.49} > (0.8)^2 > 0.629 > \frac{31}{50}$

22(D). $(-5) \times (-4) \times (-3) \times (-2) \times (-1) \times 0 + 0 \times (1) \times (2) \times (3) \times (4) \times (5)$
$0 \times 0 = 0$

23(C). মোট ভোটার 600, ভোট বাতিল = $600 \times \frac{1}{6} = 100$
তাহলে বৈধ ভোট = 600 – 100 = 500
একজন 60% ভোট পেলে, অন্যজন ভোট পান (100–60)% = 40%
তাহলে অন্যজন বৈধ ভোটের (500×40%) = 200টি ভোট পান।

24(C). $x = \frac{k}{y^3 - 1}$, যখন k = ধ্রুবক
x = 6 যখন y = 3
তাহলে $6 = \frac{k}{3^3 - 1}$ বা, k = 156
যখন y = 8, তখন $x = \frac{156}{8^3 - 1} = \frac{156}{511}$

25(C). সকাল 8টা থেকে 9টা পর্যন্ত প্রথম ট্রেনটি যায় 60 কিলোমিটার। বাকি দূরত্ব 330 – 60 = 270 কিলোমিটার।
দু'টি ট্রেনের আপেক্ষিক গতিবেগ (60+75) = 135 কিলোমিটার।
তাহলে বাকি দূরত্ব অতিক্রম করতে সময় লাগে $\left(\frac{270}{135}\right) = 2$ ঘণ্টা।
তাহলে দ্বিতীয় ট্রেন যাত্রা করার 2 ঘণ্টা পর অর্থাৎ, সকাল (9+2) = 11টায় ট্রেন দু'টি মিলিত হবে।

26(A). ভাজ্য = ভাজক × ভাগফল + ভাগশেষ
ভাজক = 135, ভাগশেষ = $\frac{135}{9} = 15$ ও
ভাগফল = 15×5 = 75
তাহলে ভাজ্য = (135 × 75 + 15) = 10140

27(D). প্রশ্নানুসারে,
$x \times \frac{5}{100} + y \times \frac{4}{100} = \left(x \times \frac{6}{100} + y \times \frac{8}{100}\right) \times \frac{2}{3}$
or $5x + 4y = (6x+8y) \times \frac{2}{3}$
or $15x + 12y = 12x + 16y$
or $3x = 4y$
x : y = 4 : 3

28(D). 15, 18 ও 24-এর ল.সা.গু = $36 = 3^2 \times 2^2 \times 2 \times 5$
তাহলে পূর্ণ বর্গক্ষেত্র গঠন করতে হলে ন্যূনতম ছাত্রসংখ্যা 360 ×2×5 = 3600

29(C). সূত্র : দু'টি সংখ্যার বর্গের পার্থক্য = সংখ্যা দু'টির যোগফল × বিয়োগফল
তাহলে সংখ্যা দু'টির বর্গের পার্থক্য (30×10) = 300

30(A). মনে করি, সংখ্যাটি x. প্রশ্নানুসারে,
$\frac{5x}{6} - \frac{5x}{16} = 150$
বা, $\frac{40x - 15x}{48} = 150$
বা, $\frac{25x}{48} = 150$ তাহলে $x = \frac{150 \times 48}{25} = 6 \times 48 = 288$

31(D). এক্ষেত্রে Vowel গুলি A, E, I, O, U-কে 1, 2, 3, 4, 5 হিসাবে লেখা হয়। Consonent গুলিকে সঙ্কেতে তার পরের অক্ষরটিকে লেখা হয়। এই নিয়মে ACID হবে 1D3E.

32(B). 20+5–3 = 22 তাহলে 10+4–2 = 12.

33(A). A, B ও C ছবি দু'টিতে 3-এর পাশে 6, 2, 5 ও 4 আছে। তাহলে 3-এর বিপরীতে 1 হবে। অর্থাৎ A ছবিটির নিচে 1 হবে।

34(C). E —> B —> C —> A —> D

35(D). 36(C). K ও S-এর মাঝে আছে 7টি বর্ণ। তাহলে K ও S-এর মাঝখানের বর্ণটি হল O. অর্থাৎ, O-এর ডানদিকের তৃতীয় বর্ণ = R.

37(A). 38(D). 39(C).

40(B). 8 + 2 ÷ 3 – 4 × 6
চিহ্ন পরিবর্তনের পর
8 ÷ 2 – 3 × 4 + 6 = 4–12+6 = 10–12 = –2.

## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

৭ পাতার পর

**১২ নভেম্বর :** জাপানের ঐতিহ্যপূর্ণ 'ওকায়ামা বিশ্ববিদ্যালয়'এর তরফ থেকে সাম্মানিক ডি'লিট উপাধি পেলেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

❑ ভারতের প্রথম দেশীয় কোয়ান্টাম ডায়মন্ড মাইক্রোস্কোপ তৈরি করল 'আইআইটি বম্বে', যা ৩-ডি ম্যাগনেটিক ইমেজিং বা ত্রিমাত্রিক চৌম্বক বিশ্লেষণে যুগান্তকারী পরিবর্তন আনতে পারে। আইআইটি বম্বে'র গবেষক দল জানিয়েছে, এই উন্নতমানের যন্ত্রটি পুরোপুরি দেশীয় প্রযুক্তিতে তৈরি ও এটি চৌম্বক ক্ষেত্রের মাইক্রো ও ন্যানো স্তরের গঠন বিশ্লেষণ করতে পারে। এই প্রযুক্তি পরবর্তীকালে সেমিকন্ডাক্টর, স্পিনট্রনিক্স ও কোয়ান্টাম কম্পিউটিং গবেষণায় বিশাল ভূমিকা রাখবে। কোয়ান্টাম ডায়মন্ড মাইক্রোস্কোপ হল এমন এক গবেষণার যন্ত্র, যা ডায়মন্ডের ন্যানো কাঠামোয় থাকা 'নাইট্রোজেন ভ্যাকান্সি সেন্টার' ব্যবহার করে চৌম্বক ক্ষেত্রকে সূক্ষ্মভাবে মাপতে পারে। এমনকি, এটি একটি ব্যাকটিরিয়ার থেকেও ছোট চৌম্বক পরিবর্তন শনাক্ত করতে সক্ষম, যা প্রচলিত মাইক্রোস্কোপের ক্ষমতার বহু গুণ বেশি। এতদিন পর্যন্ত মার্কিন যুক্তরাষ্ট্র, জার্মানি ও জাপানের কাছে এই প্রযুক্তি ছিল। এবার ভারতও এই তালিকায় যোগ দিল।

**১৩ নভেম্বর :** রাজ্যে বহুবিবাহ নিষিদ্ধ করার জন্য, 'অসম বহুবিবাহ নিষিদ্ধকরণ বিল, ২০২৫' অনুমোদন করল অসম মন্ত্রিসভা। এই বিল অনুযায়ী, যদি কোনো ব্যক্তির স্বামী/স্ত্রী জীবিত থাকেন, আইনত আলাদা না হয়ে থাকেন বা বিবাহবিচ্ছেদ চূড়ান্ত না হয়ে থাকে, তাহলে সেই ব্যক্তি আবার বিয়ে করতে পারবেন না। তবে, সংবিধানের ষষ্ঠ তফশিলের আওতাধীন এলাকাগুলিতে এর ব্যতিক্রম প্রয়োজ্য হতে পারে।

**১৪ নভেম্বর :** মার্কিন যুক্তরাষ্ট্রের ওহিও'তে, 'ডেটন সাহিত্য শান্তি পুরস্কার' অনুষ্ঠানে 'জীবনকৃতি সম্মান' পেলেন ভারতীয় বংশোদ্ভূত ব্রিটিশ ও মার্কিনি ঔপন্যাসিক সলমন রুশদি। সাহিত্যে অসামান্য অবদান আর মত প্রকাশের স্বাধীনতা, সহনশীলতা ও মানবিক মর্যাদার পক্ষে সমর্থনের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি। এই পুরস্কারের অর্থমূল্য ১০,০০০ মার্কিন ডলার। প্রসঙ্গত উল্লেখ্য, ২০২৫ সালের এই 'ডেটন সাহিত্য শান্তি পুরস্কার'টি ডেটন শান্তি চুক্তির ৩০ তম বার্ষিকী উপলক্ষ্যে পালিত হয়েছিল, যা বসনিয়ান যুদ্ধের অবসান ঘটিয়েছিল।



৩,৮০০ জনেরও বেশি দুস্থ শিশুর হার্ট সার্জারির খরচ বহন করে 'গিনেস বুক অফ ওয়ার্ল্ড রেকর্ড'এ নাম তুললেন জনপ্রিয় সঙ্গীত শিল্পী পলক মুচ্ছল। গান গেয়ে উপার্জন করা টাকা দিয়ে হৃদরোগে আক্রান্ত শিশুদের সাহায্য করেন তিনি। তাঁর 'পলক পলাশ চ্যারিটেবল ফাউন্ডেশন'এর মাধ্যমে ভারত ও তার বাইরে ৩,৮০০ জনেরও বেশি শিশুর হার্টের অস্ত্রোপচার করিয়েছেন তিনি। প্রসঙ্গত উল্লেখ্য, ২০০৬ সালে মাত্র ১৪ বছর বয়সে হৃদরোগে আক্রান্ত শিশুদের আর্থিক সাহায্যের জন্য 'পলক মুচ্ছল হার্ট ফাউন্ডেশন' স্থাপন করেন তিনি।

**১৫ নভেম্বর :** আবারও ২০২৫-'২৬ সালের জন্য, মর্যাদাপূর্ণ 'ব্লু ফ্ল্যাগ সার্টিফিকেশন' পেল ওড়িশার সোনাপুর ও পুরী সমুদ্র সৈকত। টানা তৃতীয়বারের মতো এই সম্মান পেল গঞ্জাম জেলার সোনাপুর সমুদ্র সৈকত। অন্যদিকে, পুরীর গোল্ডেন বিচ সপ্তমবারের মতো এই তালিকায় অন্তর্ভুক্ত হল। ডেনমার্কের সংস্থা 'ফাউন্ডেশন ফর এনভায়রনমেন্টাল এডুকেশন' এই সার্টিফিকেশন দেয়। এই সার্টিফিকেশন এই ইঙ্গিত দেয় যে, এই সৈকতগুলি পরিষ্কার, পরিবেশগত টেকসই ও পর্যটকদের জন্য নিরাপদ। প্রসঙ্গত উল্লেখ্য, সারা দেশের ১৩টি সমুদ্র সৈকত এই সার্টিফিকেশন পেয়েছে, যার মধ্যে ১২টি পুরোপুরিভাবে এই মর্যাদা পেয়েছে ও ১টি (পুদুচেরির ইডেন সৈকত) শর্তসাপেক্ষে এই মর্যাদা পেয়েছে।

**১৬ নভেম্বর :** সম্প্রতি ভারতের প্রথম মানব মহাকাশ অভিযান 'গগনযান'এর জন্য 'ইন্টিগ্রেটেড মেইন প্যারাসুট এয়ারড্রপ টেস্ট' সফলভাবে সম্পন্ন করল 'ইসরো'। উত্তর প্রদেশের ঝাঁসির বাবিনা ফিল্ড ফায়ারিং রেঞ্জে এই পরীক্ষাটি পরিচালনা করেছে ইসরো। এই পরীক্ষাটি ছিল প্যারাসুট সিস্টেমের জন্য, যা মহাকাশ থেকে পৃথিবীতে এই মিশনে যাওয়া মহাকাশচারীদের নিরাপদ প্রত্যাবর্তন নিশ্চিত করবে। প্রায় ২.৫ টন ওজনের ক্রু মডিউলটি ভারতীয় বিমান বাহিনীর একটি আইএল-৭৬ বিমান থেকে ২.৫ কিলোমিটার উচ্চতা থেকে ফেলে দেওয়া হয়। ক্রু মডিউল অবতরণের সময় কোনো অসুবিধা ছাড়াই প্যারাসুট সিস্টেমটি মোতায়েন করা হয়, যা একটি বাস্তব মিশনের সময় অত্যন্ত কঠিন পরিস্থিতি মোকাবিলা করার ক্ষমতা প্রমাণ করে।

❑ কলকাতার 'সায়েন্স সিটি'তে অবস্থিত জলবায়ু পরিবর্তন গ্যালারি 'অন দ্য এজ'এর জন্য, মর্যাদাপূর্ণ CIMUSET পুরস্কার পেল 'ন্যাশনাল কাউন্সিল অফ সায়েন্স মিউজিয়াম'। দুবাইতে, ২৭ তম আইওসিএম সাধারণ পরিষদের সময় ঘোষিত এই পুরস্কারটি ভারতীয় বিজ্ঞান জাদুঘর কমিউনিটির জন্য একটি উল্লেখযোগ্য অর্জন।

❑ লুক্সেমবার্গে, 'জিটি ওপন ইন্ডোর ওয়ার্ল্ড সিরিজ'এ পুরুষদের কম্পাউন্ড শিরোপা জিতলেন ভারতীয় তিরন্দাজ কুশল দালাল। ডাবল শুট-অফে মার্কিন যুক্তরাষ্ট্রের স্টিফেন হ্যানসেন'কে হারিয়ে সোনার পদক পান তিনি।


**১৭ নভেম্বর :** ডায়াবেটিক ফুট আলসার রোগীদের চিকিৎসার ফলাফল উন্নত করার লক্ষ্যে, ভারতের প্রথম নাইট্রিক অক্সাইড-মুক্ত ক্ষত ড্রেসিং 'ColoNoX' চালু করল 'ডিপার্টমেন্ট অফ অ্যাটমিক এনার্জি' ও 'কোলোজেনেসিস প্রাইভেট লিমিটেড'। 'ভাবা অ্যাটমিক রিসার্চ সেন্টার'এর বিজ্ঞানীদের মাধ্যমে তৈরি, এই প্রযুক্তিটি ২০১৮ সালে অনুমোদিত একটি ভারতীয় পেটেন্টের আওতাধীন। দ্বিতীয় ও তৃতীয় পর্যায়ের ট্রায়ালের মাধ্যমে ক্লিনিক্যালি বৈধতাপ্রাপ্ত, এই ড্রেসিংটি এখন বাণিজ্যিক উৎপাদনের জন্য ডিসিজিআই অনুমোদন পেয়েছে। এই উদ্ভাবন ডায়াবেটিস রোগীদের জন্য সাশ্রয়ী মূল্যের কার্যকর চিকিৎসা প্রদান করবে।

❑ উচ্চমানের সাদা পাথরের জন্য জিআই ট্যাগ পেল গুজরাতের 'আম্বাজি মার্বেল'। রাজ্যের আম্বাজি শহরের নামানুসারে আম্বাজি মার্বেলের নামকরণ করা হয়েছে, যেখানে এটি মূলত খনন করা হয়। এটি তার সাদা দুধের মতো রঙ, প্রাকৃতিক সৌন্দর্য ও শক্তিশালী স্থায়িত্বের জন্য পরিচিত।

❑ বলিউড অভিনেতা শাহরুখ খানের নামে ৫৫ তল বিশিষ্ট একটি বাণিজ্যিক টাওয়ার তৈরি করছে দুবাইয়ের 'দানুবে প্রপার্টিজ' নামে এক এস্টেট সংস্থা। এটির নাম দেওয়া হয়েছে 'শাহরুখ টাওয়ার'। সারা বিশ্বে এই প্রথম কোনো অভিনেতার নামে টাওয়ার তৈরি হচ্ছে। ২০২৯ সালের মধ্যে দুবাইয়ে এই টাওয়ার তৈরি হয়ে যাবে বলে মনে করা হচ্ছে। এই বিল্ডিং বাণিজ্যিক কাজেই ব্যবহার করা হবে।

**১৮ নভেম্বর :** শিশু অধিকারের জন্য ইউনিসেফ ইন্ডিয়া'র সেলিব্রিটি অ্যাডভোকেট হিসাবে নিযুক্ত হলেন অভিনেত্রী কীর্তি সুরেশ।

❑ ২০২৫ সালে 'কেমব্রিজ অভিধান'এর বিচারে, 'বর্ষসেরা শব্দ' হিসাবে নির্বাচিত হল 'Parasocial'। এই শব্দটির আভিধানিক অর্থ হল ব্যক্তিগত যোগাযোগ বা সম্পর্ক না থাকা সত্ত্বেও, যখন কেউ বিখ্যাত কোনো ব্যক্তি, সাহিত্যের কোনো চরিত্র বা কৃত্রিম বুদ্ধিমত্তা প্রযুক্তির সঙ্গে মানসিকভাবে একাত্মতা অনুভব করে। ১৯৫৬ সালে 'শিকাগো বিশ্ববিদ্যালয়'এর দুই সমাজতত্ত্ববিদ ডোনাল্ড হরটন ও রিচার্ড ওহল প্রথমবার 'Parasocial' শব্দবন্ধ ব্যবহার করেন।



ফ্রান্সের মর্যাদাপূর্ণ বেসামরিক পুরস্কার 'নাইট অফ দ্য অর্ডার অফ আর্টস অ্যান্ড লেটারস' পেলেন প্রবীণ ভারতীয় আর্ট ডিরেক্টর থোটা থারানি। ভারতীয় চলচ্চিত্র, শিল্প ও সাংস্কৃতিক ক্ষেত্রে তাঁর চার দশকের অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি।

❑ জনসংখ্যার বিচারে ক্ষুদ্রতম দেশ হিসাবে, ২০২৬ সালের বিশ্বকাপে খেলার যোগ্যতা অর্জন করল ক্যারিবিয়ান সাগরের দ্বীপরাষ্ট্র কুরাসাও। কিংস্টনের ন্যাশনাল স্টেডিয়ামে জামাইকার সঙ্গে গোলশূন্য ড্র করে বিশ্বকাপে খেলার যোগ্যতা অর্জন করল কুরাসাও। আইসল্যান্ডকে পিছনে ফেলে এই নতুন রেকর্ড গড়ল ১ লাখ ৮৫ হাজার ৪৮৭ জন অধিবাসীর এই দেশ। ২০১৮ সালে এই রেকর্ড গড়েছিল আইসল্যান্ড। ৩ লাখ ৯৮ হাজার ২৬৬ জন জনসংখ্যার দেশ আইসল্যান্ড এতদিন ক্ষুদ্রতম দেশ হিসাবে বিশ্বকাপে খেলার রেকর্ড ধরে রেখেছিল।

**১৯ নভেম্বর :** মেঘালয়ের সোহরার মাওসমাইয়ের নংথিম্মাইতে, নতুন রামকৃষ্ণ মিশন কলেজের উদ্বোধন করলেন মুখ্যমন্ত্রী কনরাড কে.সাংমা। উত্তর-পূর্ব ভারতের প্রথম রামকৃষ্ণ মিশন কলেজ এটি।

**২০ নভেম্বর :** ২০২৫ সালে 'হর্নবিল উৎসব' উপলক্ষ্যে বিশেষ সম্মান হিসাবে যুক্তরাজ্য, আয়ারল্যান্ড ও সুইৎজারল্যান্ডকে 'কান্ট্রি পার্টনার' হিসাবে ঘোষণা করল নাগাল্যান্ড সরকার। প্রসঙ্গত উল্লেখ্য, প্রতি বছরের নভেম্বর-ডিসেম্বরে আয়োজিত নাগাল্যান্ডের 'হর্নবিল উৎসব' বিশ্বের নানা প্রান্ত থেকে হাজার হাজার পর্যটককে আকর্ষণ করে। এই উৎসবের মাধ্যমে নাগা সম্প্রদায়ের বৈচিত্র্যময় জীবনধারা, নাচ, গান, রন্ধনশৈলী ও হস্তশিল্প আন্তর্জাতিক মহলে বিশেষ পরিচিতি পায়।

**২১ নভেম্বর :** 'উইপ্রো'র প্রতিষ্ঠাতা চেয়ারম্যান আজিম প্রেমজি'কে 'আইএসবি রিসার্চ ক্যাটালিস্ট পুরস্কার'এ ভূষিত করল 'ইন্ডিয়ান স্কুল অফ বিজনেস'। ভারতীয় গবেষণা বাস্তুতন্ত্রে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি। মোহালিতে আইএসবি'এর তৃতীয় ইনসাইটস ফোরাম'এ এই পুরস্কার দেওয়া হয়।



২০২৫ সালে ৭৪ তম 'মিস ইউনিভার্স'এর শিরোপা জিতলেন মেক্সিকোর ফতিমা বোশ ফার্নান্দেজ। দেশটির জন্যও এটি প্রথম 'মিস ইউনিভার্স' খেতাব জয়। প্রথম রানার আপ হয়েছেন তাইল্যান্ডের বীণা প্রবীণার সিং ও দ্বিতীয় রানার আপ হয়েছেন ভেনেজুয়েলার স্টেফানি আদ্রিয়ানা আবাসালি। প্রসঙ্গত উল্লেখ্য, এই প্রতিযোগিতায় ভারতের প্রতিনিধিত্ব করেছেন রাজস্থানের মণিকা বিশ্বকর্মা।

❑ ২০২৪ সালের জন্য; নয়াদিল্লিতে 'ইন্দিরা গান্ধী প্রাইজ ফর পিস, ডিসআর্মামেন্ট অ্যান্ড ডেভেলপমেন্ট' পেলেন চিলির প্রথম ও একমাত্র মহিলা প্রেসিডেন্ট মিশেল ব্যাচেলেট। লিঙ্গ সমতা, মানবাধিকার ও গণতন্ত্র উন্নয়নে অসামান্য কাজের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি। কংগ্রেস সংসদীয় দলের চেয়ারপার্সন সোনিয়া গান্ধী এই পুরস্কার দিয়েছেন। প্রসঙ্গত উল্লেখ্য, ভারতের প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর সম্মানে এই পুরস্কার দেওয়া হয়। জাতীয়তা, জাতি বা ধর্ম নির্বিশেষে যেকোনো ব্যক্তি বা সংস্থাকে প্রতি বছর এই পুরস্কার দেওয়া হয়।

এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

## পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কে ৫,১৩৮

১ পাতার পর

এর মধ্যে প্রতিবন্ধী ১টি। হুগলি সার্কেলে ৩১টি (জেনাঃ ১৬, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ৩)। এর মধ্যে প্রতিবন্ধী ১টি। খড়গপুর সার্কেলে ২৭টি (জেনাঃ ১৫, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ৩)। এর মধ্যে প্রতিবন্ধী ২টি। কলকাতা-নর্থ সার্কেলে ৫৬টি (জেনাঃ ২২, তঃজাঃ ১৩, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১২, ই.ডব্লু.এস. ৬)। এর মধ্যে প্রতিবন্ধী ১টি। কলকাতা সাউথ সার্কেলে (বেহালা) ৪৪টি (জেনাঃ ১৮, তঃজাঃ ১০, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ১০, ই.ডব্লু.এস. ৪)। এর মধ্যে প্রতিবন্ধী ১টি। কলকাতা -পশ্চিম সার্কেলে ৪৪টি (জেনাঃ ১৮, তঃজাঃ ১০, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ১০, ই.ডব্লু.এস. ৪)। এর মধ্যে প্রতিবন্ধী ১টি। মালদহ সার্কেলে ২৫টি (জেনাঃ ১০, তঃজাঃ ৬, ও.বি.সি. ৬, ই.ডব্লু.এস. ৩)। এর মধ্যে প্রতিবন্ধী ২টি। মুর্শিদাবাদ সার্কেলে ২৭টি (জেনাঃ ১১, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৬, ই.ডব্লু.এস. ৩)। এর মধ্যে প্রতিবন্ধী ১টি। নদিয়া সার্কেলে ২৭টি (জেনাঃ ১২, তঃজাঃ ৬, ও.বি.সি. ৬, ই.ডব্লু.এস. ৩)। এর মধ্যে প্রতিবন্ধী ১টি। নিউ জলপাইগুড়ি সার্কেলে (শিলিগুড়ি) ২৪টি (জেনাঃ ১৪, তঃজাঃ ৬, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ২)। এর মধ্যে প্রতিবন্ধী ১টি। উত্তর ২৪ পরগনা সার্কেলে ৪০টি (জেনাঃ ১৬, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৯, ই.ডব্লু.এস. ৪)। এর মধ্যে প্রতিবন্ধী ১টি। পশ্চিম মেদিনীপুর সার্কেলে ২৭টি (জেনাঃ ১১, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৬, ই.ডব্লু.এস. ৩)। এর মধ্যে প্রতিবন্ধী ১টি। পূর্ব মেদিনীপুর সার্কেলে ৩৬টি (জেনাঃ ১৪, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৮, ই.ডব্লু.এস. ৪)। এর মধ্যে প্রতিবন্ধী ২টি। পুরুলিয়া সার্কেলে ৩৭টি (জেনাঃ ১৪, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৮, ই.ডব্লু.এস. ৪)। এর মধ্যে প্রতিবন্ধী ১টি। দক্ষিণ ২৪ পরগনা সার্কেলে ২৯টি (জেনাঃ ১২, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৬, ই.ডব্লু.এস. ৩)। এর মধ্যে প্রতিবন্ধী ২টি। **অসমে** ১৩২টি (জেনাঃ ৭১, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ১৫, ও.বি.সি. ২৭, ই.ডব্লু.এস. ১০)। **ঝাড়খন্ডে** ৯৫টি (জেনাঃ ৫৫, তঃজাঃ ১১, তঃউঃজাঃ ১৩, ও.বি.সি. ১১, ই.ডব্লু.এস. ৫)। **ত্রিপুরায়** ২৮টি (জেনাঃ ১০, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৯, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ৩)। **ওড়িশায়** ১৪২টি (জেনাঃ ৬৪, তঃজাঃ ২২, তঃউঃজাঃ ২৭, ও.বি.সি. ১৪, ই.ডব্লু.এস. ১৫)। আন্দামান ও নিকোবর সার্কেলে কলকাতা পশ্চিম সার্কেলে ১টি (জেনাঃ)। আন্ধ্রা প্রদেশ ৫৬টি, অরুণাচল প্রদেশ ৩টি, বিহার ৩১০টি, চন্ডীগড় ৫৮টি, দাদরা ও নগর হাভেলি ১টি, দমন ও দিউ ১টি, দিল্লি ৪১৭টি, গোয়া ৭টি, গুজরাট ১৩৮টি, হরিয়ানা ৩৪৮টি, হিমাচল প্রদেশ ১৬২টি, জম্মু ও কাশ্মীর ৫৩টি, কর্ণাটক ৬৪টি, কেরল ৮৩টি, লেহ ২টি, মধ্য প্রদেশ ১৮০টি, মহারাষ্ট্র ২৩২টি, মণিপুর ১৩টি, মেঘালয় ৮টি, মিজোরাম ৩টি, নাগাল্যান্ড ২টি, পুদুচেরী ২টি, পঞ্জাব ৪৬২টি, রাজস্থান ৩৬৩টি, সিকিম ৩টি, তামিলনাড়ু ১২১টি, তেলেঙ্গানা ৬৯টি, উত্তর প্রদেশ ৮১৪টি, উত্তরাখণ্ড ১৫২; ছত্তিশগড় ৮১টি। এই পদের বিজ্ঞপ্তি নং : HRD/Apprentice/ADVT/2025-26.

প্রার্থী বাছাই হবে অনলাইন টেস্টের মাধ্যমে। পরীক্ষা হবে মার্চের প্রথম সপ্তাহে। ১ ঘন্টার পরীক্ষায় ১০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : জেনারেল /ফিনান্সিয়াল অ্যাওয়ারনেস, জেনারেল ইংলিশ, কোয়ান্টিটেটিভ অ্যান্ড রিজনিং অ্যাপ্টিটিউড, কম্পিউটার নলেজ। প্রতিটি পার্টে ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন হবে। প্রতিটি পার্টে সময় থাকবে ১৫ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। ন্যূনতম স্কোর করতে হবে। তপশিলী, ও.বি.সি. ও প্রতিবন্ধীরা স্কোরিংয়ে ৫% নম্বরে ছাড় পাবেন। পরীক্ষা হবে এইসব কেন্দ্রে : আসানসোল, দুর্গাপুর, গ্রেটার কলকাতা, হুগলি, কল্যাণী, শিলিগুড়ি, বোকারো স্টিল সিটি, ধানবাদ, হাজারিবাগ, জামশেদপুর, রাঁচি, আগরতলা, ডিব্রুগড়, গুয়াহাটি, শিলচর, তেজপুর, জোড়হাট, ভিলাইনগর, বিলাসপুর, রায়পুর। লিখিত পরীক্ষায় সফল হলে স্থানীয় ভাষার পরীক্ষা, ইন্টারভিউ ও ডাক্তারি পরীক্ষা। এরপর রাজ্যভিত্তিক তালিকা তৈরি হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৪ ফেব্রুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : https://pnbindia.in/Recruitments.aspx, www.bfsissc.com

এজন্য বৈধ একটি ই-মেল আইডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন জে.পি.জি. বা, জে.পি.ই.জি. ফর্ম্যাটে। ফটো রঙিন হতে হবে ও ফটো ২০০×২৩০ পিক্সেল হতে হবে। সিগনেচার ১৪০×৬০ পিক্সেল হতে হবে। ফটো ও সিগনেচার ২০০ ডি.পি.আই. তে স্ক্যান করবেন। এজন্য পরীক্ষা ফী বাবদ জেনাঃ / ও.বি.সি. / ই.ডব্লু.এস. ছেলেদের বেলায় ৯৪৪, জেনাঃ / ও.বি.সি. / ই.ডব্লু.এস. মেয়েদের বেলায় ৭০৮, তপশিলী জাতি / তপশিলী উপজাতি / প্রতিবন্ধী ছেলেমেয়েদের বেলায় ২৩৬, ট্রান্সজেন্ডারদের বেলায় ২৩৬ টাকা অনলাইনে জমা দিতে হবে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য ওপরের ওই ওয়েবসাইটে পাবেন।

# সাধারণ জ্ঞান

**এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এ নিয়ে যতটা গুরুত্ব দেওয়া উচিত ছেলেমেয়েরা ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা প্রায় অসম্ভব। এই সমস্যা সমাধানে এবার থেকে সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে চাকরির উপযোগী পুরোপুরি নতুন ধরনের সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দেওয়া হচ্ছে।**

## সাধারণ বিজ্ঞান

১। ডারউইনের মতে, প্রাকৃতিক নির্বাচনের একক হল — প্রজাতি।

২। 'অপারেশন সিঁদুর' থেকে শিক্ষা নিয়ে মহাকাশে মোট ক'টি গুপ্তচর উপগ্রহ উৎক্ষেপণ করার সিদ্ধান্ত নিল ভারত — ৫০টিরও বেশি (এই সিদ্ধান্তের মূল কারণ হল, 'অপারেশন সিঁদুর' চলার সময় পাক-ই-স্তানের সঙ্গে সংঘাতের সময় নজরদারি ত্রুটি)।

৩। কাকিনাড়া উপসাগরের হোপ আইল্যান্ডে একটি উপগ্রহ উৎক্ষেপণ কেন্দ্র স্থাপনের পরিকল্পনার কথা ঘোষণা করল কোন রাজ্য — আন্ধ্রা প্রদেশ ('স্পেস সিটি' উদ্যোগের অংশ হিসাবে এটি স্থাপিত হবে)।

৪। দীর্ঘ ২৭ বছরের মহাকাশ যাত্রার পর, 'নাসা'র কোন ভারতীয় বংশোদ্ভূত মহাকাশচারী অবসর নিলেন — ৬০ বছর বয়সি সুনীতা উইলিয়ামস (২০২৫ সালের ২৭ ডিসেম্বর আনুষ্ঠানিকভাবে অবসর নিয়েছেন তিনি)।

৫। চাঁদকে প্রদক্ষিণ করার জন্য ঐতিহাসিক 'আর্তেমিস-২' মিশনের অধীনে, মোট কতজন মহাকাশচারীকে ১০ দিনের যাত্রায় পাঠানো হবে — ৪ জন (ক্রুদের মধ্যে রয়েছেন নাসার মহাকাশচারী রিড ওয়াইজম্যান, ভিক্টর গ্লোভার ও ক্রিস্টিনা কোচ আর কানাডা থেকে জেরেমি হ্যানসেন)।

৬। যকৃৎ বা, পেশি কোশে অতিরিক্ত গ্লুকোজ কী রূপে জমা থাকে — গ্লাইকোজেন।

৭। একটি ১৭ ক্যারেট সোনায় অন্যান্য ধাতুর ক'টি অংশ থাকে — ৭টি (যার মধ্যে থাকতে পারে তামা, রুপো বা, প্যালাডিয়াম)।

৮। মানবদেহের বৃহত্তম পেশি কোনটি — গ্লুটিয়াস ম্যাক্সিমাস।

৯। 'ভিটামিন-সি'এর আবিষ্কারক কে — আলবার্ট সেজেন্ট-জিওর্গি।

## ইতিহাস

১০। মোঙ্গলদের পরাজিত করে বলবন কোন উপাধি লাভ করেন — উলুগ খান।

১১। 'ইস্ট ইন্ডিয়া কোম্পানি' কত সালে ব্রিটিশ সংসদীয় নিয়ন্ত্রণে আসে — ১৭৭৩।

১২। কোন ভাইসরয়ের আমলে 'সাইমন কমিশন' নিযুক্ত হয়েছিল — লর্ড আরউইন (১৯২৭ সালে)।

১৩। অশোকের শিলালিপি অনুসারে, কোন স্থানটিকে করমুক্ত ঘোষণা করা হয়েছিল ও শুধুমাত্র ১/৮ ভাগকে করযোগ্য হিসাবে ঘোষণা করা হয়েছিল — লুম্বিনী।

১৪। প্রথম জৈন পরিষদ কোথায় অনুষ্ঠিত হয় — পাটলিপুত্র (৩০০ খ্রিষ্টপূর্বাব্দে)।

১৫। নিনো দা কুনহা (পর্তুগিজ গভর্নর) কবে কোচিন থেকে গোয়ায় তাঁর রাজধানী স্থানান্তর করেন — ১৫৩০ সালে।

১৬। ১৯ শতকের শেষদিকে লেখা একটি গুরুত্বপূর্ণ উপন্যাস কোনটি — দুর্গেশনন্দিনী (১৮৬৫ সালে বঙ্কিম চন্দ্র চট্টোপাধ্যায়ের লেখা)।

১৭। ১৭৫৭ সালে 'পলাশীর যুদ্ধ'এর পর কোন দুর্গ তৈরি হয়েছিল — ফোর্ট উইলিয়াম।

১৮। কোন পণ্যের খোঁজে পর্তুগিজরা ভারতে এসেছিল — মশলা।

## ভূগোল

১৯। পশ্চিমবঙ্গের দিয়ারা অঞ্চলটি কোন জেলায় অবস্থিত — মালদহ।

২০। ওড়িশার রাজ্য পশু হল — সম্বর হরিণ।

২১। অন্ধকারাচ্ছন্ন মহাদেশ কাকে বলে — আফ্রিকা।

২২। ফুকুশিমা দুর্ঘটনার পর, বিশ্বের বৃহত্তম পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র 'কাশিওয়াজাকি-কারিওয়া' আবার চালু হয়েছে। এটি কোন দেশে অবস্থিত — জাপান।

২৩। কোন রাজ্যের 'কুম্ভলগড় বন্যপ্রাণী অভয়ারণ্য'এর চারপাশের এলাকাকে একটি 'পরিবেশগতভাবে সংবেদনশীল অঞ্চল' হিসাবে ঘোষণা করল কেন্দ্রীয় সরকার — রাজস্থান (এই 'পরিবেশগতভাবে সংবেদনশীল অঞ্চল'টি অভয়ারণ্যের সীমানা থেকে ০ থেকে ১ কিলোমিটার পর্যন্ত বিস্তৃত)।

২৪। এবছর ক্রান্তীয় ঝড় 'নোকায়েন' কোন দেশে আঘাত হেনেছে — ফিলিপিন্স।

২৫। ৪,৭৭৫ কোটি টাকার 'বেম্বলা নদী সেচ প্রকল্প' অনুমোদন করল ভারতের কোন রাজ্যের মন্ত্রিসভা — মহারাষ্ট্র।

২৬। এবছর 'স্পিতুক গুস্টোর উৎসব' কোথায় হয়েছে — লাদাখ।

২৭। সম্প্রতি খবরে আসা 'ফুয়েগো' আগ্নেয়গিরিটি কোন দেশে অবস্থিত — গুয়াতেমালা।

২৮। ২০২৫ সালের ডিসেম্বর পর্যন্ত, ভারতের পুনর্নবীকরণযোগ্য শক্তি সক্ষমতায় অবদান রাখা বৃহত্তম রাজ্য কোনটি — গুজরাত।

২৯। 'থালওয়েগ মতবাদ' কীসের সঙ্গে সম্পর্কিত — জলাশয় (এটি আন্তর্জাতিক আইনের একটি অংশ, যার লক্ষ্য হল জলসীমা বিরোধ সমাধান করা)।

## অর্থনীতি

৩০। 'ফিনান্সিয়াল টাইমস'এর একটি মর্যাদাপূর্ণ প্রকাশনা সংস্থা 'দ্য ব্যাঙ্কার'এর আয়োজিত 'ব্যাঙ্ক অফ দ্য ইয়ার অ্যাওয়ার্ডস ২০২৫ - এশিয়া প্যাসিফিক'এ, 'ভারতের সেরা ব্যাঙ্ক' পুরস্কারে ভূষিত হল কোন ব্যাঙ্ক — ব্যাঙ্ক অফ বরোদা।

৩১। তামিলনাড়ুর চেন্নাই মেট্রো সম্প্রসারণের জন্য মোট কত ডলার ঋণ অনুমোদন করল 'এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক' — ২৪০ মিলিয়ন মার্কিন ডলার।

৩২। 'ভারতীয় স্টেট ব্যাঙ্ক'এর ম্যানেজিং ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন কে — রবি রঞ্জন।

৩৩। 'ফোর্বস বিলিওনেয়রস ইনডেক্স' অনুসারে, বিশ্বের প্রথম ব্যক্তি হিসাবে ৭০০ বিলিয়ন ডলারের বেশি সম্পত্তির মালিক হলেন কে — 'টেসলা'র সিইও এলন মাস্ক (২০ ডিসেম্বর রাতে মাস্কের মোট সম্পত্তির মূল্য দাঁড়ায় প্রায় ৭৪৯ বিলিয়ন ডলার)।

৩৪। কেন্দ্রীয় সরকারের সাম্প্রতিক প্রতিবেদন অনুযায়ী, জাপানকে ছাড়িয়ে বিশ্বের কততম অর্থনীতিতে পরিণত হয়েছে ভারত — চতুর্থ (ভারতীয় অর্থনীতির মূল্য এখন ৪.১৮ ট্রিলিয়ন ডলার)।

## সাম্প্রতিক ঘটনা

৩৫। বিশ্বের প্রথম দেশ হিসাবে ট্র্যাডিশনাল নলেজ ডিজিটাল লাইব্রেরি চালু করল কারা — ভারত (এই গুরুত্বপূর্ণ পদক্ষেপের লক্ষ্য হল, কৃত্রিম বুদ্ধিমত্তার মতো আধুনিক ডিজিটাল সরঞ্জাম ব্যবহার করে ভারতের সমৃদ্ধ ঐতিহ্যবাহী ওষুধ ব্যবস্থাকে রক্ষা আর প্রচার করা)।

৩৬। 'ন্যাশনাল মেডিক্যাল কমিশন'এর চেয়ারপার্সন হিসাবে নিযুক্ত হলেন কে — ড.অভিজাত শেঠ।

৩৭। 'রেলওয়ে প্রোটেকশন ফোর্স'এর প্রথম মহিলা ডিরেক্টর



জেনারেল হিসাবে নিযুক্ত হলেন কে — সোনালি মিশ্র।

৩৮। 'সেন্টার ফর রিসার্চ অন এনার্জি অ্যান্ড ক্লিন এয়ার'এর একটি নতুন বিশ্লেষণ অনুযায়ী, ২০২৫ সালের জানুয়ারি থেকে জুন পর্যন্ত ভারতের সবথেকে দূষিত শহর কোনটি — অসম-মেঘালয় সীমান্তে অবস্থিত শহর বাইরনিহাট।

৩৯। সম্প্রতি প্রয়াত মুহাম্মদু বুহারি (৮২ বছর) কোন দেশের প্রাক্তন প্রেসিডেন্ট ছিলেন — নাইজেরিয়া (২০২৫ সালের ১৩ জুলাই মারা যান তিনি)।

৪০। সম্প্রতি প্রয়াত বি.সরোজা দেবী (৮৭ বছর) কে ছিলেন — অভিনেত্রী (২০২৫ সালের ১৪ জুলাই মারা যান তিনি)।

৪১। সম্প্রতি প্রয়াত কোটা শ্রীনিবাস রাও (৮৩ বছর) কোন ভাষার চলচ্চিত্রাভিনেতা ছিলেন — তেলুগু (২০২৫ সালের ১৩ জুলাই মারা যান তিনি)।

৪২। ভারতের প্রথম রাজ্য হিসাবে, 'ক্রুজ ভারত মিশন'এ যোগ দিল কারা — গুজরাত।

৪৩। উরুগুয়েতে, ভারতের পরবর্তী রাষ্ট্রদূত হিসাবে নিযুক্ত হলেন কে — অজনীশ কুমার।

৪৪। ভারতের প্রথম ডিজিটাল যাযাবর গ্রাম কোনটি — সিকিমের প্যাকিয়ং জেলার ইয়াকতেন গ্রাম।

৪৫। ২০২৪-'২৫ সালের তথ্য অনুসারে, ভারতের মধ্যে প্রক্রিয়াজাত আলু উৎপাদনে শীর্ষে স্থান পেল কোন রাজ্য — গুজরাত (২০২৪-'২৫ সালে রাজ্যটি ৪৮.৫৯ লাখ টন আলু উৎপাদন করেছিল, যার ২৫ শতাংশেরও বেশি প্রক্রিয়াজাতকরণের জন্য ব্যবহৃত হয়েছিল)।

৪৬। কর্ণাটকের শিবমোগা জেলায়, ভারতের দ্বিতীয় দীর্ঘতম কেবল-স্টেইড সেতুর উদ্বোধন করেন কে — কেন্দ্রীয় মন্ত্রী নীতিন গডকরি (এটির নাম 'সিগান্দুর' সেতু)।

৪৭। মান্ডোভি নদীতে, ভারতের প্রথম রোরো (রোল-অন/রোল-অফ) ফেরি পরিষেবা চালু করল কোন রাজ্য — গোয়া ('গঙ্গোত্রী' আর 'দ্বারকা' নামে এই নতুন ফেরিগুলি চোরাও দ্বীপ আর রিবন্দরের মধ্যে ভ্রমণকে দ্রুত আর সহজ করে তুলবে)।

৪৮। কোন রাজ্যে ভারতের প্রথম অ্যাকোয়া টেক পার্কের উদ্বোধন করা হয়েছে — অসম (এই পার্কটি মাছ চাষিদের অ্যাকোয়াপনিক্স, বায়োফ্লক আর বৈচিত্র্যময় মাছ চাষের মতো নতুন প্রযুক্তি সম্পর্কে জানতে সাহায্য করবে)।

৪৯। ভারতের কোন রাজ্যের মছলিপত্তনম বন্দর পুনরুজ্জীবিত হতে চলেছে — আন্ধ্রা প্রদেশ (কারণ, মাঙ্গিনাপুডি'তে একটি নতুন গ্রিনফিল্ড বন্দর তৈরি হচ্ছে)।

৫০। ভারতের কোন রাজ্যে ঐতিহ্যবাহী 'বেহদেইনখলাম উৎসব' হয়েছে — মেঘালয়।

৫১। গান্ধীনগরে 'জিফট সিটি'র ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে নিযুক্ত হলেন কে — সঞ্জয় কৌল।

৫২। ভারতের বিখ্যাত বিলাসবহুল ফ্যাশন হাউস 'সব্যসাচী কাউচার'এর চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে নিযুক্ত হলেন কে — মনীশ চোপড়া।

৫৩। যৌথভাবে ভারতের প্রথম দেশীয়ভাবে তৈরি উন্নত সাশ্রয়ী মূল্যের কার্বন ফাইবার কৃত্রিম পা উন্মোচন করল কোন দুই সংস্থা — 'ডিআরডিও' আর তেলেঙ্গানার 'এইমস বিবিনগর' (এই কৃত্রিম যন্ত্রটির নাম 'ADIDOC')।

৫৪। ভারতের প্রথম রাজ্য হিসাবে, পশুপালন আর হাঁস-মুরগি পালনকে 'কৃষিক্ষেত্র'এর মর্যাদা দিল কারা — মহারাষ্ট্র।

৫৫। বিলাসপুরের এসইসিএল সদরদফতরে বসন্ত বিহার ডিসপেনসারিতে, কোন সংস্থার প্রথম পুরোপুরি মহিলা পরিচালিত ডিসপেনসারির উদ্বোধন হল — কোল ইন্ডিয়া।

৫৬। ২০২৫ সালে 'পেন পিন্টার পুরস্কার' পেলেন কে — সুদানিজ-স্কটিশ লেখিকা লায়লা আবুলেলা (বিশ্বাস,



অভিবাসন আর মুসলিম নারীদের জীবন নিয়ে তাঁর শক্তিশালী লেখার স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি)।

৫৭। জনপ্রিয় ভারতীয় খাবারের পুষ্টিগুণ সম্পর্কে সচেতনতা বাড়ানোর জন্য, একটি নতুন প্রচারাভিযান শুরু করল কোন কেন্দ্রীয় মন্ত্রক — স্বাস্থ্য মন্ত্রক (এই উদ্যোগের লক্ষ্য হল, খাবারে থাকা চিনি, ফ্যাট আর তেলের কারণে তৈরি হওয়া স্বাস্থ্য সমস্যা কমানো আর মানুষকে স্বাস্থ্যকর খাবার খেতে উদ্বুদ্ধ করা, যাতে রোগ নিয়ন্ত্রণ করা যায়)।

৫৮। ভারতীয় সেনাবাহিনীর রাম ডিভিশন উত্তর প্রদেশের মিরাটের খাড়গা কর্পস ফিল্ড ট্রেনিং এরিয়ায় কোন শক্তিশালী সামরিক প্রদর্শনী পরিচালনা করেছে — প্রচণ্ড শক্তি।

৫৯। ২০২৫-'২৬ সাল থেকে কত বছরের জন্য 'প্রধানমন্ত্রী ধন-ধান্য কৃষি যোজনা'য় অনুমোদন দিল কেন্দ্রীয় মন্ত্রিসভা — ৬ বছর।

৬০। ভারতের প্রথম রাজ্য হিসাবে 'ট্রাইবাল জিনোম সিকোয়েন্সিং প্রকল্প' চালু করল কারা — গুজরাত (এই প্রকল্পের লক্ষ্য হল, আদিবাসী সম্প্রদায়ের মধ্যে হওয়া রোগগুলি সম্পর্কে বোঝা আর তাঁদের উন্নতমানের চিকিৎসা দেওয়া)।

৬১। অসমের ডিব্রুগড় জেলায় হাইড্রোকার্বনের খোঁজ পেল কোন সংস্থা — অয়েল ইন্ডিয়া লিমিটেড (নামরূপ বোরহাট-১ কূপে এই হাইড্রোকার্বনের খোঁজ পেয়েছে সংস্থাটি)।

৬২। কোথায় নিজেদের প্রথম ভারতীয় বিপণি উদ্বোধন করল মার্কিনি বৈদ্যুতিন গাড়ি প্রস্তুতকারক সংস্থা 'টেসলা' — মুম্বই (ওয়াই মডেলের বৈদ্যুতিক গাড়ি ভারতীয় বাজারে আনছে 'টেসলা')।

৬৩। কোন দেশের বিজ্ঞানীরা বিশ্বের সবথেকে হালকা পোকামাকড়ের মস্তিষ্ক নিয়ন্ত্রক যন্ত্র তৈরি করেছেন — চিন (মাত্র ৭৪ মিলিগ্রাম ওজনের এই চিপটি এখনও পর্যন্ত তৈরি সবথেকে হালকা পোকামাকড়ের মস্তিষ্ক নিয়ন্ত্রক যন্ত্র, যা একটি জীবন্ত মৌমাছির উড়ান পরিচালনা করতে পারে)।

৬৪। ভারতের কোন রাজ্যের 'লুংফুন রোপুই'কে একটি জাতীয় গুরুত্বের স্মৃতিস্তম্ভ হিসাবে মনোনীত করল 'আর্কিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া' — মিজোরাম।

৬৫। 'প্রধানমন্ত্রী উর্জা গঙ্গা' প্রকল্পের জগদীশপুর-হলদিয়া আর বোকারো-ধামরা পাইপলাইন অংশের আনুষ্ঠানিক উদ্বোধন করলেন কে — প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

৬৬। রাজস্থানের ফালোদি জেলার বাপ শহরে, 'জেলেস্ট্রা ইন্ডিয়া'র মাধ্যমে তৈরি ৪৩৫ মেগাওয়াট গর্বিয়া সৌর বিদ্যুৎ প্রকল্পের উদ্বোধন করলেন কে — কেন্দ্রীয় নতুন ও পুনর্নবীকরণযোগ্য জ্বালানি মন্ত্রী প্রহ্লাদ যোশী।

## খেলাধূলা

৬৭। মহিলাদের জন্য প্রথম আইপিএল-ধাঁচের টোয়েন্টি-২০ ক্রিকেট চ্যাম্পিয়নশিপ কোথায় হয়েছে — বেঙ্গালউরু।

৬৮। পাইনহার্স্ট ভিলেজে, 'ইউএস কিডস ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপ গল্ফ'এ চ্যাম্পিয়ন হল কে — ভারতের বেদিকা বনসালি (মেয়েদের ৯ বছর বয়সি বিভাগে এই খেতাব জিতেছে সে)।

৬৯। ২০২৫ সালে কাজাখ-ই-স্তানের আলমাটিতে, 'কোসানোভ মেমোরিয়াল অ্যাথলেটিক্স মিট'এ পুরুষদের ট্রিপল জাম্প শিরোপা জিতলেন কে — ভারতীয় ক্রীড়াবিদ তথা এশিয়ান চ্যাম্পিয়ন আবদুল্লাহ আবুবকর (১৬.০৮ মিটার সর্বোচ্চ লাফ দিয়ে এই খেতাব জিতেছেন তিনি)।

৭০। ২০২৭ সালে অষ্টম 'কমনওয়েলথ যুব গেমস' আয়োজন করবে কোন দেশ — মাল্টা।

৭১। 'মুম্বই ক্রিকেট অ্যাসোসিয়েশন' জাদুঘরের প্রবেশপথে কাদের পূর্ণাঙ্গ মূর্তি স্থাপন করা হয়েছে — কিংবদন্তি ভারতীয় ব্যাটসম্যান সুনীল গাভাস্কার আর অভিজ্ঞ ক্রিকেট প্রশাসক শরদ পাওয়ার।

৭২। ২০২৫ সালে 'অনূর্ধ্ব-১৭ বিশ্ব কুস্তি চ্যাম্পিয়নশিপ'এ ভারতীয় মহিলা কুস্তিগিররা মোট ক'টি পদক পেয়েছেন — ৫টি (২টি সোনা, ২টি রুপো আর ১টি ব্রঞ্জ পদক)।

৭৩। ভারতীয় পুরুষ জাতীয় ফুটবল দলের নতুন প্রধান কোচ হিসাবে নিযুক্ত



হলেন কে — খালিদ জামিল।

৭৪। ২০২৫ সালে প্রথম 'চেজ ইস্পোর্টস বিশ্বকাপ' জিতলেন কে — ম্যাগনাস কার্লসেন।

৭৫। ২০২৫ সালে 'হাঙ্গেরিয়ান গ্র্যাঁ প্রি' জিতলেন কে — ল্যান্ডো নরিস।

৭৬। ২০২৫ সালে 'ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপ অফ লেজেন্ডস' শিরোপা জিতল কোন দল — সাউথ আফ্রিকা চ্যাম্পিয়ন্স (পাক-ই-স্তান চ্যাম্পিয়ন্স'কে ৯ উইকেটে হারিয়ে)।

**সঙ্কলক : পলি দেওয়ান**

## কেন্দ্রের সেরা সেরা পদে

১ পাতার পর

চাকরি হবে এইসব ক্যাডারে : (১) ইন্ডিয়ান অ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিস, (২) ইন্ডিয়ান ফরেন সার্ভিস, (৩) ইন্ডিয়ান পুলিশ সার্ভিস, (৪) পি অ্যান্ড টি অ্যাকাউন্টস অ্যান্ড ফিনান্স সার্ভিস-গ্রুপ-A, (৫) ইন্ডিয়ান অডিট অ্যান্ড অ্যাকাউন্ট সার্ভিস-গ্রুপ-A, (৬) ইন্ডিয়ান ডিফেন্স অ্যাকাউন্টস সার্ভিস -গ্রুপ-A, (৭) ইন্ডিয়ান রেভিনিউ সার্ভিস (আই.টি.)-গ্রুপ-A, (৮) ইন্ডিয়ান সিভিল অ্যাকাউন্টস সার্ভিস-গ্রুপ - A, (৯) ইন্ডিয়ান পোস্টাল সার্ভিস - গ্রুপ -A, (১০) ইন্ডিয়ান রেলওয়ে প্রোটেকশন ফোর্স সার্ভিস - গ্রুপ-A, (১১) ইন্ডিয়ান ডিফেন্স এস্টেটস সার্ভিস- গ্রুপ -A, (১২) ইন্ডিয়ান ইনফর্মেশন সার্ভিস (জুনিয়র গ্রেড)- গ্রুপ -A, (১৩) ইন্ডিয়ান ট্রেড সার্ভিস- গ্রুপ-A, (১৪) ইন্ডিয়ান কর্পোরেট ল' সার্ভিস- গ্রুপ-A, (১৫) আর্মড ফোর্সেস হেড কোয়ার্টার্স সিভিল- গ্রুপ-B, (১৬) ইন্ডিয়ান রেলওয়ে ম্যানেজমেন্ট সার্ভিস (ট্র্যাফিক) সার্ভিস- গ্রুপ-A, (১৭) দিল্লি ও আন্দামান নিকোবর দ্বীপপুঞ্জের সিভিল সার্ভিস - গ্রুপ-B, (১৮) দিল্লি ও আন্দামান নিকোবর দ্বীপপুঞ্জের পুলিশ সার্ভিস, গ্রুপ -B. (১৯) পুদুচেরি সিভিল সার্ভিস, গ্রুপ -B, (২০) পুদুচেরি পুলিশ সার্ভিস, গ্রুপ-বি, (২১) ইন্ডিয়ান রেলওয়ে ম্যানেজমেন্ট সার্ভিস, গ্রুপ-A। এই পদের বিজ্ঞপ্তি নং : 05/2026-CSE, dated : 04.02.2026.

প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাব্লিক সার্ভিস কমিশন। ২০২৬ সালের সিভিল সার্ভিসেস পরীক্ষার মাধ্যমে। প্রথমে হবে প্রিলিমিনারি পরীক্ষা, ২৪ মে। এইসব কেন্দ্রে : কলকাতা, শিলিগুড়ি, কটক, গ্যাংটক, রাঁচি, পটনা, দিসপুর (গুয়াহাটি), ত্রিপুরা, আগরতলা, আইজল, শিলঙ ও পোর্ট ব্লেয়ারে।

প্রিলিমিনারি পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের মোট ৪০০ নম্বরের ২টি পেপারের পরীক্ষা হবে। প্রথম পেপারে থাকবে এইসব বিষয় : (১) জাতীয় ও আন্তর্জাতিক বিষয়ের ওপর সাম্প্রতিক ঘটনা, (২) ভারতীয় ইতিহাস ও ভারতের স্বাধীনতা সংগ্রাম, (৩) ভারতীয় ও বিশ্বের ভূগোল — শারীরিক, সামাজিক, অর্থনৈতিক ভূগোল, (৪) ভারতীয় রাষ্ট্রনীতি ও তাৎপর্য — সংবিধান, পলিটিক্যাল সিস্টেম, পঞ্চায়েতী রাজ, পাবলিক পলিসি, অধিকার ইত্যাদি, (৫) অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন — দীর্ঘস্থায়ী উন্নয়ন, দারিদ্র, অন্তর্ভুক্তিকরণ, প্রাকৃতিক বৈচিত্র্য, সামাজিক ক্ষেত্রে উদ্যোগ (৬) পরিবেশগত ভারসাম্য, আবহাওয়ার পরিবর্তন ও জীব বৈচিত্র্য বিষয়ক (৭) সাধারণ বিজ্ঞান।

দ্বিতীয় পেপারে থাকবে এইসব বিষয় : (১) কমপ্রিহেনশন, (২) জনসংযোগ দক্ষতা-সহ ব্যক্তিত্ব দক্ষতা, (৩) লজিক্যাল রিজনিং ও অ্যানালিটিক্যাল এবিলিটি, (৪) সিদ্ধান্ত নেওয়া ও সমস্যার সমাধান, (৫) জেনারেল মেন্টাল এবিলিটি, (৬) বেসিক নিউমারেসি (সংখ্যা ও তার সম্পর্ক, দ্রাঘিমাংশ) (মাধ্যমিক লেভেল), ডাটা ইন্টারপ্রিটেশন (চার্ট, গ্রাফ, টেবিল, ডাটা স্যাফিসিয়েন্সি - মাধ্যমিক লেভেল), (৭) ইংলিশ ল্যাঙ্গোয়েজ কম্প্রিহেনশন স্কিল (মাধ্যমিক লেভেল)। প্রতিটি পেপারে ২০০ নম্বরের পরীক্ষা হবে। সময় থাকবে ২ ঘন্টা। প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। এই পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.৩৩ নম্বর কাটা হবে। প্রিলিমিনারি পরীক্ষায় সফল হলে মোট শূন্যপদের ১২-১৩ গুণ প্রার্থীকে মেন পরীক্ষার জন্য ডাকা হবে।

মেন পরীক্ষায় থাকবে মোট ২,৬২৫ নম্বর (কোয়ালিফাইং পেপার ৬০০ নম্বর, মেধাভিত্তিক ১,৭৫০ নম্বরের ৭টি পেপার, পার্সোন্যালিটি টেস্ট ২৭৫ নম্বর)।

৬০০ নম্বরের কোয়ালিফাইং পেপার আছে এই ২টি : (১) প্রথম পত্র : ভারতীয় ভাষার যে কোনো একটি ভাষা পেপার - ৩০০ নম্বর, (২) দ্বিতীয় পত্র : ইংরিজি - ৩০০ নম্বর।

এছাড়াও মেধা ভিত্তিক পেপারগুলি হল : (১) প্রথম পত্র : প্রবন্ধ লেখা -২৫০ নম্বর, (২) দ্বিতীয় পত্র : জেনারেল স্টাডিজ-। (ভারতীয় ঐতিহ্য ও সংস্কৃতি, বিশ্বের ভূগোল ও বিশ্বের ইতিহাস) - ২৫০ নম্বর, (৩) তৃতীয় পত্র : জেনারেল স্টাডিজ -।। (সংবিধান, রাষ্ট্রনীতি, সামাজিক বিচার ও আন্তর্জাতিক সম্পর্ক) - ২৫০ নম্বর, (৪) চতুর্থ পত্র : জেনারেল স্টাডিজ -।।। (প্রযুক্তি, অর্থনৈতিক উন্নয়ন, বায়ো-ডাইভার্সিটি, এনভায়রনমেন্ট, সিকিউরিটি অ্যান্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট) - ২৫০ নম্বর, (৫) পঞ্চম পত্র : জেনারেল স্টাডিজ - IV (এথিক্স, ইন্টিগ্রিটি ও অ্যাপ্টিটিউড) - ২৫০ নম্বর, (৬) ষষ্ঠ পত্র : ঐচ্ছিক বিষয়ের প্রথম পত্র -২৫০ নম্বর। (৭) সপ্তম পত্র : ঐচ্ছিক বিষয়ের দ্বিতীয় পত্র -২৫০ নম্বর।

মেনস-এ ৯টি পেপারের পরীক্ষা হবে ডেসক্রিপ্টিভ টাইপের।

ঐচ্ছিক বিষয় বাছতে হবে এইসব বিষয় থেকে : অ্যাগ্রিকালচার, অ্যানিম্যাল হাজবেন্ড্রি অ্যান্ড ভেটেরিনারি সায়েন্স, অ্যানথ্রোপলজি, বটানি, কেমিস্ট্রি, সিভিল ইঞ্জিনিয়ারিং, কমার্স অ্যান্ড অ্যাকাউন্ট্যান্সি, অর্থনীতি, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ভূগোল, জিওলজি, ইতিহাস, আইন, ম্যানেজমেন্ট, অঙ্ক, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেডিক্যাল সায়েন্স, দর্শন, ফিজিক্স, রাষ্ট্রবিজ্ঞান ও ইন্টারন্যাশনাল রিলেশন্স, সাইকোলজি, পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন, সোশিওলজি, জুলজি, স্ট্যাটিস্টিক্স। উত্তর দিতে পারবেন বাংলা, ইংরিজি, আসামী, ওড়িয়া, দেবনাগরী বা, অলচিকি ভাষা-সহ অন্যান্য ২২টি আঞ্চলিক ভাষায়। ঐচ্ছিক বিষয়ের প্রতিটিতে থাকবে ৩ ঘন্টা সময়।

ঐচ্ছিক বিষয় হিসাবে এই কম্বিনেশন বিষয় নিতে পারবেন না : (১) রাষ্ট্রবিজ্ঞান অ্যান্ড ইন্টারন্যাশনাল রিলেশন্স ও পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন, (২) কমার্স অ্যান্ড অ্যাকাউন্ট্যান্সি আর ম্যানেজমেন্ট, (৩) অ্যানথ্রোপলজি ও সোশিওলজি, (৪) অঙ্ক ও স্ট্যাটিস্টিক্স, (৫) অ্যাগ্রিকালচার ও অ্যানিম্যাল হাজবেন্ড্রি অ্যান্ড ভেটেরিনারি সায়েন্স, (৬) ম্যানেজমেন্ট অ্যান্ড পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন, (৭) সিভিল, ইলেক্ট্রিক্যাল ও মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (একটির বেশি বিষয় নয়), (৮) অ্যানিম্যাল হাজবেন্ড্রি অ্যান্ড ভেটেরিনারি সায়েন্স ও মেডিক্যাল সায়েন্স।

'মেন' পরীক্ষায় সফল হলে ২৭৫ নম্বরের ইন্টারভিউ। চূড়ান্ত তালিকা তৈরির সময় প্রিলিমিনারি পরীক্ষায় পাওয়া নম্বর ধরা হবে না।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৪ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : https://www.upsconline.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাসপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান (৪০ কে.বি.'র বেশি হবে না, এর মধ্যে ফটো ৩০ কে.বি. ও সিগনেচার ১০ কে.বি. হতে হবে) করে নিয়ে যাবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে পরীক্ষা ফী বাবদ ১০০ (তপশিলী, প্রতিবন্ধী ও মহিলাদের ফী লাগবে না) টাকা স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার কোনো শাখায় নগদে জমা দিতে পারবেন ২৪ ফেব্রুয়ারির মধ্যে। এছাড়াও নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে কিংবা ভিসা বা, মাস্টার ক্রেডিট /ডেবিট কার্ডে জমা দিতে পারবেন, ২৪ ফেব্রুয়ারির মধ্যে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## সিল্ক বোর্ডে ২৮ সায়েন্টিস্ট

১ পাতার পর

পাবেন। মূল মাইনে : ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা। ২০২৫ সালের 'গেট' পরীক্ষায় স্কোর করে থাকতে হবে। শূন্যপদ : ২৮টি (জেনাঃ ১১, ই.ডব্লু.এস. ৩, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ৫)। এই পদের বিজ্ঞপ্তি নং : CSB/02/ 2024.

প্রার্থী বাছাই হবে ২০২৫ সালের 'গেট' পরীক্ষায় পাওয়া স্কোর দেখে। এরপর হবে ইন্টারভিউ।

দরখাস্ত করবেন অনলাইনে ১৮ ফেব্রুয়ারির মধ্যে, এই ওয়েবসাইটে : www.csb.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেট, 'গেট-২০২৫' স্কোর কার্ড, পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার ইত্যাদি স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন পরীক্ষা ফী বাবদ ১,০০০ (তপশিলী, প্রতিবন্ধী, মহিলা হলে ফী লাগবে না) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন প্রিন্ট করে নেবেন।




Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com